চালু হল
‘দুরন্ত বার্তা’
অ্যাপ
ডাউনলোড করুন
প্লে-স্টোর থেকে

দুরন্ত বার্তা

সুচিকিৎসা
মাসিক স্বাস্থ্য পত্রিকা
দামঃ ১৫ টাকা
পত্রিকা সংগ্রহ করতে আজই নিকটবর্তী এজেন্টের সাথে যোগাযোগ করুন।

১ ইন্টারনেট সংস্করণ http://durantbarta.com কলকাতা Volume No. 28, Issue No.: 119 Friday, 31 March, 2023 ❋ ২৮ বর্ষ, ১১৯ সংখ্যা ❋ ১৬ চৈত্র, ১৪২৯, শুক্রবার, ৩১ মার্চ, ২০২৩ ❋ আজ ৮ পাতা ❋ মূল্য– ৩ টাকা

‘১ তারিখে মাইনে পান, পেনশন পান, আর কী চাই’

ডিএ আন্দোলনকারীদের বললেন মমতা

দুরন্ত বার্তা, কলকাতা, ৩০ মার্চঃ মহার্ঘ ভাতার দাবিতে আন্দোলন ক্রমশ বড় আকার নিয়েছে। মুখ্যমন্ত্রীর মন্তব্যের জেরে ঝাঁঝ বেড়েছে আরও। বৃহস্পতিবার আন্দোলনকারীদের মঞ্চে যখন সুর চড়াচ্ছেন বিকাশ ভট্টাচার্য, সুজন চক্রবর্তীরা, তখন অদূরে ধরনা মঞ্চ থেকে মুখ্যমন্ত্রী মমতা বললেন ‘সাইলেন্স প্লিজ’। সরকারি কর্মীদের কার্যত চুপ করে যেতে বললেন তিনি। তাঁর যুক্তি, সরকারি কর্মীরা মাসের ১ তারিখে বেতন পান, অবসরপ্রাপ্তরা পেনশনও পান। মমতার প্রশ্ন, আর কী চাই? বুধবারই মমতা দাবি করেছিলেন, ডিএ আন্দোলনের মঞ্চে যাঁরা আছেন, তাঁরা চিরকুটে চাকরি পেয়েছিলেন। তাঁদের ‘চোর-ডাকাত’ বলেও কটাক্ষ করেছিলেন মমতা। তারই প্রতিবাদে বৃহস্পতিবার মহামিছিল করেন আন্দোলনকারীরা। এবার ফের ডিএ আন্দোলনকারীদের কটাক্ষ করলেন মুখ্যমন্ত্রী। আন্দোলনকারীরা বারবার কর্মবিরতির পথে যাওয়ার হুঁশিয়ারি দিয়েছেন। এই প্রসঙ্গ টেনে মমতা বলেন, ‘‘ওরা বলছে পেন ডাউন করব, কাজে আসব না। হাতে গোনা কয়েকটা লোক এই কাজটা করছে। জনগণের টাকা নিয়ে পেন ডাউন? আমি বলছি, সাইলেন্স প্লিজ।’’ এরপরই আন্দোলনকারীদের উদ্দেশে মমতা বলেন, ‘‘আগে তো ১ তারিখে মাইনেও পেতেন না। এখন ১ তারিখে পেনশন পান।’’ ফের একবার চিরকুটে চাকরি হয়েছে বলে তোপ দাগেন আন্দোলনকারীদের। তিনি বলেন, ‘‘চিরকুটে চাকরি পেয়ে ৫৫-৬০ হাজার টাকা পেনশন পায়। টাকা নিচ্ছে, পেনশন নিচ্ছে আরও চাই? আমরা রাজ্য সরকারের তরফে ১০৬

শতাংশ ডিএ দিয়েছি। এটা দেওয়ার কথা নয়। কেন্দ্রের চাকরি করতে গিয়েছ, যাও।’’ এই প্রসঙ্গেই বাম-বিজেপির যোগসাজশের অভিযোগ তোলেন মুখ্যমন্ত্রী। আন্দোলনকারীদের বলেন, ‘‘বিজেপির ঝান্ডা নিলে কি বিজেপি তোমাকে ডিএ পাইয়ে দেবে। ত্রিপুরায় দেবে বলেছিল। দিতে পারেনি।’’ মমতার এই মন্তব্যের পর এক আন্দোলনকারী বলেন, ‘‘আমরা এসবে অভ্যস্ত হয়ে গেছি। উনি জানেন না। জানলেও ভুল বলেন। কেন্দ্রের যে ফান্ড থেকে বেতন হয়, তাতে কোনও বকেয়া নেই। ভুল বললে আমাদের নামে মামলা করা হোক। আর পেনশন বেতনের অংশ, ডিএ বেতনের অংশ, এটা উচ্ছিষ্ট নয়। উনি এসে বলুন কী সমস্যা আমরা মিটিয়ে নেব। আমাদের নায্য বেতন চাই, ১ তারিখ হোক বা ১৫ তারিখ।’’ ধরনামঞ্চ থেকে এদিন জনতাকে জোট বাঁধার ডাক দিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। কেন্দ্রের বঞ্চনার বিরুদ্ধে সোচ্চার হয়ে তিনি বলেন, ‘‘নেতাজি, গান্ধিজি, মণীষীদের ছবি হাতে নিয়ে, আমরাও দিল্লি যেতে পারি। চলো দিল্লি। ভাড়া করে ট্রেনে যাব। সংরক্ষণ না দিলে, মানুষ জবাব দেবে।’’ মমতা এদিন বলেন, ‘‘ভেবেছিলাম কেন্দ্রীয় সরকার ভদ্রতার সঙ্গে যোগাযোগ করবে। বলবে তোমাদের প্রাপ্য টাকা দেব। বাংলাকে বঞ্চিত করার জন্য, ফেডারেল স্ট্রাকচারকে ধ্বংস করা হয়েছে। দেশের সব কিছু বিক্রি করার জন্য, দেশটা পুরো বিক্রি করে দেওয়া হয়েছে। মাত্র ৩-৪ জনকে সুবিধা করে দেওয়া হচ্ছে। মানুষ লাইফ ইনসিওরেন্স পাবে না। বিরোধী দলকে কলঙ্কিত করছে। সাংবাদিকদের খবর করতে দেওয়া হচ্ছে না। গণতন্ত্রের চারটি স্তম্ভ। মিডিয়া সত্য কাহিনি তুলে ধরবে। ফেডারেল স্ট্রাকচার ভেঙে দেওয়া হয়েছে। বাংলায় ১৬০ কেন্দ্রীয় দল পাঠিয়েছে। বাংলায় টাকা দেওয়া বন্ধ করে দিয়েছে। জিএসটিতে টাকা কাটছে। জিএসটি ট্যাক্স নিয়ে গিয়ে আমাদের যা প্রাপ্য তা সব কেন্দ্র নিয়ে যাচ্ছে। আমরা প্রাপ্য পাচ্ছি না।’’ মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় আরও বলেন, ‘‘আমি প্রধানমন্ত্রীর সঙ্গে তিন বার দেখা করে এসেছি। সৌজন্য দেখিয়ে দেখা করেছি। যাতে আমাকে ঝগড়ুটে না বলতে পারে। আমরা আন্দোলন করেছি, ধরনা করেছি, মন্ত্রীদের চিঠি দিয়েছি। যা পেতাম, তাও বাদ। হরেকরকম্বা। নেই কাজ তো খই ভাজ। কোন অধিকারে বাংলার অধিকার কেড়ে নেওয়া হয়?’’

সুপ্রিম কোর্টের বিচারপতি বলে কি যা ইচ্ছা তাই করা যায়?

প্রশ্ন বিচারপতি গঙ্গোপাধ্যায়ের

দুরন্ত বার্তা, কলকাতা, ৩০ মার্চঃ প্রাথমিক শিক্ষক নিয়োগ দুর্নীতির মামলায় ২০২০ সালের নিয়োগ প্রক্রিয়ার উপর সিবিআই-ইডির যৌথ তদন্তের যে নির্দেশ কলকাতা হাইকোর্ট দিয়েছিল, তার উপর অন্তর্বর্তীকালীন স্থগিতাদেশ দিয়েছে সুপ্রিম কোর্ট। শীর্ষ আদালতের এই নির্দেশের পর প্রশ্ন তুললেন কলকাতা হাইকোর্টের বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়। বললেন, ‘‘স্পেশাল লিভ পিটিশন দাখিলই হল না। শুধুমাত্র ডায়েরি নম্বরের ভিত্তিতে তদন্তে স্থগিতাদেশ দিয়ে দেওয়া হল!’’ বিচারপতি গঙ্গোপাধ্যায়ের প্রশ্ন, ‘‘সুপ্রিম কোর্টের বিচারপতি বলে কি যা ইচ্ছা করা যায়? জমিদারি নাকি?’’ প্রসঙ্গত, ২০২০ সালের প্রাথমিকে নিয়োগ প্রক্রিয়ার উপর গত ২ মার্চ সিবিআই ও ইডির যৌথ তদন্তের নির্দেশ দিয়েছিল হাইকোর্টেরে বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়ের একক বেঞ্চ। প্রসঙ্গত, গতকাল সুপ্রিম কোর্টে রাজ্যের এসএসসি নবম দশম

শ্রেণির শিক্ষকদের নিয়োগ সংক্রান্ত একটি মামলায় আবেদনকারীদের আইনজীবী মুকুল রোহাতগি প্রশ্ন তুলেছিলেন, ‘‘কারও বক্তব্য না শুনে কীভাবে পাঁচ হাজার লোকের চাকরি খারিজ করলেন কলকাতা হাইকোর্টের বিচারপতি?’’ বিচারপতির টেলিভিশনে সাক্ষাৎকার দেওয়া নিয়েও প্রশ্ন তুলেছিলেন সুপ্রিম কোর্টের আইনজীবী। এবার বৃহস্পতিবার কলকাতা হাইকোর্টে শিক্ষা সংক্রান্ত একটি মামলা চলাকালীন সুপ্রিম কোর্টের আইনজীবীর মন্তব্যের প্রসঙ্গ ওঠে। সেই সময়েই গতকাল সুপ্রিম কোর্টের থেকে ইডি-সিবিআই তদন্তে স্থগিতাদেশ দেওয়া নিয়ে প্রশ্ন তুললেন বিচারপতি গঙ্গোপাধ্যায়। উল্লেখ্য, কলকাতা হাইকোর্ট থেকে ২০২০ সালের প্রাথমিকে নিয়োগ প্রক্রিয়া খতিয়ে দেখতে ইডি-সিবিআই তদন্তের নির্দেশ দেওয়া হয়েছিল। ঘটনাটি ২০১৪ সালের টেটে পরীক্ষার। ২০১৪ সালের টেটের ফলাফলের ভিত্তিতে ২০২০ সালে নিয়োগ তালিকা প্রকাশ করা হয়েছিল। সেই নিয়োগ প্রক্রিয়া যথাযথ নিয়ম মেনে হয়েছিল কি না, সেটিই খতিয়ে দেখার জন্য ইডি ও সিবিআইকে নির্দেশ দিয়েছিল কলকাতা হাইকোর্টের বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়ের একক বেঞ্চ। কিন্তু বুধবার সেই ইডি-সিবিআই তদন্তের উপর অন্তর্বর্তী স্থগিতাদেশ দিয়েছে শীর্ষ আদালতের বিচারপতি দীনেশ মাহেশ্বরীর বেঞ্চ।

‘জানিয়ে দিন এই তদন্ত আপনাদের দ্বারা হবে না’, সিবিআই-কে বিচারপতি

দুরন্ত বার্তা, কলকাতা, ৩০ মার্চঃ ‘ইয়ে ইনভেস্টিগেশন আপকি বস কি বাত নেহি হ্যায়’, এই ভাষাতেই কেন্দ্রীয় সংস্থা সিবিআই-কে ভর্ৎসনা করলেন বিশেষ সিবিআই আদালতের বিচারক রানা দাম। নিয়োগ দুর্নীতি সংক্রান্ত মামলায় সিবিআই ভাঙা রেকর্ড বাজাচ্ছে বলে আগেই মন্তব্য করেছিলেন বিচারক। বৃহস্পতিবার প্রাক্তন শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায় সহ মোট ১৪ জনকে আদালতে পেশ করা হলে ফের একবার তদন্তকারী সংস্থার কাজ নিয়ে প্রশ্ন তোলেন বিচারক। অভিযুক্তদের আইনজীবীরা যা বলছেন, সেটাই ঠিক। এমন মন্তব্যও করেছেন বিচারক। এদিন তদন্তে অসন্তোষ প্রকাশ করে বিচারক বলেন, ‘‘অভিযুক্তদের আইনজীবীরা তো ঠিকই বলছেন। সিবিআই তো সেন্ট্রাল ব্যুরো অফ ইনকমপিটেন্সি। আইনের কিছু জানে না।’’ সিবিআই-এর আইনজীবীদের তিনি আরও বলেন, ‘‘আপনারা হাইকোর্টে গিয়ে জানিয়ে দিন এই তদন্ত আপনাদের দ্বারা হবে না। ইয়ে ইনভেস্টিগেশন আপকি বস কি বাত নেহি হ্যায়।’’ বিচারক প্রশ্ন করেন, ‘‘আপনাদের এই যে রেকর্ড বেজেই চলেছে, আর কতদিন? কতদিন ধরে চলবে? নির্দিষ্ট সময় বেঁধে দিন।’’ জবাবে সিবিআই-এর আইনজীবী বলেন, ‘‘অনেক দালাল, অনেক লোক যুক্ত।’’ বিচারক বলেন, ‘‘যদি ধরে নিই এক হাজার জন যুক্ত। তাহলেও তদন্ত শেষ করতে হবে।’’ এদিন পার্থ চট্টোপাধ্যায়ের আইনজীবী পার্থর জামিনের আর্জি জানান। তিনি বলেন, ‘‘পার্থ পাঁচবারের বিধায়ক। তাঁর নাম এফআইআরে নেই। এই মামলায় বার বার তাকে মাস্টারমাইন্ড বলা হচ্ছে। তাহলে তো বলতে হবে কীভাবে। তার ব্যাপারে তদন্তকারী সংস্থাও কিছু বলছে না।’’ পর পর যে রিমান্ড লেটার দেওয়া হচ্ছে সেখানে তদন্তের কোনও অগ্রগতির উল্লেখ নেই বলেও দাবি করেন পার্থর আইনজীবী।

পথে বসা চাকরিপ্রার্থীদের এবার নতুন পথ! চলবে তিন দিন ধরে ‘লং মার্চ’

দুরন্ত বার্তা, কলকাতা, ৩০ মার্চঃ চাকরির দাবিতে এবার নজিরবিহীন প্রতিবাদ চাকরিপ্রার্থীদের। গ্রুপ ডি নিয়োগের দাবিতে অবস্থান, অনশনের পর এবার লং মার্চ। তিনদিন ধরে রাস্তায় হাঁটবেন চাকরিপ্রার্থীরা। ২০০ দিনেরও বেশি সময় ধরে নিয়োগের দাবিতে অবস্থান করেছেন তাঁরা। তাঁদের দাবি, অবস্থানে বসার পরও রাজ্য সরকারের নজর পড়েনি তাঁদের দিকে। তাই পথে নামতে বাধ্য হচ্ছেন তাঁরা। তিন দিন ধরে চলবে তাঁদের কর্মসূচি। ৩ থেকে ৫ মার্চ লং মার্চ করবেন প্রার্থীরা। বঞ্চনার অভিযোগ তুলে রাজ্য গ্রুপ-ডি চাকরি প্রার্থীরা শহিদ মাতঙ্গিনী হাজরা মূর্তির পাদদেশে ২১৯ দিনের বেশি সময় ধরে ধরনায় বসেছিলেন। এবার কলকাতা হাইকোর্টের তরফে অনুমতি পাওয়ার পরই দীর্ঘ পদযাত্রা বা লং মার্চ করছেন তাঁরা।

বিচারপতি রাজাশেখর মান্থা তাঁদের তিনদিনের পদযাত্রা করার অনুমতি দিয়েছে। তমলুক থেকে কলকাতায় শহিদ মিনার পর্যন্ত পদযাত্রা হবে। অর্থাৎ মিছিল এগোবে শহরতলি থেকে শহরের দিকে। তমলুকের হোগলায় শহিদ মাতঙ্গিনী হাজরার বাসভবন থেকে শুরু হবে পদযাত্রা। প্রথম দিন হোগলা থেকে বাগনান পর্যন্ত যাবে লং মার্চ। দ্বিতীয় দিন অর্থাৎ ৪ এপ্রিল বাগনান থেকে মিছিল যাবে ধুলাগড়। তৃতীয় দিন অর্থাৎ ৫ এপ্রিল ধুলাগড় থেকে শহিদ মিনার পৌঁছবেন আন্দোলনকারীরা। কর্মসূচির শেষ দিন অর্থাৎ শহিদ মিনারে পৌঁছনোর পর নবান্নে ডেপুটেশন দেবেন তাঁরা। মুখ্যমন্ত্রীর অধীনস্থ দফতরে গ্রুপ ডি পদেই নিয়োগের স্বচ্ছতা নিয়ে প্রশ্ন উঠেছে। সেই দাবিতেই দিনের পর দিন চলেছে আন্দোলন। প্রায় ৫ বছর ধরে নিয়োগের জন্য অপেক্ষা করছেন তাঁরা। ২০২২ সালে অবস্থান শুরু করেন এই চাকরি প্রার্থীরা। নবান্নের অধীন গ্রুপ ডি পদেই নিয়োগ নিয়ে এই আন্দোলন। কিছুদিন আগে খাঁচার মধ্যে বসে প্রতীকী প্রতিবাদও জানিয়েছিলেন এই আন্দোলনকারীরা। এবার তাঁরা আরও বৃহত্তর আন্দোলনের পথে হাঁটছেন।

সন্ত্রাসবাদীদের মেরুদণ্ড ভেঙে দিয়েছে সার্জিক্যাল স্ট্রাইক। রাজনাথ সিং

নয়াদিল্লি, ৩০ মার্চঃ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বে ভারতের নিয়ন্ত্রণ রেখা সম্পূর্ণ সুরক্ষিত। বৃহস্পতিবার নয়াদিল্লিতে এক অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে এমনই দাবি জানালেন কেন্দ্রীয় প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং। একইসঙ্গে তাঁর দাবি, সন্ত্রাসবাদীদের মেরুদণ্ড ভেঙে দিয়েছে সার্জিক্যাল স্ট্রাইক। চিন, পাকিস্তানের উদাহরণ টেনে তিনি আরও বলেন, ‘‘চিন অথবা পাকিস্তানের যতই অসৎ উদ্দেশ্য থাকুক না কেন, যখনই প্রয়োজন হয়েছে তখনই ভারতীয় সেনাবাহিনী পাল্টা জবাব দিয়েছে।’’ এদিন নয়াদিল্লিতে টেলিভিশন সংবাদমাধ্যমের তরফে ‘ইন্ডিয়া রাইজিং কনক্লেভ’-এর আয়োজন করা হয়। সেই কনক্লেভ-এ বক্তৃতা দিতে গিয়েই সন্ত্রাসবাদীদের বিরুদ্ধে কড়া বার্তা দেন প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং। সার্জিক্যাল স্ট্রাইক গোটা বিশ্বকে বড় বার্তা দিয়েছে জানিয়ে তিনি বলেন, ‘‘সন্ত্রাসবাদীদের মেরুদণ্ড ভেঙে দিয়েছে সার্জিক্যাল স্ট্রাইক। গোটা বিশ্বের কাছে ভারত একটা কড়া ও স্পষ্ট বার্তা পৌঁছে দিতে পেরেছে এবং এই স্ট্রাইক যেমন নিজের মাটিতে (সন্ত্রাসবাদের বিরুদ্ধে) করতে পারে এবং তেমন প্রয়োজনে (বিদেশ) মাটিতেও করতে পারে।’’ ভারতের একতা, অখণ্ডতা এবং সার্বভৌমত্বকে আঘাত করার চেষ্টা করলে তাকে রেহাই দেওয়া হবে না বলেও জানান প্রতিরক্ষামন্ত্রী। অন্যদিকে, এদিনের ‘ইন্ডিয়া রাইজিং কনক্লেভ’ অনুষ্ঠান প্রসঙ্গে রাজনাথ সিং বলেন, ‘‘এটা উদীয়মান ভারতের কনক্লেভ। ক্রমবর্ধমান ভারতের ধারণাকে বিভিন্ন মানুষ বিভিন্নভাবে বর্ণনা করেছেন। কিছু অর্থনীতিবিদ একে ভারতের ক্রমবর্ধমান অর্থনীতি হিসেবে দেখছে, আবার কিছু সমাজবিজ্ঞানী একে সামাজিক জীবনযাত্রার উন্নতি হিসেবে বর্ণনা করেন। কিছু রাষ্ট্রবিজ্ঞানী দেশের রাজনৈতিক স্থিতিশীলতা এবং গণতান্ত্রিক মূল্যবোধের শক্তিশালীকরণকে উদীয়মান ভারত বলে অভিহিত করেছেন।’’ একইসঙ্গে এপ্রসঙ্গে নাম না করে রাহুল গান্ধি থেকে বিরোধীদেরও একহাত নেন প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং। তিনি বলেন, ‘‘এর বিপরীতে কথা বলারও অনেক লোক রয়েছে এবং তাঁদের কাছে ভারতে গণতন্ত্র ক্ষয়ে যাচ্ছে বলে মনে হচ্ছে।’’ তবে এই ধরনের লোকের সংখ্যা খুবই কম বলেও জানান তিনি। ভারতের নিয়ন্ত্রণ রেখা সুরক্ষিত এবং সন্ত্রাসবাদীদের মেরুদণ্ড ভেঙে গিয়েছে বলেই কন্যাকুমারী থেকে কাশ্মীর ভারত জোড়ো যাত্রা করতে পেরেছেন এবং কোনও সমস্যার মুখে পড়েননি বলেও নাম না করে রাহুল গান্ধিকে তোপ দেগেছেন তিনি। বর্তমানে উত্তর-পূর্বাঞ্চলেও শান্তি ও স্থিতিশীলতা ফিরে এসেছে এবং উত্তর-পূর্ব দিল্লি ও ‘দিল’-এর কাছে এসেছেন বলেও দাবি জানান রাজনাথ সিং। তাঁর কথায়, ‘‘আমরা মর্যাদা, সাম্য এবং স্বাধীনতা দেওয়ার জন্য কাজ করেছি।’’

বিস্ফোরক কুন্তল

জোর করে, ভয় দেখিয়ে নেতাদের নাম বলানোর চেষ্টা করছে এজেন্সি

দুরন্ত বার্তা, কলকাতা, ৩০ মার্চঃ আপাতত জেল হেফাজতে কুন্তল ঘোষ। ২৭ এপ্রিল পর্যন্ত নিয়োগ দুর্নীতি কাণ্ডে ধৃত বহিষ্কৃত তৃণমূল নেতা কুন্তলের জেল হেফাজতের নির্দেশ দিয়েছে ইডি আদালত। বৃহস্পতিবার আদালতে ঢোকার মুখে বিস্ফোরক মন্তব্য কুন্তলের, তিনি বলেন, ‘‘জোর করে নেতাদের নাম বলাচ্ছে ইডি! বলপূর্বক জোর করে দলীয় নেতাদের নাম বলানোর চেষ্টা করছে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা।’’ সাংবাদিকরা তাঁকে প্রশ্ন করেন, অভিষেক বন্দ্যোপাধ্যায়ের নাম বলানোর চেষ্টা করছে? তাঁর উত্তর, ‘‘অবশ্যই অবশ্যই দলীয় নেতাদের নাম বলানোর চেষ্টা হচ্ছে।’’ আগেই অভিষেক বন্দ্যোপাধ্যায় বলেছেন, প্রমাণ ছাড়া কাউকে গ্রেফতার করা হলে তিনি পাশে দাঁড়াবেন। বৃহস্পতিবার প্রেসিডেন্সি জেল থেকে ব্যাঙ্কশাল আদালতে নিয়ে যাওয়া হয় কুন্তলকে। লক আপে নিয়ে যাওয়ার সময় সাংবাদিকরা তাঁর কাছে জানতে চান অভিষেকের বার্তা প্রসঙ্গে। উত্তরে কুন্তল বলেন, ‘‘অবশ্যই, অভিষেক বন্দ্যোপাধ্যায় বলে দেওয়া মানে আমাদের বুক চওড়া করা। কারণ, এজেন্সিরা ভয় দেখিয়ে আমাদের কাছ থেকে নেতাদের নাম বার করার চেষ্টা করছে। কিন্তু আমরা মা-মাটি-মানুষের দলের লোক, আমরা এই ধরনের ভয়কে পাত্তা দিই না।’’ এদিন আদালত থেকে বেরনোর সময় কুন্তল বলেন,

‘‘আমাদের ভয় দেখানো হয়েছে, চমকানো হয়েছে। মিথ্যা মামলায় ফাঁসানোর কথা বলা হচ্ছে। ২১ বছর জেল খাটানোর কথা বলা হচ্ছে। বলপূর্বক অভিষেক বন্দ্যোপাধ্যায়ের নাম বলানোর চেষ্টা করা হচ্ছে।’’ সাংবাদিকরা পালটা প্রশ্ন করেন, ইডি না সিবিআই, কে জোর করছে? উত্তরে কুন্তল বলেন, ‘‘পরে বলব। আমার পরিবারে দুটো বাচ্চা, মা ও স্ত্রী আছেন। তারা নিরাপত্তাজনিত অভাবে ভুগছেন। তাঁদের জন্য যেন ব্যবস্থা করা হয়।’’ উল্লেখ্য, বুধবার শহিদ মিনারের সভায় বক্তৃতা করতে গিয়ে সিবিআই এবং ইডি প্রসঙ্গ টেনে অভিষেক বন্দ্যোপাধ্যায় অভিযোগ করেছিলেন, তাঁর নাম নিলেই মদন মিত্র এবং কুণাল ঘোষকে ছেড়ে দেওয়ার কথা বলেছিল সিবিআই।

তৃণমূলের গোষ্ঠীদ্বন্দ্বে রণক্ষেত্র চোপড়া, গুলিবিদ্ধ হয়ে মৃত ২, আহত একাধিক

দুরন্ত বার্তা, চোপড়া, ৩০ মার্চঃ চোপড়ায় তৃণমূলের গোষ্ঠীদ্বন্দ্ব, গুলিবিদ্ধ হয়ে মৃত ২, আহত বেশ কয়েকজন। তৃণমূলের প্রার্থী বাছাইকে কেন্দ্র করে দুই গোষ্ঠীর মধ্যে সংঘর্ষে উত্তাল হয়ে ওঠে চোপড়া। জানা যায়, পঞ্চায়েতে প্রার্থী বাছাইকে কেন্দ্র করেই তৃণমূলের গোষ্ঠীকোন্দল। বৃহস্পতিবার ঘটনাটি ঘটে চোপড়া থানার চুটিয়াখোর গ্রাম পঞ্চায়েতের দীঘাবানা এলাকায়। গুলিবিদ্ধ হয়ে মৃত্যু হয় ২ জনের। মৃতরা হলেন ফয়জুল রহমান (৫৪), হাসু মহম্মদ। ইসলামপুর মহকুমা হাসপাতালের চিকিৎসকরা ফয়জুলকে মৃত ঘোষণা করেন। উত্তরবঙ্গ মেডিক্যালে মৃত্যু হয় তৃণমূল কর্মী হাসু-র। ঘটনায় আহত একাধিক। তাঁদের দলুয়া ব্লক স্বাস্থ্যকেন্দ্র এবং উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজ ও হাসপাতালে ভর্তি করা হয়েছে। ঘটনাস্থলে পৌঁছয় পুলিশবাহিনী। ঘটনায় আহত আব্দুল আলী নামে এক ব্যক্তি জানান, ‘‘পঞ্চায়েত নির্বাচনের আগে সদস্য বাছাইয়ের জন্য আজ আমরা গিয়েছিলাম। কী করে জানব আমাদের গুলি করা হবে?’’ অভিযোগ, পঞ্চায়েত নির্বাচনের আগে অনৈতিক ভাবে বাছাই চলছিল। একটি পঞ্চায়েত সদস্যের জন্য দুটো করে প্রতিদ্বন্দ্বী। কোর কমিটির সদস্যরা এসে দু’জনকে বাছাই করে নিয়ে চলে যায়। মিটিং সেরে বাড়ি যাওয়ার পথে হঠাৎই চলে গুলি।

আমাকে কেউ শিখিয়ে দেয় না, বিদ্যা-বুদ্ধি ও রাজনৈতিক প্রজ্ঞা থেকে কথা বলি পার্থ

দুরন্ত বার্তা, কলকাতা, ৩০ মার্চঃ নিয়োগ দুর্নীতি মামলায় গ্রেফতার রাজ্যের প্রাক্তন শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায়ের সঙ্গে তৃণমূল মুখপাত্র কুণাল ঘোষের বক্তব্য মিলে যাওয়াকে কেন্দ্র করে তুমুল বিতর্কের সূত্রপাত হয়েছিল। বিধানসভার বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী প্রশ্ন উস্কে দিয়েছিলেন, আলিপুর সংশোধনাগারে বসেই নাকি এই ষড়যন্ত্র করা হয়েছিল। তৃণমূল মুখপাত্র কুণাল ঘোষ অবশ্য আগেই সাংবাদিক বৈঠক করে এই অভিযোগ উড়িয়ে দিয়েছিলেন। এবার মুখ খুললেন পার্থ চট্টোপাধ্যায়। বললেন, ‘‘আমি অসত্য ভাষণের কোনও উত্তর দিই না। এই ধরনের অসত্য, বাস্তবহীন অভিযোগ কোনও তথ্য নির্ভর নয়। উনি বিরোধী দলনেতা, উনি ভাল মতোই জানেন, আমি নিজের বিদ্যা, বুদ্ধি ও রাজনৈতিক প্রজ্ঞার মধ্যে থেকেই কথা বলি। আমাকে কেউ শিখিয়ে দেয় না। আমি এই ধরনের মন্তব্য ওনার থেকে প্রত্যাশা করি না।’’ উল্লেখ্য, কিছুদিন আগেই কুণাল ঘোষ নিজের সোশ্যাল মিডিয়া হ্যান্ডেলে একটি পোস্ট করেছিলেন। সেখানে বিরোধী দলগুলির একাধিক নেতার নাম ছিল। কুণাল ঘোষের সেই পোস্টের পর আধ ঘণ্টার কম সময়ের ব্যবধানে জেলবন্দি পার্থ চট্টোপাধ্যায়ের মুখেও একই কথা শোনা গিয়েছিল। কীভাবে তৃণমূল মুখপাত্রর বক্তব্যের সঙ্গে জেলবন্দি একজনের বক্তব্য মিলে গেল, তা নিয়ে প্রশ্ন তুলেছিলেন শুভেন্দু অধিকারী। তৃণমূল শিবিরকে খোঁচা দিয়ে বলেছিলেন, ‘দুর্বল চিত্রনাট্য’। যেদিন পার্থ চট্টোপাধ্যায় ওই মন্তব্য করেছিলেন, তার আগের দিন বিকেলে আলিপুর সংশোধনাগারের সুপার দেবাশিস চক্রবর্তীর কেবিনে পার্থবাবু ও তাঁর আইনজীবী ছিলেন বলে দাবি করেছিলেন শুভেন্দু। তাঁর বক্তব্য ছিল, সেই সময়ের সিসিটিভি ফুটেজ যাতে সংরক্ষণ করা হয়। যদিও শুভেন্দুর এই অভিযোগের পর পাল্টা প্রতিক্রিয়া দিয়েছিলেন তৃণমূল মুখপাত্র কুণাল ঘোষও। তৃণমূল মুখপাত্রর স্পষ্ট বার্তা ছিল, এখানে কোনও চক্রান্তের বিষই নেই। এবার সেই ইস্যুতে মুখ খুললেন পার্থও।

‘বিকাশবাবুরা যেমন আছেন, তেমন আমরাও আছি’, ডিএ মঞ্চ থেকে বার্তা দিলেন শুভেন্দু

দুরন্ত বার্তা, কলকাতা, ৩০ মার্চঃ ডিএ আন্দোলনকারীরা নিজেদের মতো করেই আন্দোলন করছিলেন। কর্মবিরতি, ধর্মঘট ডেকে প্রতিবাদ জানাচ্ছিল সংগ্রামী যৌথমঞ্চ। কিন্তু বুধবার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের ‘চোর-ডাকাত’ মন্তব্যের পরিপ্রেক্ষিতে বৃহস্পতিবার বাম-কংগ্রেস-বিজেপি একজোট হয়ে ময়দানে। আন্দোলনকারীদের মহাসমাবেশে দেখা যায় সেলিম, সুজন, বিকাশ ভট্টাচার্য, কৌস্তভ বাগচী থেকে শুভেন্দু অধিকারী, অশোক লাহিড়িদের। অন্যদিকে এদিন ডিএ মঞ্চ থেকে আগামী সপ্তাহে ফের কর্মবিরতির ডাক দেওয়া হয়েছে। ৬ এপ্রিল ফের ২৪ ঘণ্টার কর্মবিরতি। সংগ্রামী যৌথমঞ্চের আহ্বায়ক ভাস্কর ঘোষ বলেন, ‘‘ওনার ভুলভাল কথা শোনার জন্য রাজ্যের কর্মচারী শিক্ষকরা আর প্রস্তুত নন। যেদিন মিউ মিউ ঘেউ ঘেউ করবেন না বলেছিলেন, সেদিন থেকে যদি আমরা কর্মবিরতি পালন করতাম, এতটা আমাদের দেখতে হতো না। তবে আমরা এখন জেগেছি। উনি একটা কথা বললে, পাঁচটা কথা শোনার জন্য প্রস্তুত থাকতে হবে।’’ শনিবার রাজ্যজুড়ে ধিক্কার

মিছিল হবে বলেও জানান তিনি। এদিন ডিএ মঞ্চে গিয়ে বিকাশরঞ্জন ভট্টাচার্য বলেন, ‘‘রাজ্যের মুখ্যমন্ত্রী বলেছেন এই আন্দোলনকারীরা হয় চোর ডাকাত, নাহলে চিরকুটে চাকরি পাওয়া। বাংলার সরকারি কর্মীরা, তাঁরা ঘেউ ঘেউ শুধু করেন না, প্রয়োজনে কামড়ে দিতে জানেন।’’ এই ডিএ আন্দোলন নিয়ে মুখ্যমন্ত্রী বলেছেন, ‘‘বিজেপি আর সিপিএমের লোক কোঅর্ডিনেশন কমিটির সঙ্গে মিলে আছে। তারাই তো কাগজগুলো সরায়। আর তাদের আমলে আপনি একটা কাগজ খুঁজে পাবেন না। আমি সব ডিপার্টমেন্টকে নির্দেশ দিয়েছি, সব ফাইল খুঁজে বের করুন।’’ একইসঙ্গে মুখ্যমন্ত্রী বুধবার ধরনামঞ্চ থেকে বলেছিলেন, ‘‘যে চোর ডাকাতগুলো চিরকুটে চাকরি পেয়েছিল সব গিয়ে ডিএ-র ওখানে বসে আছে। তাদের কাছে আমায় জ্ঞান শুনতে হবে। চোরেরা, ডাকাতরা, জ্ঞানদাতারা।’’ এ নিয়ে শুভেন্দু অধিকারীর বক্তব্য, ‘‘এই সরকার দেউলিয়া। ৬ লক্ষ কোটি টাকার দেনা আছে। সরকার আপনাদের ডিএ আটকানোর জন্য আইনজীবীদের পিছনে খরচ করেছে। এই লড়াইয়ে বিকাশবাবুরা যেমন আছেন, তেমন আমরাও আছি। কথা এক, লক্ষ্য এক, উদ্দেশ্য হক, হকের অধিকার ছিনিয়ে নিতে হবে। পথই পথ দেখাবে। পথ আপনারা ছাড়বেন না। আপনারা পরিবর্তনের অভিমুখ।’’ কর্মচারী সমাবেশে ডিএ আন্দোলনকারীদের পাশে রাজ্যের সব বিরোধী দল। নতুন কোনও বার্তা দিল এ সমাবেশ, জবাব দেবে আগামী।

১ এপ্রিল ভোপালে সফর প্রধানমন্ত্রীর, সূচনা করবেন বন্দে ভারত এক্সপ্রেস ট্রেনের

নয়াদিল্লি, ৩০ মার্চ ঃআগামী ১ এপ্রিল, শনিবার মধ্যপ্রদেশের ভোপালে যাচ্ছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। ওই ভোপালে একগুচ্ছ কর্মসূচি রয়েছে প্রধানমন্ত্রীর। এর মধ্যে রয়েছে ভোপাল থেকে নতুন দিল্লি বন্দে ভারত এক্সপ্রেস ট্রেনের সূচনা। ভোপালে রানী কমলাপতি রেল স্টেশন থেকে ভোপাল-নতুন দিল্লি বন্দে ভারত এক্সপ্রেস ট্রেনের সূচনা করবেন প্রধানমন্ত্রী মোদী। এছাড়াও ভোপালের কুশাভাউ ঠাকুর হলে কম্বাইন্ড কমান্ডার্স কনফারেন্স-২০২৩-এ যোগ দেবেন প্রধানমন্ত্রী মোদী। ১ এপ্রিল সকাল দশটা নাগাদ ভোপালে পৌঁছনোর কথা মোদীর। প্রথমেই ভোপালের কুশাভাউ ঠাকুর হলে কম্বাইন্ড কমান্ডার্স কনফারেন্স-২০২৩-এ যোগ দেবেন তিনি। এরপর বিকেল ৩.১৫ মিনিট নাগাদ রানী কমলাপতি রেল স্টেশন থেকে ভোপাল-নতুন দিল্লি বন্দে ভারত এক্সপ্রেস ট্রেনের সূচনা করবেন প্রধানমন্ত্রী মোদী।

কর্ণাটকে এবারের ভোটে লড়ছেন না ইয়েদুরাপ্পা, আত্মবিশ্বাসের সঙ্গে জানালেন বিজেপিই সংখ্যাগরিষ্ঠতা পাবে

বেঙ্গালুরু, ৩০ মার্চঃকর্ণাটকে এবারের বিধানসভা নির্বাচনে লড়ছেন না সে রাজ্যের প্রাক্তন মুখ্যমন্ত্রী ও প্রবীণ বিজেপি নেতা বি এস ইয়েদুরাপ্পা। বৃহস্পতিবার ইয়েদুরাপ্পা নিজেই তা জানিয়েছেন। প্রবীণ এই নেতা এক সাংবাদিক সম্মেলনে জানিয়েছেন, আমি বিধানসভা নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা না করার সিদ্ধান্ত নিয়েছি এবং মুখ্যমন্ত্রী পদ থেকেও পদত্যাগ করেছি। কারণ ইতিমধ্যেই ৮০ বছর পার করেছি আমি। ৮০ বছর পেরিয়ে গেলেও, আমি শুধু এইবার নয়, পরের বারও রাজ্যে প্রচার করব। শুধু এইবারই নয়, পরের বারও সংখ্যাগরিষ্ঠতা পাব আমরা।কর্ণাটকের মুখ্যমন্ত্রী বাসভরাজ বোম্মাই আরও বলেছেন, কর্ণাটকে আমরা নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা পেতে চলেছি। প্রধানমন্ত্রী মোদীর নেতৃত্বে আমরা আবারও ক্ষমতায় আসব। কংগ্রেস দুর্নীতিগ্রস্ত এবং তাই তাঁরা ৪০ শতাংশ কমিশনের মিথ্যা অভিযোগ করছে, এই বিষয়গুলি ভোটাররা দূরে রাখবেন। উল্লেখ্য, কর্ণাটকে আগামী ১০ মে বিধানসভা নির্বাচন, ফল ঘোষণা হবে ওই মাসের ১৩ তারিখ।

অ্যারন ফাঙ্গিসোর বোলিং অ্যাকশনে সবুজ সংকেত

কেপটাউন, ৩০ মার্চ ঃ জোবার্গ সুপার কিংসের (জেএসকে) বাঁহাতি স্পিনার অ্যারন ফাঙ্গিসোর বোলিং অ্যাকশনকে সবুজ সংকেত দেওয়া হয়েছে। ফাঙ্গিসোর বোলিং অ্যাকশন প্রিটোরিয়া বিশ্ববিদ্যালয়ের আইসিসি স্বীকৃত টেস্টিং সেন্টারে পুনরায় পরীক্ষা করে ছাড়পত্র দেওয়া হয়েছে।ফাঙ্গিসোরের বিরুদ্ধে প্রথম রিপোর্ট করার পর থেকে ক্রিকেট দক্ষিণ আফ্রিকার (সিএসএ) হেড অফ হাই পারফরম্যান্স ভিনসেন্ট বার্নসের সঙ্গে সহযোগিতায় বোলিং অ্যাকশন পুনর্নির্মাণ এবং প্রতিকারমূলক কাজ করছে। তার বোলিং অ্যাকশনের উপর স্বাধীন মূল্যায়ন রিপোর্ট করে ডঃ হেলেন বেইন বিশেষজ্ঞ প্যানেলে জমা করেছিলেন।

রাহুলের সাংসদ পদ খারিজ নিয়ে বিবৃতি জার্মান বিদেশ মন্ত্রকের মুখপত্রের, স্বাগত জানালেন দ্বিগ্বিজয়

নয়াদিল্লি, ৩০ মার্চ ঃ কংগ্রেস নেতা রাহুল গান্ধীর সাংসদ পদ খারিজ নিয়ে এবার মুখ খুলল জার্মান বিদেশমন্ত্রক। জার্মান বিদেশমন্ত্রকের মুখপত্রের তরফে এই বিষয় নিয়ে উদ্বেগ প্রকাশ করা হয়েছে এবং এই বিষয় নিয়ে বিচার ব্যবস্থায় স্বচ্ছতা এবং গণতন্ত্র ব্যবস্থার নিয়মনীতি প্রয়োগের প্রসঙ্গ উত্থাপিত হয়েছে।জার্মান বিদেশ মন্ত্রকের এই প্রতিক্রিয়াকে কোট টুইট করে ধন্যবাদ জানিয়েছেন কংগ্রেস নেতা দ্বিগ্বিজয় সিং। বৃহস্পতিবার রাহুল গান্ধীর বিষয়টি নিয়ে কিভাবে ভারতবর্ষে গণতন্ত্র অচলাবস্থা জারি

আয়ুর্বেদ সহ প্রথাগত চিকিৎসা পদ্ধতির প্রসার ও উন্নয়নে ২৫টি দেশকে যুক্ত করা হল ভারতের উদ্যোগে

নয়াদিল্লি,৩০মার্চঃজাতীয় আরোগ্য শীর্ষ বৈঠকের পাশাপাশি' বি২বি'সম্মেলন ও প্রদর্শনী সম্প্রতি অনুষ্ঠিত হল আসামের গুয়াহাটিতে। সাংহাই সহযোগিতা সংগঠন (এসসিও)-এ ভারতের সভাপতিত্ব কালে এই সম্মেলন ও প্রদর্শনীর উদ্যোগ গ্রহণ করা হয় ভারতের আয়ুষ মন্ত্রকের পক্ষ থেকে। প্রথাগত চিকিসা ব্যবস্থার প্রসার ও উন্নয়নে ভারতের এই উদ্যোগ সংগঠনের ২৫টি দেশকে এক ছাতার তলায় নিয়ে আসার কাজে বিশেষভাবে সফল হয়। এর মধ্য দিয়ে অর্থনৈতিক বিকাশ প্রচেষ্টা, পরিবেশ সুরক্ষা ও সংরক্ষণ এবং স্বাস্থ্য সুরক্ষার লক্ষ্যমাত্রা পূরণের বিষয়গুলি সংগঠনভুক্ত দেশগুলিতে সফল হবে বলেই আশা করা হচ্ছে। সম্মেলনের বিভিন্ন পর্বে বিভিন্ন দেশের নেতৃবর্গের সক্রিয় উপস্থিতি ও অংশগ্রহণ বিশেষ উল্লেখের দাবি রাখে। মায়ানমারের স্বাস্থ্যমন্ত্রী ডঃ থেট খোয়িং উইন, মালদ্বীপের উপ-স্বাস্থ্যমন্ত্রী সোফিয়া মহম্মদ সঈদ এবং ভারতের আয়ুষ প্রতিমন্ত্রী ডঃ মুঞ্জপারা মহেন্দ্রভাই-এর সক্রিয় অংশগ্রহণ এবং চিন, রাশিয়া ও পাকিস্তানের ভার্চ্যুয়াল মঞ্চে উপস্থিতি বিশেষভাবে উল্লেখযোগ্য। শীর্ষ সম্মেলন ও প্রদর্শনীর উদ্বোধন করেন কেন্দ্রীয় আয়ুষ তথা বন্দর, জাহাজ চলাচল ও জলপথ মন্ত্রী শ্রী সর্বানন্দ সোনোয়াল।ভারত সাংহাই সহযোগিতা সংগঠন-এর পূর্ণ সদস্যের মর্যাদা লাভ করে ২০১৭ সালে। এ বছরের জন্য সংগঠনের সভাপতিত্বের দায়িত্বভার ভারতের হাতে ন্যস্ত করা হয় গত বছরের ১৭ সেপ্টেম্বর তারিখে। ঐ সময় ভারতের প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী ঘোষণা করেছিলেন যে প্রথাগত অর্থা, চিরাচরিত চিকিসা পদ্ধতি সম্পর্কে ভারত সাংহাই সহযোগিতা সংগঠন-এর এক বিশেষজ্ঞ কর্মীগোষ্ঠী গঠনের উদ্যোগ গ্রহণ করবে। এই লক্ষ্যে কেন্দ্রীয় আয়ুষ মন্ত্রক ইতিমধ্যেই বেশ কিছু উদ্যোগ গ্রহণ করেছে। যেমন, প্রথাগত চিকিৎসা পদ্ধতি সম্পর্কে চিকিৎসক ও চিকিৎসা বিশেষজ্ঞদের এক ভার্চ্যুয়াল সম্মেলন এবং বিশেষজ্ঞ কর্মীগোষ্ঠী গঠনের মতো উদ্যোগগুলি মন্ত্রকের উদ্যোগেই বাস্তবায়িত হয়।সাংহাই সহ যোগিতা সংগঠনের বি২বি সম্মেলনের অবসরে আয়ুর্বেদ ও প্রথাগত চিকিৎসা পদ্ধতির ক্ষেত্রে পারস্পরিক সহযোগিতা প্রসারের লক্ষ্যে ভারত মায়ানমারের সঙ্গে এক দ্বিপাক্ষিক আলোচনায় মিলিত হয়। এজন্য ভারতের আয়ুষ মন্ত্রক এবং মায়ানমারের স্বাস্থ্য মন্ত্রকের মধ্যে ইতিপূর্বে স্বাক্ষরিত মউটির মেয়াদ আগামী ২০২৬-এর ২৮ আগস্ট পর্যন্ত বাড়িয়ে দেওয়া হয়েছে। দ্বিপাক্ষিক এই আলোচনায় ভারতের পক্ষে নেতৃত্ব দেন কেন্দ্রীয় আয়ুষ মন্ত্রী শ্রী সর্বানন্দ সোনোয়াল এবং মায়ানমারের পক্ষে নেতৃত্ব দেন ঐ দেশের স্বাস্থ্যমন্ত্রী ডঃ থেট খোয়িং উইন।এই সম্মেলনে অংশগ্রহণ করেন মোট ২১৪ জন প্রতিনিধি। তাঁদের মধ্যে ৮৩ জন ছিলেন সংগঠনভুক্ত ১৬টি দেশের প্রতিনিধি এবং ১৩১ জন ভারতীয় অংশ গ্রহণকারী। সম্মেলন চলাকালীন ৩০টির মতো উপস্থাপনা পেশ করা হয়। এর মধ্যে ১৯টি ছিল সংগঠনভুক্ত অন্যান্য দেশগুলির এবং ১১টি উপস্থাপনার উদ্যোগ নেওয়া হয় ভারতের পক্ষ থেকে। সম্মেলনকালে আয়োজিত হয় মোট ১১টি অধিবেশনের। অন্যদিকে, প্রদর্শনীতে অংশগ্রহণ করে শিল্প, শিক্ষা এবং আয়ুষ সংক্রান্ত ৫৬টি প্রতিষ্ঠান।

প্রতিষ্ঠা দিবসে রাজস্থানের জনগণকে শুভেচ্ছা প্রধানমন্ত্রীর, সুখ ও সমৃদ্ধিও কামনা করলেন মোদী

নয়াদিল্লি, ৩০ মার্চ ঃ প্রতিষ্ঠা দিবসে রাজস্থানের জনগণকে শুভেচ্ছা জানালেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। এক টুইট বার্তায় প্রধানমন্ত্রী মোদী গৌরবময় ঐতিহ্য সমৃদ্ধ রাজস্থানের উজ্জ্বল ভবিষ্য কামনা করেছেন। রাজস্থানের সুখ ও সমৃদ্ধিও কামনা করেছেন প্রধানমন্ত্রী।বৃহস্পতিবার সকালে এক টুইট বার্তায় প্রধানমন্ত্রী জানিয়েছেন, রাজস্থান দিবসে রাজ্যের সমস্ত ভাই ও বোনদের আমার শুভেচ্ছা। এই উপলক্ষে আমি গৌরবময় ঐতিহ্যে সমৃদ্ধ এই রাজ্যের সর্বাত্মক উন্নতি কামনা করছি। প্রসঙ্গত, ৩০ মার্চ দিনটি রাজস্থানের স্থাপনা দিবস।

ভারতীয় বিচার ব্যবস্থা বিদেশী হস্তক্ষেপ দ্বারা প্রভাবিত হতে পারে নাঃকিরেণ রিজিজু

নয়াদিল্লি, ৩০ মার্চ ঃ কংগ্রেস নেতা রাহুল গান্ধীর সাংসদ পদ খারিজ নিয়ে মুখ খুলেছে জার্মান বিদেশমন্ত্রক। আর তা নিয়েই তীব্র অসন্তোষ প্রকাশ করেছেন কেন্দ্রীয় আইন ও বিচার মন্ত্রী কিরেণ রিজিজু। টুইট করে রিজিজু জানিয়েছেন, ভারতীয় বিচার ব্যবস্থা বিদেশী হস্তক্ষেপ দ্বারা প্রভাবিত হবে না। একইসঙ্গে তিনি জানান, ভারত 'বিদেশি প্রভাব' আর সহ্য করবে না, কারণ আমাদের প্রধানমন্ত্রী হলেন নরেন্দ্র মোদী।উল্লেখ্য, রাহুল গান্ধীর সাংসদ পদ খারিজ নিয়ে মুখ খুলেছে জার্মান বিদেশমন্ত্রক। জার্মান বিদেশমন্ত্রকের মুখপত্রের তরফে এই বিষয় নিয়ে উদ্বেগ প্রকাশ করা হয়েছে এবং এই বিষয় নিয়ে বিচার ব্যবস্থায় স্বচ্ছতা এবং গণতন্ত্র ব্যবস্থার নিয়মনীতি প্রয়োগের প্রসঙ্গ উত্থাপিত হয়েছে। জার্মান বিদেশ মন্ত্রকের এই প্রতিক্রিয়াকে টুইট করে ধন্যবাদ জানিয়েছেন কংগ্রেস নেতা দ্বিগ্বিজয় সিং।সে বিষয়ে পাল্টা টুইট করে কেন্দ্রীয় আইন ও বিচার মন্ত্রী কিরেণ রিজিজু লিখেছেন, ভারতের অভ্যন্তরীণ বিষয়ে হস্তক্ষেপের জন্য বিদেশী শক্তিকে আমন্ত্রণ জানানোর জন্য রাহুল গান্ধীকে ধন্যবাদ। মনে রাখবেন, ভারতীয় বিচার ব্যবস্থা বিদেশী হস্তক্ষেপ দ্বারা প্রভাবিত হতে পারে না। ভারত 'বিদেশি প্রভাব' আর সহ্য করবে না, কারণ আমাদের প্রধানমন্ত্রী হলেন নরেন্দ্র মোদী।

রাজস্থান প্রতিষ্ঠা দিবসে রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন রাষ্ট্রপতি মুর্মু

নয়াদিল্লি, ৩০ মার্চ ঃ রাজস্থান প্রতিষ্ঠা দিবসে রাজস্থানের জনগণকে আন্তরিক শুভেচ্ছা জানিয়েছেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু। বৃহস্পতিবার তিনি টুইটে বলেছেন, রাজস্থান দিবসে রাজ্যের জনগণকে আমার শুভেচ্ছা।তিনি আরও বলেন, সংস্কৃতি, আতিথেয়তা, সাহসিকতা ও পর্যটন স্থান রাজস্থানের পরিচয়। আমি বিশ্বাস করি, এ ধরনের বৈশিষ্ট্যের জোরে রাজ্যের মানুষ উজ্জ্বল ভবিষ্যত গড়ে তুলবে এবং দেশের উন্নয়নে অবদান রাখবে।

১ এপ্রিল বিহারে আসবেন অমিত শাহ, কর্মসূচিতে পরিবর্তন

পটনা, ৩০ মার্চ ঃ আগামী ১ এপ্রিল পটনায় আসছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। বিহারে তাঁর সফরকে কেন্দ্র করে তার কর্মসূচিতে পরিবর্তন এসেছে। অমিত শাহের আগে ২ এপ্রিল বিহারে আসার কথা ছিল, কিন্তু এখন তিনি একদিন আগে অর্থা ১ এপ্রিলেই পাটনায় আসছেন। অমিত শাহের আগমনকে কেন্দ্র করে বিজেপি অফিসে প্রস্তুতি শুরু হয়েছে। গত ছয়.মাসে এটি হবে তাঁর চতুর্থবার বিহার সফর।বিহার রাজ্য বিজেপির সভাপতি সম্রাট চৌধুরী বৃহস্পতিবার বলেন, বিহারে দুটি জনসভায় ভাষণ দেওয়ার জন্য অমিত শাহের কর্মসূচি পূর্বের সূচি অনুযায়ী ২ এপ্রিল অনুষ্ঠিত হবে। ১ এপ্রিল পটনায় রাত্রি বিশ্রামের পর পরদিন তিনি প্রথমে সাসারাম যাবেন এবং সেখানে সম্রাট অশোকের জন্মবার্ষিকী অনুষ্ঠানে যোগ দেবেন। এর পর তাকে নওয়াদায়ও একটি অনুষ্ঠানে যোগ দিতে হবে।১ এপ্রিল নিজেই বিহারে অমিল শাহ আসার খবর পাওয়ার পরে বৃহস্পতিবার সিআরপিএফ এবং বিহার পুলিশ যৌথভাবে নিরাপত্তা ব্যবস্থা পর্যালোচনা করে।

রামনবমীতে গোরক্ষনাথ মন্দিরে পুজো দিলেন যোগী আদিত্যনাথ, অযোধ্যায় পুণ্যার্থীদের আগমণে ব্যক্ত করলেন খুশি

গোরক্ষনাথ, ৩০ মার্চ ঃ রামনবমীতে উত্তর প্রদেশের গোরক্ষপুরের গোরক্ষনাথ মন্দিরে পুজো দিলেন উত্তর প্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ। রামনবমী উপলক্ষ্যে উত্তর প্রদেশের জনগণকে শুভেচ্ছা জানিয়েছেন তিনি। পাশাপাশি অযোধ্যায় বিপুল সংখ্যক পুণ্যার্থীদের আগমণে ব্যক্ত করেছেন খুশি। যোগী বলেছেন, বুধবার থেকে ১৫ লক্ষেরও বেশি ভক্ত অযোধ্যা ধাম দর্শন করেছেন।মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ বলেছেন, রামনবমী উপলক্ষ্যে সমগ্র রাজ্যবাসীকে শুভেচ্ছা। লক্ষাধিক ভক্তের উপস্থিতিতে সম্পূর্ণ জাঁকজমক সহকারে অযোধ্যায় শ্রী রাম জন্মোসবের অনুষ্ঠান সম্পন্ন হয়েছে। হর দেব মন্দিরে ব্যাপক উৎসাহ-উদ্দীপনা দেখা গিয়েছে। বুধবার থেকে এখন পর্যন্ত ১৫ লক্ষেরও বেশি ভক্ত অযোধ্যাধামে এসেছেন। যোগী বলেছেন, ভক্তদের জন্য সমস্ত প্রস্তুতি সম্পন্ন করা হয়েছে। তাঁদের নিরাপত্তাও নিশ্চিত করা হয়েছে।

জি-২০ সম্মেলনের জন্য প্রস্তুত শিলিগুড়ি

শিলিগুড়ি, ৩০ মার্চ ঃ ভারতের সভাপতিত্বে জি-২০ সম্মেলনের প্রস্তুতি জোরকদমে চলছে শিলিগুড়িতে। আগামী ১-৩ এপ্রিল দ্বিতীয় পর্যটন ওয়ার্কিং গ্রুপ মিটিং অনুষ্ঠিত হবে শিলিগু।দার্জিলিং-এ। শিলিগুড়ি মিউনিসিপ্যাল কর্পোরেশন (এসএমসি) এবং শিলিগুড়ি জলপাইগুড়ি ডেভেলপমেন্ট অথরিটি (এসজেডিএ) জি-২০ শীর্ষ সম্মেলনের জন্য প্রস্তুত রয়েছে। দার্জিলিং মোড়ে সৌন্দর্যায়নের কাজ পুরোদমে চলছে। আলোয় সাজিয়ে তোলা হয়েছে রাস্তা।শিলিগুড়ির ইসকন মন্দিরটি উত্তরবঙ্গের একটি জনপ্রিয় পর্যটন গন্তব্য হিসাবে নির্বাচিত হয়েছে এবং শীর্ষ সম্মেলনে প্রদর্শিত হবে। শিলিগুড়িতে ১ এপ্রিল শুরু হবে জি-২০ সম্মেলন। এই প্রথমবার

ভারতে কোভিড-সংক্রমণ বৃদ্ধি পেয়ে ৩,০১৬, মৃত্যু ১৪ জনের

নয়াদিল্লি, ৩০ মার্চ ঃ ভারতে করোনার দৈনিক সংক্রমণ একধাক্কায় ৩ হাজারের গন্ডি ছাড়িয়ে গেল, একইসঙ্গে বৃদ্ধি পেয়েছে সক্রিয় রোগীর সংখ্যাও। বিগত ২৪ ঘন্টায় মৃত্যু হয়েছে ১৪ জনের। বুধবার সারাদিনে ভারতে নতুন করে করোনায় সংক্রমিত হয়েছেন ৩,০১৬ জন, এই সময়ে ভারতে মৃত্যু হয়েছে কোভিড-আক্রান্ত ১৪ জন রোগীর। কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক জানিয়েছে, ভারতে সক্রিয় করোনা-রোগীর সংখ্যা বেড়ে ১৩,৫০৯-তে পৌঁছেছে। এই মুহূর্তে শতাংশের নিরিখে ০.০৩ শতাংশ করোনা-রোগী চিকিৎসাধীন রয়েছেন ভারতে। মোট কোভিড-আক্রান্তের সংখ্যা বেড়ে ৪,৪৭,১২,৬৯২-তে পৌঁছেছে। ১৪ জনের মৃত্যুর পর মৃতের সংখ্যা বেড়ে ৫,৩০,৮৬২-এ পৌঁছে গিয়েছে।কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের পক্ষ থেকে জানানো হয়েছে, বৃহস্পতিবার সকাল আটটা পর্যন্ত ভারতে মোট সুস্থ হয়েছেন ৪,৪১,৬৮,৩২১ জন করোনা-রোগী, শতাংশের নিরিখে ৯৮.৭৮ শতাংশ। দেশব্যাপী টিকাকরণ অভিযানের আওতায় বিগত ২৪ ঘন্টায় ভারতে করোনার ভ্যাকসিন পেয়েছেন ১৫ হাজার ৭৮৪ জন প্রাপক, মোট টিকা প্রাপকের সংখ্যা ২২০,৬৫,৯২,৪৮১। ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিক্যাল রিসার্চ (আইসিএমআর) জানিয়েছে, ২৯ মার্চ সারা দিনে ভারতে ১,১০,৫২২ জনের শরীর থেকে নমুনা সংগ্রহ করে করোনা-স্যাম্পেল টেস্ট করা হয়েছে।

ভারত ও বাংলাদেশের পারস্পরিক সম্পর্ক উন্নয়ণে আহ্বাণ

কলকাতা, ৩০ মার্চঃভারত ও বাংলাদেশের পারস্পরিক সম্পর্ক উন্নয়নের ক্ষেত্রকে আরও প্রসারিত করার আহ্বাণ জানানো হল এক অনুষ্ঠানে। বাংলাদেশের স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস উপলক্ষে বুধবার রাতে একটি পাঁচতারা হোটেলের অনুষ্ঠানে এই আবেদন রাখেন কলকাতায় বাংলাদেশের উপ হাইকমিশনার আন্দালিব ইলিয়াস এবং অনুষ্ঠানে প্রধান অতিথি পশ্চিমবঙ্গের অতিরিক্ত মুখ্যসচিব সুব্রত গুপ্ত।আন্দালিব ইলিয়াস বলেন, এই আনন্দের সময় শ্রদ্ধার সঙ্গে স্মরণ করছি বাংলাদেশের স্থপতি, বাংলাদেশের জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে। তিনি ১৯৭১ সালের ২৬শে মার্চ ভোররাতে আমাদের স্বাধীনতা ঘোষণা করেছিলেন। তাঁর দূরদর্শী নেতৃত্ব জাতিকে আমাদের দীর্ঘদিনের লালিত স্বাধীনতার দিকে নিয়ে গেছে। আমি ত্রিশ লক্ষ শহীদ, দুই লক্ষ বীরাঙ্গনা এবং বীর মুক্তি যোদ্ধাদের প্রতি আমার গভীর শ্রদ্ধা নিবেদন করছি। তাঁরা আমাদের সার্বভৌম পরিচয়ের প্রতীক লাল ও সবুজের জন্য সর্বোচ্চ আত্মত্যাগ করেছেন। আমি গভীর কৃতজ্ঞতার সাথে স্মরণ করছি আমাদের বিদেশী বন্ধুদের যাঁরা আমাদের মুক্তির লক্ষ্যে তাদের সর্বাত্মক সমর্থন ও সহযোগিতা প্রসারিত করেছিলেন। ভারতের জনগণ এবং সরকার, বিশেষ করে

পশ্চিমবঙ্গের জনগণ ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধের কঠিন সময়ে আমাদের অপ্রতিরোধ্য সমর্থন দিয়েছিলেন। তাঁদের প্রতি আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করতে চাই।বিগত ৫২ বছরে বাংলাদেশের রূপান্তরমূলক পরিবর্তন এবং আর্থ-সামাজিক অর্জনগুলি নিয়ে গর্বের সাথে কথা বলার কারণ রয়েছে। ফিনিক্সের মতো ছাই থেকে উঠে বাংলাদেশ গত পাঁচ দশকে কঠিন চ্যালেঞ্জ অতিক্রম করেছে। জাতির জনকের কন্যা আমাদের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার গতিশীল নেতৃত্বে বাংলাদেশ ২০০৯ সাল থেকে স্থায়ী উন্নযনের ঈর্ষণীয় পথে যাত্রা করছে। বিশ্বব্যাপী একটি ' উন্নয়ন' হিসেবে প্রশংসিত হয়েছে। দারিদ্র্য বিমোচন, খাদ্য নিরাপত্তা, সার্বজনীন শিক্ষা, নারীর ক্ষমতায়ন, জেন্ডার সমতা, দুর্যোগ ব্যবস্থাপনা, সব ধরনের চরমপন্থার বিরুদ্ধে লড়াইয়ে অত্যন্ত দৃঢ় অবস্থান এবং জলবায়ু পরিবর্তনের চ্যালেঞ্জ মোকাবেলায় এর বৈশ্বিক নেতৃত্বের ক্ষেত্রে আন্তর্জাতিক প্রশংসা অর্জন করেছে, বিশেষ করে জলবায়ু. পরিবর্তন অভিযোজন ক্ষেত্রে। অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে সুব্রত গুপ্ত বলেন, বাংলাদেশের সঙ্গে এপার বাংলার মানুষের একটা বড় অংশের আবেগের একটা বড় সম্পর্ক রয়েছে। আমার পূর্বপুরুষ থাকতেন পূর্ব পাকিস্থানে। দেশ ভাগের আগেই, ১৯৪৬-এ আমার বাবা চলে আসেন। ভারত-বাংলাদেশের সীমারেখা ৪ হাজার কিলোমিটারের চেয়েও বেশি। এ দেশের ৫টি রাজ্যে ছড়িয়ে। সীমান্তে অনেকটা অংশে রয়েছে জল। গত বছর ভারত-বাংলাদেশ বানিজ্যের পরিমাণ দাঁড়িয়েছে ১৮ মিলিয়ন ডলারের ওপর। পরিমাণটা ক্রমেই বাড়ছে। বাংলাদেশের বস্ত্রশিল্পের প্রবৃদ্ধির হার লক্ষ্যণীয়।সুব্রতবাবু বলেন, পূর্বপুরুষদের অনেক স্মৃতি রয়েছে সাবেক পূর্ব পাকিস্তানকে ঘিরে। দুই বাংলার অনেক মিল। বিশেষ করে ভাষা, সংস্কৃতি, সিনেমা, কবিতা, সাহিত্য প্রভৃতি ক্ষেত্রে। কিছু অসুবিধার একটি হল সন্ত্রাসবাদ। দুদেশের সমঝোতার মাধ্যমে অনেকটাই সমাধানসূত্র মিলেছে। আরও পারস্পরিক সম্পর্ক উন্নয়নে আমরা সকলেই তার সুফল পাব।অনুষ্ঠানে প্রথমে ভারতের ও তার পরে বাংলাদেশের জাতীয় সঙ্গীত পরিবেশিত হয়। পেল্লাই কেক কেটে বিশেষ দিনটিকে স্মরণ করা হয়। বিশিষ্ট আমন্ত্রিতদের মধ্যে ছিলেন প্রবীন শিক্ষাবিদ তথা প্রাক্তন উপাচার্য ডঃ পবিত্র সরকার, উপাচার্য ডঃ সুরঞ্জন দাস, উদ্যোগপতি সত্যম রায়চৌধুরী ও নয়নতারা পালচৌধুরী, ক্যালকাটা বুক সেলার্স অ্যান্ড পাবলিশার্স গিল্ডের দুই কর্মকর্তা সুধাংশুশেখর দে ও ত্রিদিব চট্টোপাধ্যায়, কলকাতা প্রেস ক্লাবের দুই কর্মকর্তা স্নেহাশিস সুর ও কিংশুক প্রামাণিক, গায়ক রূপঙ্কর বাগচি, বিভিন্ন দূতাবাস ও বণিকসভার পদস্থ আধিকারিক এবং সাংবাদিক-সহ বিভিন্ন পেশার কিছু আমন্ত্রিত।

দেহরাদূনের জনঔষধি কেন্দ্র পরিদর্শন মনসুখ মান্ডভিয়ার, সুবিধাভোগী ও স্বাস্থ্য কর্মীদের সঙ্গে বললেন কথা

দেহরাদূন, ৩০ মার্চ ঃ দু'দিনের সফরে উত্তরাখণ্ডে পৌঁছেছেন কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী মনসুখ মান্ডভিয়া। বৃহস্পতিবার সকালেই দেহরাদুন বিমানবন্দরে পৌঁছন কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী মনসুখ মান্ডভিয়া। দেহরাদুনের জিটিসি হেলিপ্যাডে তাকে স্বাগত জানান উত্তরাখণ্ডের মুখ্যমন্ত্রী পুষ্কর সিং ধামি। দু'দিনের উত্তরাখণ্ড সফরে দুন মেডিকেল কলেজের নিউ ব্লকে ৫০০ শয্যার হাসপাতাল-সহ রাজ্যে স্বাস্থ্য পরিকাঠামো বাড়ানোর জন্য বেশ কয়েকটি উদ্যোগের শিলান্যাস করেন কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী মনসুখ মান্ডভিয়া।এদিন সকালেই দেহরাদুনের জনঔষধি কেন্দ্র পরিদর্শনে যান কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী মনসুখ মান্ডভিয়া। জনঔষধি কেন্দ্রে গিয়ে স্বাস্থ্যকর্মী ও সুবিধাভোগীদের সঙ্গে মতবিনিময় করেন তিনি। টুইট করে তিনি জানিয়েছেন, জনঔষধি, মানুষের উপকার! দেহরাদূনে জনঔষধি কেন্দ্র পরিদর্শন করেছি। ওষুধ কিনতে আসা মানুষজন জানিয়েছেন, জনঔষধি কেন্দ্রের জন্য তাঁদের পকেটের খরচ অনেকটাই কমে গিয়েছে। এই কেন্দ্রগুলি দেশের প্রতিটি প্রান্তে সস্তা এবং গুণমানসম্পন্ন ওষুধ তৈরি করছে। এদিন উত্তরাখণ্ডের মুখ্যমন্ত্রী পুষ্কর সিং ধামির সঙ্গেও কথা বলেছেন মনসুখ মান্ডভিয়া।

রাহুলের বিরুদ্ধে এবার মামলার হুমকি পলাতক ললিত মোদীর

লন্ডন, ৩০ মার্চ ঃ ' মোদি'পদবি নিয়ে মন্তব্যের জন্য এবার কংগ্রেসের প্রাক্তন সভাপতি রাহুল গান্ধীর বিরুদ্ধে মামলার হুমকি দিলেন ' পলাতক ললিত মোদী। লন্ডনের আদালতে রাজীব তনয়ের বিরুদ্ধে মানহানি মামলা দায়ের করা হবে বলে বৃহস্পতিবার নিজে টুইটার হ্যান্ডেলে এই পোস্টে হুমকি করেছেন। সেই সঙ্গে লন্ডনে কোন-কোন কংগ্রেস নেতার সম্পত্তি রয়েছে তা ফাঁস করা হবে বলেও হুঙ্কার ছুঁড়েছেন। যদিও ললিত মোদীর হুমকিকে গুরুত্বই দেননি কংগ্রেস নেতারা।আইপিএলের চেয়ারম্যান থাকাকালীন কয়েকশো কোটি টাকা নয়ছয় করার অভিযোগ উঠেছিল ললিত মোদীর বিরুদ্ধে। একাধিক কেন্দ্রীয় সংস্থা তদন্ত শুরু করতেই দেশ ছেড়ে পালিয়ে এসে লন্ডনে আশ্রয় নিয়েছিলেন। সেই থেকে লন্ডনেই ঘাঁটি গেড়ে রয়েছেন। বরাবরই কংগ্রেসের কট্টর সমালোচক ও বিজেপির অন্ধ সমর্থক হিসেবে পরিচিত ললিত মোদী এদিন টুইটারে লিখেছেন, ' আমাকে পলাতক অপরাধী হিসেবে আখ্যা দিয়েছেন ' পাপ্পু'রাহুল গান্ধী। তিনি জানেন না, আমায় কোনও আদালত শাস্তি দেয়নি। আমার মানহানি করার জন্য প্রাক্তন কংগ্রেস সভাপতির বিরুদ্ধে পাল্টা মামলা করার সিদ্ধান্ত নিয়েছি।'

ভারতে বন্ধ পাকিস্তান সরকারের টুইটার অ্যাকাউন্ট, দেখা যাচ্ছে না কিছুই

নয়াদিল্লি, ৩০ মার্চ ঃ পাকিস্তান সরকারের টুইটার অ্যাকাউন্ট দেখা যাচ্ছে না ভারতে। যদি কেউ এই অ্যাকাউন্ট খুলে দেখার চেষ্টা করছেন, তাঁর সামনে উঠে আসছে 'অ্যাকাউন্ট উইদহেল্ড' লেখা, বৃহস্পতিবার এমনই ঘটনার সাক্ষী থেকেছে ভারত। দেখা যাচ্ছে না কিছুই! এই নিয়ে তৃতীয়বার ভারতে পাকিস্তান সরকারের টুইটার 'অ্যাকাউন্ট উইদহেল্ড' দেখাচ্ছে।এর আগে ২০২২ সালের অক্টোবর মাসেও একই রকম অবস্থা হয়েছিল পাকিস্তান সরকারের টুইটার অ্যাকাউন্টের। আবার জুলাই মাসেও ভারতে বন্ধ হয়ে গিয়েছিল পাকিস্তান সরকারের টুইটার অ্যাকাউন্ট, পরে তা দৃশ্যমান হয়। আগস্টে ভারতের পক্ষ থেকে পাকিস্তানের ৮টি ইউটিউব চ্যানেল বন্ধ করা হয়েছিল। ভুল তথ্য সম্প্রচারের অভিযোগে বন্ধ করা হয়েছিল এই চ্যানেলগুলি।

হরিদ্বারে পৌঁছলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, স্বাগত জানালেন মুখ্যমন্ত্রী

দেহরাদুন, ৩০ মার্চ ঃ একদিনের সফরে বৃহস্পতিবার হরিদ্বারে পৌঁছেছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ। গুরুকুল কাংরি বিশ্ববিদ্যালয়ের ১১৩ তম সমাবর্তনে অংশ নিতে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ পৌঁছেছেন। সমাবর্তন অনুষ্ঠানে বক্তব্য রাখেন তিনি।২০১৪ সাল থেকে ২০২২ সাল পর্যন্ত শিক্ষার্থীদের সমাবর্তন অনুষ্ঠান অনুষ্ঠিত হচ্ছে। এ সময় ১৮২ শিক্ষার্থীকে স্বর্ণপদক এবং ১৮১ শিক্ষার্থীকে পিএইচডি ডিগ্রি প্রদান করা হবে। অনুষ্ঠানে ৮ বছর বয়সী প্রায় ১৮০০ শিক্ষার্থীকে স্নাতক, স্নাতকোত্তর, পিজি ডিপ্লোমা, পিএইচডি এবং স্বর্ণপদক দিয়ে সম্মানিত করা হবে।এর আগে, মুখ্যমন্ত্রী পুষ্কর সিং ধামি, বিজেপি রাজ্য সভাপতি মহেন্দ্র ভাট, মন্ত্রী ডঃ ধন সিং রাওয়াত, সাংসদ ও বিধায়করা উত্তরাখণ্ডে ভাল্লা ইন্টার কলেজ গ্রাউন্ডে অমিত শাহকে স্বাগত জানান।

ধর্মীয় ভাবগাম্ভীর্য ও উৎসাহ-উদ্দীপনায় উদযাপিত রামনবমী, বিভিন্ন মন্দিরে ভক্তদের পূজার্চনা

নয়াদিল্লি, ৩০ মার্চ ঃ ধর্মীয় ভাবগাম্ভীর্য ও উৎসাহ-উদ্দীপনার মধ্য দিয়ে বৃহস্পতিবার দেশের বিভিন্ন প্রান্তে উদযাপিত হচ্ছে রামনবমী। বৃহস্পতিবার চৈত্র মাসের শুক্ল পক্ষের নবমী তিথি, আজকের এই পুণ্য তিথিতে গোটা দেশে পালন করা হয় রামনবমী। শাস্ত্র মতে এই সময়ে ভগবান রামচন্দ্রের জন্ম হয়েছিল। এই শুভ দিনে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, কংগ্রেস নেতা রাহুল গান্ধী-সহ অন্যান্য নেতারা। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী টুইট করে লিখেছেন, রাম নবমী উপলক্ষ্যে সমস্ত দেশবাসীকে শুভেচ্ছা। ত্যাগ, তপস্যা, সংযম ও সংকল্পের উপর ভিত্তিশীল মর্যাদা পুরুষোত্তম ভগবান রামচন্দ্রের জীবন প্রতিটি যুগে মানবতার জন্য অনুপ্রেরণা হয়ে থাকবে।রামনবমীর সকালে ভক্তদের ভিড় দেখা গিয়েছে দেশের বিভিন্ন মন্দিরে। রামনবমীর পবিত্র মুহূর্তে ওড়িশার ভুবনেশ্বরে ভগবান লিঙ্গরাজের ' রুকুনা রথযাত্রা'-তে ভক্তরা অংশ নেন। পাটনার মহাবীর মন্দিরে এদিন সকালে ভক্তদের ঢল নামে। গুয়াহাটির কামাখ্যা মন্দিরেও পুণ্যার্থীরা এদিন সকালে পুজো দেন। দিল্লির বিভিন্ন মন্দিরেও রাম নবমী উপলক্ষ্যে চলে পূজার্চনা। বারাণসী এবং অযোধ্যাতেও ভগবান রামের পূজার্চনা করা হয় এদিন।

উপসর্গ থাকলে মাস্ক পরতে হবে, করোনার নয়া নির্দেশিকা জারি দিল্লি সরকারের

নয়াদিল্লি, ৩০ মার্চ ঃ করোনাভাইরাস ঘিরে আবার উদ্বেগ বাড়ছে দেশে। সংক্রমণ বাড়ছে দিল্লিতেও। এই পরিস্থিতিতে সেখানে মাস্ক পরার পরামর্শ দিল দিল্লি সরকার। যাঁদের করোনার উপসর্গ রয়েছে, তাঁদের মাস্ক ব্যবহার করতে বৃহস্পতিবার নির্দেশিকা জারি করল আপ সরকার।বৃহস্পতিবার দিল্লির করোনা পরিস্থিতি নিয়ে জরুরি বৈঠকে বসেন স্বাস্থ্যমন্ত্রী সৌরভ ভরদ্বাজ। ওই বৈঠক শেষে তিনি বলেন, ' একটা নির্দেশিকা জারি করেছি। যাঁদের জ্বর-সহ করোনার অন্যান্য উপসর্গ রয়েছে, তাঁদের মাস্ক পরতে হবে।'' যে হারে আবার সংক্রমণ বাড়ছে, তাতে মাস্ক ব্যবহারের পরামর্শ দিয়েছেন চিকিসকরাও।দিল্লিতে লাফিয়ে বাড়ছে সংক্রমণ। বুধবার দিল্লিতে সংক্রমিত হয়েছেন ৩০০ জন। গত বছরের ৩১ আগস্টের পর এই প্রথম এই সংখ্যক মানুষ করোনায় আক্রান্ত হয়েছেন। দিল্লিতে করোনায় মোট আক্রান্তের সংখ্যা ২ লক্ষ ৯ হাজার ৩৬১। মোট মৃত্যুর সংখ্যা ২৬ হাজার ৫২৬। এই পরিস্থিতিতে শুক্রবার স্বাস্থ্যকর্তাদের সঙ্গে আরও একটি বৈঠকে বসার কথা দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়ালের।

পূর্ণাঙ্গ পঞ্জিকা

কলকাতা,৩১ মার্চ ঃশুক্রবার, ১৬ চৈত্র মাস ১৪২৯ বঙ্গাব্দ, ইংরেজীঃ৩১মার্চঃ২০২৩, ৫৩৬ চৈতন্যাব্দ, কলিঃ৫১২৩, সৌরঃ ১৬ চৈত্র মাস, চান্দ্র ৭ মধুসুদন মাস, ১৯৪৪ শকাব্দ ২০৭৯ বিক্রম সাম্ব, ২৫৬৫ বুদ্ধাব্দ, বাংলাদেশঃ১৬ চৈত্র মাস ১৪২৯, ভারতীয় সিভিলঃ১১ চৈত্র মাস ১৯৪৪, মৈতেঃ১১ শজিবু, আসামঃ২৬ চ'ত, মুসলিমঃ৮-ইদ-১৪৪৩ হিজরী শ্রীশ্রী অন্নপূর্ণাপূজা গতস্বপন (সপ্তমী)সূর্য উদয়ঃ সকাল ০৫ঃ২৪ঃ২৫ এবং অস্তঃবিকাল ০৫ঃ০০। চন্দ্র উদয়ঃসকাল ১০ঃ১ঃ২২(৮) এবং অস্তঃরাত্রি ১২ঃ১৬ঃ৫০(৮)শুক্ল পক্ষ তিথিঃসপ্তমী (ভদ্রা) রাত্রিঃ০৮ঃ০১ দং ৩৭৩৮৪৫ পর্যন্ত নক্ষত্রঃআর্দ্রা রাত্রিঃ১১ঃ০১ দং ৪৫৮৪৫ পর্যন্ত পরে পুনর্বসুকরণঃবণিজ রাত্রিঃ০৮ঃ০১ দং ৩৭৩৮৪৫ পর্যন্ত পরে বিষ্টিযোগঃঅতিগণ্ড অমৃতযোগঃদিন ০৫ঃ২৪ঃ৩১ থেকে - ০৭ঃ০৪ঃ১২ পর্যন্ত, তারপর ০৭ঃ৫৪ঃ০২ থেকে - ১০ঃ২৩ঃ৩৩ পর্যন্ত, তারপর ১২ঃ৫৩ঃ০৪ থেকে - ০২ঃ৩২ঃ৪৫ পর্যন্ত, তারপর ০৪ঃ১২ঃ২৫ থেকে - ০৫ঃ৫২ঃ০৬ পর্যন্ত এবং রাত্রি ০৭ঃ২৪ঃ২৫ থেকে - ০৮ঃ৫৬ঃ৪৫ পর্যন্ত, তারপর ০৩ঃ০৬ঃ০২ থেকে - ০৩ঃ৫২ঃ১২ পর্যন্ত। মহেন্দ্রযোগ রাত্রি ১০ঃ২৯ঃ০৪ থেকে - ১১ঃ১৫ঃ১৪ পর্যন্ত, তারপর ০৩ঃ৫২ঃ১২ থেকে - ০৫ঃ২৪ঃ৩১ পর্যন্ত। কুলিক বেলাঃ দিন ০৭ঃ৫৪ঃ০২ থেকে - ০৮ঃ৪৩ঃ৫২ পর্যন্ত। কুলিক রাত্রিঃ০৭ঃ২৪ঃ২৫ থেকে - ০৮ঃ১০ঃ৩৫ পর্যন্ত। বারবেলাঃ দিন ০৮ঃ৩১ঃ২৫ থেকে - ১০ঃ০৪ঃ৫২ পর্যন্ত। কালবেলাঃদিন ১০ঃ০৪ঃ৫২ থেকে - ১১ঃ৩৮ঃ১৮ পর্যন্ত। কালরাত্রিঃ০৮ঃ৪৫ঃ১২ থেকে - ১০ঃ১১ঃ৪৫ পর্যন্ত। গ্রহস্ফুট (সূর্য উদয় কালীন)ঃরবিঃ১১২৪৪৬১৯ (২৭) ৩ পদচন্দ্রঃ ২২১৫২৫০ (৭) ১ পদমঙ্গলঃ ৯২৭৫৩৫৯ (২৩) ২ পদবুধঃ ০২২২৫ (১) ১ পদবৃহস্পতিঃ ১০২৯৪২২৩ (২৫) ৩ পদশুক্রঃ ১০৮১৭৩ (২৪) ১ পদশনিঃ ৯২৫৪৩০ (২৩) ১ পদরাহুঃ ১২২৭৫৩ (৩) ২ পদকেতুঃ ৭২২৭৫৩ (১৬) ৪ পদ।বারবেলাঃ দিন ০৮ঃ৩১ঃ২৫

আবহাওয়া

আংশিক মেঘলা আকাশ।বৃষ্টির হওয়ার সম্ভাবনা আছে। তাপমাত্রা সর্বোচ্চ ৩৫.০৫ডিগ্রী সেলসিয়াস ও (২) সর্বনিম্ন ২৫.০৪এডিগ্রী সেন্টিগ্রেড ও (১) দিনের বেলায়। আপেক্ষিক আর্দ্রতা হবে ৯০শতকরা এবং ৫০শতকরা। বৃষ্টি হয়েছে বৃহঃবার। জোয়ার- সকাল ৭টা ২০ মিনিট এবং রাত-৭টা ২০মিনিট হবে। ভাটা-সকাল-৭টা ২০মিনিট। রাত-৭টা ২০ মিনিট। সূর্য উদয় হবে আজঃ ৫ টা ৩৪মিনিটে এবং সূর্য অস্ত যাবে দিনেঃ ৫ টা -৫৩মিনিটের মধ্যে হবে আজ হতে পারে।

রাশিফল

মেষরাশিঃআপনি দীর্ঘস্থায়ী অসুস্থতা থেকে পরিত্রাণ পেতে পারেন। বিবাহের যোগ হবে আজ

বৃষভ রাশিঃ আপনি আপনার দিন যোগ এবং ধ্যান দিয়ে শুরু করতে পারেন। এটি করা আপনার পক্ষে উপকারী হবে এবং আপনি সারা দিন ধরে আপনার শক্তির স্তর ।

মিথুন রাশিঃআপনার ক্ষমতা শক্তি বেশী থাকবে এবং আপনার অমীমাংসিত কাজ সম্পন্ন করার জন্য এই সময়কে ব্যবহার করা

কর্কট রাশিঃআজ কল্যাণকর দিন এবং আপনি হয়তো একটি দীর্ঘমেয়াদী অসুস্থতা থেকে মুক্তি পেতে পারেন। আর্থিকভাবে, আপনি সবল থাকবে।শুভদিন।

সিংহ রাশিঃকথা বলবার আগে দুবার ভাবুন। আপনার মতামতগুলি অজান্তেই কারোর অনুভূতিকে আহত করতে পারে।।

কন্যা রাশিঃআপনার স্বযত্নলালিত স্বপ্ন সত্যে পরিণত হবে। কিন্তু আপনার উত্তেজনা নিযন্ত্রণের রাখা উচিত কারণ খুব বেশী আনন্দ কিছু সমস্যার কারণ হতে পারে।

তুলা রাশিঃ আপনার আবেগপ্রবণ স্বভাব আপনার স্বাস্থ্যে গুরুতর সমস্যার সৃষ্টি করতে পারে।

বৃশ্চিক রাশিঃআপনার ঐক্যনাশক আবেগ এবং ঝোঁক নিয়ন্ত্রণে রাখুন। আপনার গোঁড়া চিন্তাপুরোনো ধারণা আপনার প্রগতিকে ব্যাহত করে- উন্নয়নকে

ধনু রাশিঃ চাপ মুক্ত হতে আপনার মূল্যবান সময় আপনার বাচ্চাদের সাথে কাটান। আপনি বাচ্চাদের উপশমকারী ক্ষমতা অনুভব করে

মকর রাশিঃ সামাজিকতার ভয় আপনাকে বলহীন করে তুলতে পারে। বিববাহের যোগ হবে আজ

কুম্ভ রাশিঃসংসারে শান্তি। আর্থিক সংকট হতে পারে আজ থেকে।

মীন রাশিঃআপনার সব সমস্যার জন্য সেরা প্রতিষেধক হল হাসি। আজকে সাফল্যের সূত্রই হল এমন মানুষের উপদেশে পয়সা

মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে হিন্দুবিরোধী বলে কটাক্ষ দিলীপ ঘোষের, দিলীপের কড়া সমালোচনায় কল্যাণ- অরূপ

শ্রেয়া আদক, হাওড়া, ৩০ মার্চ ঃ মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে হিন্দুবিরোধী বলে কটাক্ষ দিলীপ ঘোষের। পাল্টা দিলীপের কড়া সমালোচনায় কল্যাণ, অরূপ। বৃহস্পতিবার রামনবমীর দিনে হাওড়ায় এক কর্মসূচিতে এসে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে হিন্দুবিরোধী বলে কটাক্ষ করেন বিজেপির সর্বভারতীয় সহ সভাপতি ও খড়্গপুর লোকসভার সাংসদ দিলীপ ঘোষ। তিনি বলেন, রাম এখানে ছিলেন, আছেন ও থাকবেন। তবে রাম অযোদ্ধার রাজা ছিলেন, সুপ্রশাসক ছিলেন। তাই রাম রাজত্ব বাস্তবে প্রতিষ্ঠিত করার জন্যই তাঁরা লড়াই ও রাজনীতি করছেন। এছাড়াও তিনি দাবি করেন মুখ্যমন্ত্রী নিজেকে যে হিন্দু প্রেমী বলে প্রচারের চেষ্টা করেন সেটা মিথ্যা। ঈদের দিনে রাজ্যে দুদিনের ছুটি দেওয়া হলেও রাম নবমীতে রাজ্য সরকার ছুটি দেয় না। উনি রামনবমীর দিনে ধর্মতলাতে ধর্ণাতে বসেছেন। উনি কখন মুখ্যমন্ত্রী ও কখন দলের নেত্রী হয়ে যান তা বোঝাও যায় না। পাশাপাশি রামনবমীর অস্ত্র মিছিল প্রসঙ্গে দিলীপ ঘোষ বলেন, এদিন কে কিভাবে পালন করবেন সেটা তাঁদের বিষয়। এতে বলার কেউ নেই। আইনশৃঙ্খলা বজায় রাখা পুলিশের দায়িত্ব বলেই দাবি করেন এই বিজেপি নেতা। এছাড়াও তিনি বলেন রামনবমীর উৎসব সারা দেশে পালন করা হচ্ছে। রাম সকলের হৃদয়ে রয়েছে। এই রাজ্যেও বিভিন্ন স্থানে রাম নবমীর উৎসব পালন করা হচ্ছে। রাজ্যের সমবায় মন্ত্রী অরূপ রায় এই প্রসঙ্গে বলেন, দিলীপ ঘোষ একটা উৎশৃঙ্খল রাজনৈতিক নেতা। তাঁর কথার উত্তর দেওয়ার প্রয়োজন নেই বলে মনে হয়। উনি মাঝেমধ্যে ভুল বকেন। এদিনও তিনি ভুল বকেছেন। মুখ্যমন্ত্রী রাজ্যের প্রায় সাড়ে ১০ কোটি মানুষের স্বার্থে এই আন্দোলনে নেমেছেন। কখনও কোথাও দেখা যায়নি মুখ্যমন্ত্রী রাস্তায় নেমে আন্দোলন করছেন। এটা বাংলায় সম্ভব। বাংলার মানুষকে কেন্দ্রীয় সরকার বঞ্চনা করে যাচ্ছে। অতীতে দেখা গিয়েছে এমন কিছু ইস্যু নিয়ে বামেরা বন্‌ধ ডাকত যেগুলো কোন ইস্যুই নয়। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় জনজীবন স্বাভাবিক রেখে রাস্তায় নেমে আন্দোলন করছেন, যাতে কেন্দ্রীয় সরকারের চেতনা হয়। এদিন দিলীপ ঘোষের মন্তব্য নিয়ে প্রশ্নের উত্তরে তৃণমূলের হাওড়া সদর জেলা সভাপতি বিধায়ক কল্যান ঘোষ বলেন, দিলীপ ঘোষ ভুলে গিয়েছেন আমাদের সরকারই হিন্দুদের পুজোয় সবচেয়ে বেশি ছুটি দেয়। দিলীপ ঘোষের কাছ থেকে আমাদের হিন্দুত্ব শিখতে হবে না। বাংলার মানুষ ২০২১ সালে তৃতীয়বারের জন্য মমতা বন্দ্যোপাধ্যায়কে মুখ্যমন্ত্রী করে প্রমাণ করে দিয়েছে কে সত্যিকারের হিন্দু। বাংলার মানুষ এবং সরকার অশান্তি চায় না। সেইজন্য ওরা ভাবছে অস্ত্র মিছিল করে অশান্তি সৃষ্টি করব। অশান্তি যাতে না হয় সেই জন্য বিষয়টি উপেক্ষা করছি। সেই নিয়ে বলার কিছু নেই। ওরা অশান্তি করতে পারবে না। ৫ বছর আগেও অস্ত্রমিছিল বেরত না। এখন ক্ষমতায় আসার জন্য, মানুষকে বিভ্রান্ত করার জন্য এই ব্যবস্থা। রামনবমী আজকে থেকে হচ্ছে না। রামরাজাতলায় আগে বিজেপিকে এমন দেখা যায়নি। যারা দুর্নীতিগ্রস্ত হবে বিজেপির ওয়াসিং মেশিনে গেলে তাঁদের আর কোন শাস্তি নেই। জেলে যেতে হবে না। আর তখন তারা বহাল তবিয়তে তৃণমূলের বিরুদ্ধে বক্তব্য রাখতে পারবে।

শুক্রবার থেকে ঝড় বৃষ্টির আশঙ্কা

দুরন্ত বার্তা, কলকাতা, ৩০ মার্চ ঃ দক্ষিণবঙ্গে আংশিক মেঘলা আকাশ দেখা যাবে। শুক্রবার থেকে ফের রাজ্য জুড়ে ঝড় বৃষ্টির আশঙ্কা। এবার বৃষ্টির নতুন স্পেল পাবে রাজ্য। দক্ষিণবঙ্গে বিক্ষিপ্তভাবে ঝড় বৃষ্টির সম্ভাবনা রয়েছে। উপকূলের জেলা দুই মেদিনীপুর, হাওড়া এবং দুই ২৪ পরগনাতে বৃষ্টির সম্ভাবনা বেশি থাকবে। দিন ও রাতের তাপমাত্রা বাড়বে বলে জানা গিয়েছে। জলীয় বাষ্প থাকায় অস্বস্তিও বাড়বে। ক্রমশঃ ঝড় বৃষ্টির পরিমাণ বাড়বে। শুক্রবার ঝড়-বৃষ্টি বেশি হওয়ার সম্ভাবনা রয়েছে বেশিরভাগ জেলায়। শিলাবৃষ্টির সম্ভাবনা থাকবে বাঁকুড়া, পুরুলিয়া, পশ্চিম বর্ধমান, বীরভূম, মুর্শিদাবাদ এবং নদীয়া জেলায়। এই স্পেলের দুর্যোগ চলবে শনি এবং রবিবার পর্যন্ত। উত্তরবঙ্গে বৃহস্পতিবার থেকে ফের বৃষ্টি বাড়বে। দার্জিলিং, কালিম্পং, আলিপুরদুয়ার, কোচবিহার ও জলপাইগুড়ি এই পাঁচ জেলাতে বজ্রবিদ্যুৎ সহ হালকা বৃষ্টি চলবে। মালদা ও দুই দিনাজপুরের নিচের দিকের জেলাগুলিতে বৃহস্পতিবার শুষ্ক আবহাওয়া থাকবে। শুক্রবার ঝড় বৃষ্টির পরিমাণ আরও বেশি থাকার সম্ভাবনা রয়েছে। কলকাতায় আংশিক মেঘলা আকাশ দেখা যাবে। দুপুরের পর থেকে সম্পূর্ণ মেঘলা আকাশ থাকবে। থাকবে গুমোট অস্বস্তি। বজ্রবিদ্যুৎসহ হালকা বৃষ্টির সম্ভাবনা রয়েছে। সকালে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬.১ ডিগ্রি। বুধবার দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪.১ ডিগ্রি সেলসিয়াস। বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ ৫১ থেকে ৮৭ শতাংশ। ছিটেফোঁটা বৃষ্টি হয়েছে।

তারকেশ্বরে যাওয়ার পথে দিল্লি রোডে ছোট লরি উল্টে মৃত ২, আহত একাধিক

বনস্পতি দে, হুগলি, ৩০ মার্চ ঃ তারকেশ্বর মন্দিরে জল ঢালতে যাওয়ার সময় দিল্লি রোডে নিয়ন্ত্রণ হারিয়ে উল্টে গেল পুণ্যার্থীদের গাড়ি। ঘটনায় অসীম রায় ও আকাশ মন্ডল নামে দুজনের মৃত্যু হয়েছে। আহত হয়েছেন আরো কুড়ি জন। তাদের মধ্যে বেশ কয়েকজন বাচ্চাও রয়েছে। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে উত্তর ২৪ পরগনার গাইঘাটা থেকে তারকেশ্বর বৃহস্পতিবার যাওয়ার সময় ভদ্রেশ্বরের বিঘাটি দাসপাড়ায় দিল্লি রোডে নিয়ন্ত্রণ হারিয়ে উল্টে যায় ছোট লরি। গাড়িটিতে ছোট বড় মিলিয়ে মোট ৩০ জন পুণ্যার্থী ছিলেন তাদের উদ্ধার করে চন্দননগর হাসপাতালে পাঠানো হয়েছে। গুরুতর আহতদের মধ্যে চন্দননগর মহকুমা হাসপাতালে নিয়ে যাওয়ার সময় রাস্তায় একজনের মৃত্যু হয়, অপরজন হাসপাতালে মারা যায় বলে জানা গেছে। দুর্ঘটনাগ্রস্থ গাড়ির কয়েকজন আরোহীদের থেকে জানা গেল, তারকেশ্বরে জল ঢালতে উত্তর ২৪ পরগনার গাইঘাটা থেকে ৩০ জনের একটি দল ছোট লরিতে করে তারকেশ্বরে যাচ্ছিল সেই সময়ে ভদ্রেশ্বরের বিঘাটির কাছে, দিল্লি রোডের ওপর কোনোভাবে নিয়ন্ত্রণ হারিয়ে লরিটি উল্টে যায়। সঙ্গে সঙ্গে স্থানীয়রা ছুটে এসে আহতদের উদ্ধার করে চন্দননগর মহকুমা হাসপাতালে নিয়ে যায়। খবর পেয়ে পুলিশ দ্রুত ঘটনাস্থলে ছুটে আসে ও আহতদের হাসপাতালে পাঠানোর ব্যবস্থা করে। মৃত দুই জনের দেহ ময়নাতদন্তের জন্য হাসপাতালে পাঠানো হয়েছে।

বহড়ু থেকে ধৃত দুই দুস্কৃতি

দুরন্ত বার্তা, জয়নগর, ৩০ মার্চ ঃ পঞ্চায়েত ভোটের নির্ঘন্ট প্রকাশ হল বলে। আর তাঁর আগেই এলাকার নিরাপত্তা বজায় রাখতে নিয়মিত রুট মার্চ করা হচ্ছে পুলিশের পক্ষ থেকে। আর এবার পুলিশের জালে ধৃত দুই দুস্কৃতি। ডাকাতির আগেই ধৃত দুই দুস্কৃতি জয়নগর থানার বহড়ু থেকে। বৃহস্পতিবার পাঠানো হল জয়নগর থানা থেকে বারুইপুর মহকুমা আদালতে। বুধবার রাতে গোপন সূত্রে খবর পেয়ে জয়নগর থানার এস আই রাজু গুপ্তা সহ পুলিশের বিশেষ টিমের হাতে জয়নগর থানার বহড়ু এলাকা থেকে ডাকাতির আগেই গ্রেফতার করা হয় সাজাহান গাজী ওরফে লালটু, বাড়ি বহড়ু হাসিমপুর এলাকায় ও হালিম খান, বাড়ি বহড়ুর দিঘির পাড়। ধৃতদের বৃহস্পতিবার জয়নগর থানা থেকে বারুইপুর মহকুমা আদালতে পাঠানো হয়। ধৃতদের নিজেদের হেফাজতে নিয়ে তদন্তের কাজ এগিয়ে নিয়ে যেতে চায় জয়নগর থানার পুলিশ।

পথশ্রী-রাস্তাশ্রী প্রকল্পে হাওড়া সদর সাংগঠনিক জেলায় ৮৬ টি রাস্তা হচ্ছে ঃ বিধায়ক কল্যাণ ঘোষ

দুরন্ত বার্তা, হাওড়া, ৩০ মার্চ ঃ পথশ্রী-রাস্তাশ্রী প্রকল্পে হাওড়া সদর সাংগঠনিক জেলায় ৮৬ টি রাস্তা হচ্ছে। সাংবাদিক বৈঠকে জানালেন বিধায়ক কল্যাণ ঘোষ। বাংলায় ২২টি জেলাজুড়ে প্রায় ৩০ হাজার গ্রামে ১২,০০০ কিলোমিটার এর বেশি রাস্তা তৈরি হবে বলে আগেই জানিয়েছিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।

পথশ্রী- রাস্তাশ্রীর উদ্বোধনে তিনি জানিয়েছিলেন রাজ্যের সমস্ত গ্রাম পঞ্চায়েত জুড়ে ১২ হাজার কিলোমিটারের বেশি রাস্তা তৈরি হবে। এই প্রকল্পের আওতায় প্রায় নয় হাজারটি রাস্তা তৈরি হবে। সিঙ্গুর থেকে এই প্রকল্প ঘোষণা করেছিলেন মুখ্যমন্ত্রী এবং অন্যদেরও তাদের নিজ এলাকায় এই কাজ শুরু নির্দেশ দিয়েছিলেন তিনি। বৃহস্পতিবার সকালে হাওড়ায় তৃণমূল কংগ্রেসের সদর কার্যালয়ে এক সাংবাদিক বৈঠকে রাজ্যের মন্ত্রী অরূপ রায় এবং হাওড়া জেলা সদর তৃণমূল কংগ্রেসের সভাপতি কল্যাণ ঘোষ হাওড়া সদর সাংগঠনিক জেলায় এই প্রকল্পের বিভিন্ন খতিয়ান তুলে ধরেন। জানা গেছে, পশ্চিমবঙ্গের গ্রামীন রাস্তার সার্বিক উন্নতির লক্ষ্যে হাওড়াতেও শুরু হয়েছে পথশ্রী - রাস্তাশ্রী প্রকল্প। এই প্রকল্পের অধীনে শুধু হাওড়া সদর এলাকাতেই ৮৬ টি রাস্তা তৈরি হচ্ছে। এর মধ্যে ডোমজুড়ে ২৯ টি, জগৎবল্লভপুরে ২৬ টি, পাঁচলায় ২৭ টি এবং হাওড়া দক্ষিণে চারটি রাস্তা তৈরি হচ্ছে।

নিজের যোগ্যতায় চাকরি পেয়েছিল যারা তাদের থেকেও টাকা দাবি করতেন অভিযুক্ত অয়ন, চাঞ্চল্যকর অভিযোগ

দুরন্ত বার্তা, হুগলি, ৩০ মার্চ ঃ যারা নিজের যোগ্যতায় চাকরি পেয়েছিল তাদের থেকেও লাখ লাখ টাকা দাবি করতেন নিয়োগ দুর্নীতিতে অভিযুক্ত অয়ন শীল। দাবি মতো টাকা না দেওয়ায় প্যানেল থেকে নাম বাদ। সামনে এল এমনই চাঞ্চল্যকর তথ্য। পুরসভায় যোগ দিয়েও টাকা না দিতে পারায় সেই চাকরি আর করতে পারেননি চুঁচুড়ার চয়নিকা আঢ্য। ২০১৯ সালে উত্তর ২৪ পরগনার টিটাগড় পুরসভায় চতুর্থ শ্রেনীর কর্মী নিয়োগের বিজ্ঞাপন দেখে আবেদন করেন চুঁচুড়া ষন্ডেশ্বরতলার চয়নিকা আঢ্য। জাতীয় স্তরের যোগাসন চ্যাম্পিয়ন, ভালো অ্যাথলিট চয়নিকা, প্লেয়ার্স কোটায় সেই চাকরির পরীক্ষা দিয়ে ইন্টারভিউয়ে ডাক পান। ইন্টারভিউয়ের পর চাকরি হয়ে যায় তার। পুরসভার তরফে ১১ নভেম্বর ২০১৯ সালে জয়েনিং লেটারও দেওয়া হয়। চয়নিকা জানান, এক পুলিশ কর্মী একদিন তাঁর বাড়িতে গিয়ে বলেন অয়ন শীলের অফিসে গিয়ে দেখা করতে বলেন। তাকে বলা হয় চাকরির ব্যাপারে কথা আছে। কথা মতো চয়নিকা তাঁর বাবাকে নিয়ে চুঁচুড়া জগুদাসপাড়ায় অয়ন শীলের অফিসে গিয়ে দেখা করেন। অভিযোগ, অয়ন তাদের বলেন চাকরির জন্য পাঁচ লাখ টাকা দিতে হবে। জবাবে চয়নিকা জানিয়েছিলেন, তিনি তো অয়ন শীলের ক্যান্ডিডেট নন ,তাহলে কেন টাকা দেবেন? আর দ্বিতীয়ত তার কাছে অত টাকা নেই। সেদিন ফিরে আসার পর অয়ন শীলের লোক তাঁর সঙ্গে আবার যোগাযোগ করে এবং সল্টলেকের অফিসে যেতে বলে। সল্টলেকের অফিসে বাবাকে নিয়ে গিয়েও ছিলেন চয়নিকা কিন্তু বেশ কয়েক ঘন্টা দাঁড়িয়ে থেকেও দেখা না পেয়ে ফিরে আসেন। পরে জানতে পারেন প্রতারণার করা হয়েছে তাঁর সঙ্গে। অন্যদিকে, সেই সময় বিবাহ বিচ্ছেদ নিয়েও সমস্যা চলছিল চয়নিকার জীবনে। বাড়িতে বৃদ্ধ বাবা- মা, চাকরির খুব প্রয়োজন ছিল। তাই হাল না ছেড়ে টিটাগড় পুরসভায় গিয়ে কথা বলেন চেয়ারম্যানের সঙ্গে। হবে না হবে না করেও তাকে জয়েন করানো হয়। স্যালারির জন্য স্থানীয় বেসরকারি ব্যাঙ্কে জিরো ব্যালান্সে অ্যাকাউন্ট খোলা থেকে এটিএম কার্ড সব করে দেওয়া হয়। ছয় দিন কাজও করেন পুরসভার চতুর্থ শ্রেনীর কর্মী হিসাবে। তারপর তাঁকে বের করে দেওয়া হয় পুরসভা থেকে। চয়নিকা বলেন, নিয়োগ তালিকায় ২২০ নম্বরে নাম ছিল তাঁর। রাতারাতি সেই তালিকা পরিবর্তন করে যারা ছিল না, তাদের নাম ঢুকিয়ে দেওয়া হয়। তাঁর দাবি ও সন্দেহ, যারা টাকা দিতে পেরেছিল তাদের চাকরি দেওয়া হয়েছে। আর চয়নিকার মতো যারা নিজেদের যোগ্যতায় চাকরি পেয়েছিলেন তাদের বাদ দেওয়া হয়েছে। এর পিছনে অয়ন শীল এবং নিয়োগ দুর্নীতি চক্র জড়িত। অয়ন শীলের সংস্থা পানিহাটি সহ বেশ কয়েকটি পুরসভায় নিয়োগের পরীক্ষার দায়িত্বে ছিল। তাঁর অফিস থেকে ইডি বিভিন্ন পুরসভায় নিয়োগের পরীক্ষার ওএমআর শিট উদ্ধার করেছে ইতিমধ্যে। হুগলির প্রাক্তন তৃণমূল যুব নেতা শান্তনু বন্দ্যোপাধ্যায় ঘনিষ্ঠ প্রমোটার অয়ন শীল ইডি হেফাজতে রয়েছেন। তার বিরুদ্ধে স্কুল পুরসভা সহ বিভিন্ন সরকারি দপ্তরে নিয়োগের নামে লক্ষ লক্ষ টাকা তোলা ও বহু মানুষকে প্রতারিত করার অভিযোগ।

বাংলা ভাষাকে ধ্রুপদী ভাষার মর্যাদার দাবিতে কেন্দ্রের কাছে আবেদন

দুরন্ত বার্তা, কলকাতা, ৩০ মার্চ ঃ বাংলা ভাষাকে ধ্রুপদী ভাষার মর্যাদা দিতে এর প্রাচিনত্ব সংক্রান্ত প্রামাণ্য নথি সহ রাজ্য সরকার শীঘ্রই কেন্দ্রের কাছে আবেদন জানাবে। রাজ্যের উচ্চশিক্ষা দফতরের অধীন ভাষা শিক্ষা ও গবেষণা কেন্দ্র আইএলএসআর- বাংলার প্রাচীনত্বের নমুনা সংক্রান্ত একটি প্রামাণ্য রিপোর্ট প্রস্তুত করছে। যা আগামী মে মুখ্যমন্ত্রীর কাছে জমা দেওয়া হবে বলে ওই প্রতিষ্ঠান সূত্রে জানা গেছে। তারপরেই বাংলা ভাষা দেশের সপ্তম ধ্রুপদী ভাষা হিসাবে তকমা পায় তার জন্য কেন্দ্রীয় সংস্কৃতি মন্ত্রকের কাছে আনুষ্ঠানিক ভাবে আবেদন জানানো হবে বলে জানা গেছে। প্রসঙ্গত দেশের ছ'টি ভাষা কেন্দ্রের কাছ থেকে ধ্রুপদী ভাষার স্বীকৃতি পেয়েছে। ইন্দো- ইউরোপীয় ভাষা হিসেবে বাংলার স্বীকৃতির দাবিও জোরালো হয়ে উঠেছিল। একটি ভাষার ক্লাসিকাল বা ধ্রুপদী তকমা পাওয়ার জন্য বেশ কিছু যোগ্যতামান বেঁধে দিয়েছে কেন্দ্র। বলা হয়েছে, সংশ্লিষ্ট ভাষাটিকে ১৫০০ থেকে ২ হাজার বছর পুরনো হতে হবে। অন্য কোনও ভাষা থেকে সেই ভাষা এবং সংস্কৃতি উদ্ভূত না হওয়া আবশ্যিক। প্রজন্মের পর প্রজন্ম ওই ভাষাভাষীর মানুষ সংশ্লিষ্ট ভাষাটির প্রাচীন লিখিত রূপকে ঐতিহ্য হিসেবে দেখেছে কি না, সেটাও গুরুত্বপূর্ণ। এক্ষেত্রে ওই ভাষায় ১০০০ বছরের কোনও লিখিত প্রামাণ্য থাকার কথাও পরে জানিয়েছে কেন্দ্র। এসব মাপকাঠিতে এখনও বাংলা সেই শিরোপা পায়নি। যদিও সাম্প্রতিকতম গবেষণায় যে মাপকাঠি ধার্য হয়েছে, তার চেয়ে অনেক পুরনো লিখিত নথির প্রমাণ মিলেছে। যে কোনও যোগ্যতামানের ঢের বেশি প্রমাণ এই গবেষণায় উঠে এসেছে।

মিছিল অন্য রুট দিয়ে ঘোরানোর প্রতিবাদে বালিতে রাস্তা অবরোধ করে বিক্ষোভ দেখালো মিছিলের উদ্যোক্তারা

দুরন্ত বার্তা, হাওড়া, ৩০ মার্চ ঃ রামনবমীর মিছিল অন্য রুট দিয়ে ঘোরানোর প্রতিবাদে বালিতে রাস্তা অবরোধ করে বিক্ষোভ দেখালো মিছিলের উদ্যোক্তারা। বালির লালবাবা কলেজের সামনে বৃহস্পতিবার দুপুরে পথ অবরোধ করেন রাষ্ট্রীয় সংহতির সদস্যরা। জানা গেছে, বালিখাল হনুমান মন্দির থেকে এদিন শুরু হয়েছিল এই ধর্মীয় মিছিল। উদ্যোক্তাদের অভিযোগ, পুলিশ নিজের মতো করে রুট তৈরি করে তাদের নিয়ে যায়। কিন্তু যে রুটের জন্য তারা আবেদন করেছিলেন পুলিশ সেই সব রুটে তাদের যেতে দেয়নি। অভিযোগ, পুলিশ অন্য রুট দিয়ে মিছিল ঘুরিয়ে দেয়। এরই প্রতিবাদে উদ্যোক্তারা এদিন বালির লালবাবা কলেজের সামনে পথ অবরোধ করেন। উল্লেখ্য, এদিন বালিখাল থেকে শুরু করে বেলুড় বাজার বিজেপি পার্টি অফিসের সামনে এসে শেষ হয় মিছিল। বিজেপির বালি মন্ডলের প্রাক্তন সভাপতি রাজা গোস্বামী জানান, এদিন রামনবমীর শোভাযাত্রা ছিল। রাষ্ট্র সংঘতির পক্ষ থেকে সমগ্র বালি জুড়ে এই শোভাযাত্রার অনুমতি নেওয়া হয়েছিল। কিন্তু যিনি অনুমতি নিতে গিয়েছিলেন তাকে পুলিশ নিজেদের মতো করে রুটের অনুমতি দিয়েছিল। র‍্যালি করার জন্য যে রুট প্রশাসনের ঊর্ধতন কর্তৃপক্ষকে দেওয়া হয়েছিল তা করতে দেওয়া হয়নি। তিনি বলেন, প্রতি বছর র‍্যালিকে পুলিশ আটকাচ্ছে। এইভাবে র‍্যালি আটকানো যাবে না। পরবর্তী বছরে অনুমতি নিয়ে র‍্যালি করা হলেও পুলিশের রুটে র‍্যালি আমরা আর করব না। আমাদের র‍্যালি নিজেদের মতো করেই আগামী দিনে সফল করব। যখন আমাদের রুটে যাওয়ার জন্য এগোলেই বারেবারে পুলিশ বাধা দিচ্ছে এতে বাধ্য হয়েই রাস্তা অবরোধ করা হয়েছে।

শোভাযাত্রায় পা মেলান বিজেপির নেতা

দুরন্ত বার্তা, হাওড়া, ৩০ মার্চ ঃ রামনবমী উপলক্ষ্যে হাওড়া মহানগর, রামসেনার উদ্যোগে বৃহস্পতিবার সকালে এক ধর্মীয় শোভাযাত্রার আয়োজন করা হয়। মধ্য হাওড়ার খুরুট মোড় থেকে শুরু হয় ওই শোভাযাত্রা। রামনবমী উপলক্ষে আয়োজিত ওই শোভাযাত্রায় তরোয়াল হাতে নিয়ে মিছিলে অংশ নিতে দেখা যায় বিজেপি নেতাদের। যদিও উদ্যোক্তাদের দাবি এটা অস্ত্র মিছিল নয়। ধর্মীয় পরম্পরা মেনে মিছিল। এরপর ওই শোভাযাত্রা নেতাজি সুভাষ রোড, ঘোষপাড়া, দালালপুকুর, নতুন রাস্তা মোড়, রামচরণ শেঠ রোডের সাঁত্রাগাছি মোড় হয়ে রামরাজাতলার রাম মন্দিরে এসে শেষ হয়। রামসেনার পক্ষ থেকে কর্মীরা রাম মন্দিরে পুজো দেন। ওই মিছিলে রামসেনানীদের সঙ্গে পা মেলান কলকাতা কর্পোরেশনের পৌরপিতা বিজেপি নেতা সজল ঘোষ, রাজ্য বিজেপির নেতা সঞ্জয় সিং ও উমেশ রাই সহ অন্যান্য নেতৃত্ব।

বাসন্তী পূজার নবমী তিথিতে শ্রী শ্রী অন্নদা ঠাকুর প্রতিষ্ঠিত আদ্যাপীঠ আদ্যামা প্রাপ্তির ১০৯ তম বর্ষ উপলক্ষে দক্ষিণেশ্বর রামকৃষ্ণ আদ্যাপীঠের উদ্যোগে প্রায় ২০০০ কুমারীদের পূজা করা হয়। এই পূজার আনুষ্ঠানিক উদ্বোধন করলেন রামকৃষ্ণ সংঘ আদ্যাপীঠের সাধারণ সম্পাদক কাম ট্রাস্টি ব্রহ্মচারী মুরাল ভাই। পুজোর শেষে কুমারী মেয়েদের প্রসাদের ব্যবস্থা ছিল নানা রকমের। বহুদূর দূর থেকে কুমারীরা আসে এবং মাতৃরূপে তাদের পুজো করা হয়। বিভিন্ন ফল মিষ্টি উপঢৌকন তাদেরকে দেওয়া হয়। কুমারী রূপে আদ্যা মাকে পুজো করার রীতি চলে আসছে বহুদিন ধরে জানালেন সংঘের সাধারণ সম্পাদক মুরাল ভাই এবং আশ্রমের আবাসিক কুমারীদেরও এই দিন পূজিত করা হয় বালিকাশ্রমে এর তত্ত্বাবধানে ছিলেন ব্রহ্মচারী বিবেক ভাই ও অন্যান্যরা।

সুন্দরবনের মৌলেদের পাশে রাজ্য বন দফতর

উজ্জ্বল বন্দ্যোপাধ্যায়, কুলতলি, ৩০ মার্চ ঃ সুন্দরবনের মৌলেদের জন্য এবার এগিয়ে এলো রাজ্য সরকার। এবার সুন্দরবনের গহন অরণ্য থেকে তাঁদের সংগ্রহ করা মধুর দাম এক ধাক্কায় অনেকখানি বাড়াতে চলেছে বন দফতর। কেজি প্রতি ৪৫ থেকে ৭০ টাকা করে দাম বাড়ানো হবে বলে জানিয়েছে বন দফতর। সুন্দরবনের মধুর চাহিদা গত দু তিন বছরে যথেষ্ট বেড়েছে। আর সেই কারণে এর বাজার দরও বর্তমানে অনেকটাই বেশি। তাছাড়া মৌলেরা যেভাবে জীবনের ঝুঁকি নিয়ে সুন্দরবনের গহন অরণ্য থেকে মধু সংগ্রহ করেন তাতে এই বাড়তি দাম তাঁদেরকে আরও উৎসাহিত করবে এবং তাঁদের আর্থিক সচ্ছলতা এরফলে বাড়বে বলেই দাবি বন দফতরের। প্রতি বছরের মতো চলতি বছরেও সুন্দরবনের গহন অরণ্য থেকে মধু সংগ্রহ শুরু হবে। আগামী ৭ এপ্রিল থেকে সুন্দরবন ব্যাঘ্র প্রকল্প এলাকায় মধু সংগ্রহের জন্য মৌলেদের অনুমতি দেওয়া হবে বলে জানিয়েছেন বন আধিকারিকরা। এ বছরও প্রায় ৪০ থেকে ৫০ টি দলকে মধু সংগ্রহের অনুমতি দেওয়া হবে। সব মিলিয়ে প্রায় ৩০০ থেকে ৩৫০ মৌলে এই মধু সংগ্রহের অনুমতি পাবেন। সুন্দরবন ব্যাঘ্র প্রকল্পের সজনেখালি বিট অফিস থেকে এই অনুমতি নিয়ে আগামী একমাস ধরে সুন্দরবন ব্যাঘ্র প্রকল্পের অন্তর্গত বিভিন্ন জঙ্গল থেকে মধু সংগ্রহ করবেন মৌলেরা। মধু সংগ্রহের পর সেই মধু সজনেখালিতে এসে বন দফতরের কাছেই বিক্রি করবেন তাঁরা। বন দফতর সূত্রের খবর, গত বছর কেজি প্রতি ১৮০ টাকা করে দাম পেতেন তাঁরা। এর সাথে ২০ টাকা বাড়তি দেওয়া হত মধু সংগ্রহের পারিশ্রমিক হিসেবে। চলতি বছর থেকে মধুর গুনমান বিচার করে এই প্রথম দুটি ভাগে ভাগ করা হচ্ছে সংগৃহীত মধু। মধুতে ২৩ শতাংশের বেশি জল থাকলে সেই মধু বন দফতর কেজি প্রতি ২২৫ টাকা করে দাম দেবে। অন্যদিকে ২৩ শতাংশের কম জল থাকলে সেই মধুর দাম কেজি প্রতি ২৫০ টাকা করে পাবেন মৌলেরা। পাশাপাশি প্রতি কেজিতে এবারও ২০ টাকা করে পারিশ্রমিক পাবেন তাঁরা। এর পাশাপাশি এবার মৌলেদের নিরাপত্তার জন্য আরও বেশি সতর্কতা অবলম্বন করছে বন দফতর। আর এই ভাবে সুন্দরবনের মৌলেদের পাশে দাঁড়াতে চান সরকার।

কাটিহার মণ্ডলে রেল কোচ রেষ্টুরেন্টের জন্য ই-নিলাম

কাটিহার মণ্ডলে রেল কোচ রেষ্টুরেন্টের জন্যে ই-নিলাম। রেট ইউনিটঃ বার্ষিক অনুজ্ঞাপত্র প্রদানের শুল্ক। ট্রিপস/দিনঃ ১৮২৭।

অক্শন ক্যাটালগ সংখ্যা. আরসিআর-কেআইআর-ডিআইভি-২৩

এলইকিউ সংখ্যা	এলওটি সংখ্যা/শ্রেণী	বিবরণ
৩এ/১	এমএসএস-কেআইআর-এসএডি-আরসিআর-৬-২৩-১	সোনাডা রেলওয়ে ষ্টেশনের চতুর্দিকের এলাকায় একটি রেল কোচ রেষ্টুরেন্টের আবন্টন
৩এ/২	এমএসএস-কেআইআর-ঘুম-আরসিআর-৭-২৩-১	ঘুম রেলওয়ে ষ্টেশনের চতুর্দিকের এলাকায় একটি রেল কোচ রেষ্টুরেন্টের আবন্টন
৩এ/৩	এমএসএস-কেআইআর-এফবিজি-আরসিআর-৮-২৩-১	ফরবেসগঞ্জ রেলওয়ে ষ্টেশনের চতুর্দিকের এলাকায় রেল কোচ রেষ্টুরেন্টের ব্যবস্থা করা
৩এ/৪	এমএসএস-কেআইআর-এসএন-আরসিআর-৫-২৩-১	সুকনা রেলওয়ে ষ্টেশনের চতুর্দিকের এলাকায় একটি রেল কোচ রেষ্টুরেন্টের আবন্টন
৩এ/৫	এমএসএস-কেআইআর-কেআইআর-আরসিআর-৩-২৩-১	৫ বৎসরের এক সময়সীমার জন্যে নতুন ষ্টেশন ভবনে স্থিত পার্কিং ষ্ট্যান্ডের সমীপে কাটিহার রেলওয়ে ষ্টেশনের চতুর্দিকের এলাকায় রেল কোচ রেষ্টুরেন্টের ব্যবস্থা করা

নিলাম প্রারম্ভ হওয়ার তারিখ এবং সময়ঃ ১২-০৪-২০২৩ তারিখে ১২.০০ ঘন্টায়। নিলাম বন্ধ হওয়ার তারিখ এবং সময়ঃ ১২-০৪-২০২৩ তারিখে ১৩.১০ ঘন্টায়। প্রত্যাশিত টেন্ডারকর্তাগণকে আইআরইপিএস ওয়েবসাইট www.ireps.gov.in এ ই-নিলাম লীজিং মডিউল অবলোকন করার জন্যে অনুরোধ করা হল।

মণ্ডল রেলওয়ে প্রবন্ধক (সি), কাটিহার

উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে

"প্রসন্নচিত্তে গ্রাহক পরিষেবায়"

KOLKATA MUNICIPAL CORPORATION e-TENDER

ABRIDGED NIT

The Executive Engineer (Civil), BR-VIII, KMC invites e-tender online percentage rate two bid system for the following works:

(1) NIT No. : KMC/EE(C)/Br-VIII/083/046/2022-2023/Bustee Name of the work: **Maintenance of sewerage line at 144, 146, 150 Kalighat Road & 34, 34/1 Mahim Halder Street etc. in Ward No.-083.** Estimated cost (including GST & CESS): ₹ **2,98,742.96.** Earnest money: ₹ **6,000.00.** Period of completion: **210 days.**

(2) NIT No. : KMC/EE(C)/Br-VIII/083/047/2022-2023/Bustee Name of the work: **Removal of chokage at 114, 124, Kalighat Road & 10/1 Nepal Bhattacharjee Street etc. in Ward No.-083.** Estimated cost (including GST & CESS): ₹ **2,97,300.33.** Earnest money: ₹ **6,000.00.** Period of completion: **90 days.**

(3) NIT No. : KMC/EE(C)/Br-VIII/083/048/2022-2023/Bustee Name of the work: **Repairing of Bustee passage/ footpath at 124, 144, 150 Kalighat Road etc. in Ward No.-083.** Estimated cost (including GST & CESS): ₹ **2,98,202.58.** Earnest money: ₹ **6,000.00.** Period of completion: **90 days.**

(4) NIT No. : KMC/EE(C)/Br-VIII/069/038/2022-2023/Bustee Name of the work: **Maintenance of sewer line at 7H/14, 7H/15 Ahiripukur 2nd Lane, 8/1, 8/3 Ahiripukur 1st Lane etc. in Ward No.-069.** Estimated cost (including GST & CESS): ₹ **2,99,278.31.** Earnest money: ₹ **6,000.00.** Period of completion: **90 days.**

(5) NIT No. : KMC/EE(C)/Br-VIII/069/040/2022-2023/Bustee Name of the work: **Removal of Chokage at 40/1, 39B Beltala Road, 47A, 47B Hazra Road etc. in Ward No.-069.** Estimated cost (including GST & CESS): ₹ **2,99,778.63.** Earnest money: ₹ **6,000.00.** Period of completion: **90 days.**

(6) NIT No. : KMC/EE(C)/Br-VIII/069/041/2022-2023/Bustee Name of the work: **Repairing of Bustee privies at 39B, 40 Beltala Road, 28 Ahiripukur Road etc. in Ward No.-069.** Estimated cost (including GST & CESS): ₹ **2,98,132.37.** Earnest money: ₹ **6,000.00.** Period of completion: **60 days.**

(7) NIT No. : KMC/EE(C)/Br-VIII/070/31/2022-2023/D Name of the work: **Restoration of paver block & I.P.S. footpath near 12 Lee Road, 75/E Paddapukur Road and other different places in Ward No.-70 disturbed by P.U. Agency & natural wear & tear.** Estimated cost (including GST & CESS): ₹ **2,99,314.89.** Earnest money: ₹ **6,000.00.** Period of completion: **90 days.** Last date and time of submission of bid: **13.04.2023 - 12 noon (For Sl. No. 1 to 7).** Date of opening of tender: **17.04.2023 - 12 noon (For Sl. No. 1 to 7).** The bid forms and other details are available on and from **04.04.2023 (5 p.m)** from the website **https://etender.wb.nic.in (For Sl. No. 1 to 7).**

The Executive Engineer (Civil), BR-XVI, KMC invites tender online percentage rate two bid system for the following works:

(1) NIT No. : KMC/E.E(C)/BR-XVI/125/100/22-23/BUSTEE Name of the work: **Construction of underground drain at Arabinda Nagar (slum area) near Premises No. 169 in Ward No.-125.** Estimated cost (including GST & CESS): ₹ **3,05,237.43.** Earnest money: ₹ **6,200.00.** Period of completion: **30 days.**

(2) NIT No. : KMC/E.E(C)/BR-XVI/143/201/22-23 Name of the work: **Restoration of C.C. Road at Aurobinda Nagar-I near Premises No. 138 in Ward No.-143.** Estimated cost (including GST & CESS): ₹ **4,69,369.95.** Earnest money: ₹ **9,400.00.** Period of completion: **30 days.** Last date and time of submission of bid: **08.04.2023 - 12 noon (For Sl. No. 1 & 2).** The tender will be opened on: **10.04.2023 - 12 noon (For Sl. No. 1 & 2).** The bid forms and other details are available on and from **31.03.2023 (5 p.m)** from the website **https://etender.wb.nic.in (For Sl. No. 1 & 2).**

The Executive Engineer (Civil), BR-XV, KMC invites tender online percentage rate two bid system for the following works:

(1) NIT No. : KMC/EE(C)/Br-XV/133/062/2022-2023/R Name of the work: **Restoration of paver block passage and C.C. passage with allied works at D. M. Bagan, Paharpur Road etc. near Premises No. M103/1/A, J44/1, N94 etc. in Ward No.-133, BR-XV.** Estimated cost (including GST & CESS): ₹ **2,93,352.28.** Earnest money: ₹ **6,000.00.** Period of completion: **90 days.**

(2) NIT No. : KMC/EE(C)/Br-XV/134/068/2022-2023/R Name of the work: **Restoration of paver block passage with allied works at Bangla Basti and other location near Premises No. G18/1, G26, G166/1 etc. in Ward No.-134, BR-XV.** Estimated cost (including GST & CESS): ₹ **2,94,650.55.** Earnest money: ₹ **6,000.00.** Period of completion: **90 days.**

(3) NIT No. : KMC/EE(C)/Br-XV/140/066/2022-2023/D Name of the work: **Restoration of passages (C. Con/ I.P) at different area disturbed by different PU Agency in Ward No.-140, BR-XV.** Estimated cost (including GST & CESS): ₹ **2,85,910.38.** Earnest money: ₹ **5,800.00.** Period of completion: **180 days.** Last date and time of submission of bid: **18.04.2023 - 11 a.m. (For Sl. No. 1 to 3).** Date of opening of tender: **20.04.2023 - 11 a.m. (For Sl. No. 1 to 3).** The bid forms and other details are available on and from **05.04.2023 (5 p.m)** from the website **https://etender.wb.nic.in (For Sl. No. 1 to 3).**

The Executive Engineer (Civil), BR-III, KMC invites tender online percentage rate two bid system for the following works:

(1) NIT No. : KMC/EE(C)/BR-III/014/28/22-23 (1st Call) Name of the work: **Restoration of passage at 45 M.P. Road, 226/A/3, 226A/H/20 Bagmari Road and its surrounding areas in Ward No.-14 disturbed by W.S. Department.** Estimated cost (including GST & CESS): ₹ **3,69,639.62.** Earnest money: ₹ **7,400.00.** Period of completion: **50 days.**

(2) NIT No. : KMC/EE(C)/BR-III/014/30/22-23 (1st Call) Name of the work: **Repairing of passage at 22/1/H/4, 23/2 C.E. Road, 39A/H/8, M.M., 40 M.P. Road and its surrounding areas in Ward No.-14.** Estimated cost (including GST & CESS): ₹ **4,22,100.07.** Earnest money: ₹ **8,500.00.** Period of completion: **55 days.** Last date and time of submission of bid: **08.04.2023 - 12 noon (For Sl. No. 1 & 2).** Date and time of opening of bid: **11.04.2023 - 12 noon (For Sl. No. 1 & 2).** The bid forms and other details are available on and from **31.03.2023 (5 p.m)** from the website **https://etender.wb.nic.in (For Sl. No. 1 & 2).**

The Executive Engineer (Civil), BR-IX, KMC invites tender online percentage rate two bid system for the following work:

NIT No. : KMC/EEIX/074/078/2022-2023/BUSTEE (1st Call) Name of the work: **Improvement of Kalabagan Bustee and ancillary works in Ward No.-74.** Estimated amount (including GST & CESS): ₹ **4,99,960.11.** Earnest money: ₹ **10,000.00.** Period of completion: **60 days.** Last date and time of submission of bid: **13.04.2023 - 11 a.m.** Tender will be opened on: **17.04.2023 - 11 a.m.** The bid forms and other details are available on and from **31.03.2023 (5 p.m)** from the website **https://etender.wb.nic.in**

(1223/22-23)

আলোই ঈশ্বরের প্রতিবিম্ব
দুরন্ত বার্তা
২৮ বর্ষ, দৈনিক ১১৯ সংখ্যা, শুক্রবার, ১৬ চৈত্র ১৪২৯

চিন-পাকিস্তানকে বার্তা দোভালের

সম্পাদকীয় ১

ভারতের জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত দোভাল জানেন পাকিস্তান এবং চিনের খেলাটা কী রকম হতে পারে। তিনি আগেই আন্দাজ করে নিয়েছিলেন যে চিন এবং পাকিস্তানের নাম না করে এসিও এর জাতীয় জাতীয় নিরাপত্তা উপদেষ্টা পর্যায়ের বৈঠকের উদ্বোধনী বক্তৃতায় সন্ত্রাস নির্মূল করা ডাক দেবেন। তিনি পাকিস্তানের নাম করে বলেছেন যারা আজও সন্ত্রাসকে মূল করে এগিয়ে চলার সিদ্ধান্ত গ্রহণ করেছে তারা কিন্তু বিশ্ব আইনের চোখে অপরাধী। তাদেরকে কোনও রকমভাবে ভারত ক্ষমার দৃষ্টিতে দেখতে পারে না। পাকিস্তানের বিরুদ্ধে জঙ্গিবাদ চিনের সম্প্রসারণবাদ আজকে ভারতকে চিন্তিত করে দিয়েছে। এসসিও মঞ্চে এবারে চিন এবং পাকিস্তান উপস্থিত। এই দুই রাষ্ট্র সদস্যও বটে। ভিডিও এর মাধ্যমে আজকে দেশের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন। ভারতের হয়েপ্রতিনিধিত্ব করছেন জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত দোভাল। তিনি বলেছেন সন্ত্রাস কিন্তু একটি দেশের পক্ষে খুবই বিপদের কারণ। জঙ্গিবাদকে যারা রাজনৈতিকভাবে প্রশ্রয় দিয়ে থাকে তারা একটি দেশের সার্বভৌমত্বকে অস্বীকার করে থাকে। জঙ্গিবাদ আন্তর্জাতিক শান্তি রক্ষা করার পক্ষে সবচেয়ে বড় শত্রু বলা যেতে পারে। সন্ত্রাসবাদকে কোনও রকমভাবেই গ্রহণ করা যায় না। এসসিও সদস্য নিদের্শিকায় বলা হয়েছে সার্বভৌমত্বকে স্বীকার করতে হবে। রাষ্ট্রগুলিকে সম্মান দান করতে হবে। প্রত্যেক দেশ ভৌগলিক অখণ্ডতাকে মানতে হবে। আন্তর্জাতিক সম্পর্কে ক্ষেত্রে হুঁশিয়ারী দেওয়া এবং হুমকি দেওয়া চলবে না। কোনও দেশ নিজেদের সামরিক মাত্রা অন্যত্র প্রতিষ্ঠা করার চেষ্টা করবে না। কূটনৈতিক শিবির .থেকে বলা হয়েছে অজিত দোভাল কারোর নাম উল্লেখ না করলেও তিনি পূর্ব লাদাখের গত আড়াই বছর ধরে প্রকৃত নিয়ন্ত্রণ রেখার কাছেই চিনা সেনা অবস্থানকেই বোঝাতে চেয়েছেন। শুধু চিন ভারত এবং পাকিস্তান ভারত সীমান্ত সমস্যার মধ্যে না থেকে কাশ্মীরে আর্থিক করিডর তৈরি করার ব্যাপারে কথা বলেছেন তিনি। চিন সেখানে পাকিস্তানের কথা অনুসারে আর্থিক করিডর তৈরি করতে শুরু করেছে। শুধু তাই নয় চিন সেখানে সেনা বাহিনীর সদস্যদের মজুত করতে শুরু করেছে। আসলে চিন কাশ্মীরের ব্যাপারে অকারণে মাথা গলাতে চেষ্টা করছে। কাশ্মীর ভারতের অবিচ্ছেদ্য অংশ তা কিন্তু পাকিস্তানের মতো চিনও শুনতে চায় না। তারা পাকিস্তানের উস্কানিতে সেখানে আর্থিক করিডর তৈরি করতে শুরু করেছে। ভারত এব্যাপারে চিনকে বার্তা দিলে তা মান্য করা হয়নি। চিন ভরতের বার্তাকে উপেক্ষা করে সেখানে চিনা সেনা উপস্থিতির মধ্যে দিয়ে আর্থিক করিডর তৈরি করতে শুরু করেছে এবং রেল লাইন পাতার চেষ্টা করছে। সব রাষ্ট্রের সঙ্গে এ ব্যাপরে কথা বলার প্রয়োজন ছিল। ভারতকে বাদ দিয়ে চিন কাশ্মীরে আর্থিক করিডর তৈরি করতে পারে না। কারণ কাশ্মীর বারতের অংশ সেখানে পাকিস্তানের কোনও অধিকার নেই। পাক কাশ্মীরকে সেনা দিয়ে অধিকার করেছে। আসলে পাকিস্তান চায় না কাশ্মীর ভারতের অংশ হয়ে থাকুক। কাশ্মীরকে একটি ভিন্ন রাষ্ট্রে পরিণত করার চক্রান্ত পাকিস্তানের রয়েছে। কাশ্মীরে বিচ্ছিন্নতাবাদী আন্দোলনকে উস্কানি দিয়েছিল পাকিস্তান। বর্তমান ভারত সরকার সেখানে বাধা দিয়েছে। কাশ্মীরের সব বিচ্ছিন্নতাবাদীরা আজকে আর মাথা তুলে দাঁড়াতে পারছে না। অতীতে এই সব বিচ্ছিন্নতাবাদীদের টাকা দিয়ে মুখ বন্ধ করার ব্যবস্থা করেছিল অতীতের সরকার।

জঙ্গিদের পীঠস্থান হচ্ছে পাকিস্তান

সম্পাদকীয় ২

ভারতের গুপ্তচর সংস্থা 'র' বারবার বলে এসেছে মুম্বই বিস্ফোরণের মূল চক্রী দাউদ ইব্রাহিম করাচিতে বসবাস করছে। বহু বার পাকিস্তানকে এই কথা জানালেও তা অস্বীকার করে। অথচ ভারতের গুপ্তচর সংস্থার পক্ষ থেকে বলা হয়েছিল যে দাউদ করাচির রাস্তা ধরে বহু চলতে দেখা গিয়েছে। শুধু দাউদ নয়, পাকিস্তানে বসবাস করছে ভারত বিরোধী জঙ্গিরা এবং তাদের মদত দিচ্ছে পাকিস্তানের আইএসআই সংস্থা। দাউদ ছাড়াও জামাত-উদ-দাওয়া প্রধান হাফিজ সইদ, জইশ-ই-মহম্মদ প্রধান মাসুদ আজাহার এবং আল কায়দার জঙ্গিরা সেখানে বসবাস করছে। পাকিস্তান বরাবরই একথাকে অস্বীকার করে এসেছে। পাকিস্তানের প্রশাসন চালায় সেখানকার সেনা এবং জঙ্গিরা মিলে তার প্রমাণ বহু বার পাওয়া গিয়েছে। গত কয়েক বছর আগে পাক সেনা স্কুলের ওপরে হামলা করেছিল পাক জঙ্গিরা। সেখানে হামলা করে বহু সেনার সন্তানদের হত্যা করে। তার একটি মাত্র কারণ হচ্ছে পাক সেনারা জঙ্গিদের কথাকে আমল না দিয়ে প্রশাসনিক সিদ্ধান্ত গ্রহণ করছিল। এবং জঙ্গিদের অবস্থান কোথায় তা জানিয়ে দেওয়ার চেষ্টা করছিল। তার ফলে পাক সেনাদের সন্তানদের স্কুলে ওপরে হামলা চালিয়ে বহু পাক সেনার পুত্রদের হত্যা ও জখম করে দেয়। এর ফলে স্বাভাবিকভাবে পাক সেনারা জঙ্গিদের ভয় পেতে শুরু করে। তারা এমন কোনও সিদ্ধান্ত গ্রহণ করতে থাকে না যা জঙ্গি বিরোধী। ফলে জঙ্গিরা পাকিস্তানকে তাদের স্বর্গরাজ্য বলে ঘোষণা করে দেয়। এদিকে রাষ্ট্রপুঞ্জে পাকিস্তানকে জঙ্গি রাষ্ট্র ঘোষণা দেওয়ার যে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছিল তাতে সায় ছিল আমেরিকার। আমেরিকা বারবার পাকিস্তানকে সতর্ক করে দিয়েছিল জঙ্গিদের কার্যকলাপ দমন করার জন্য। কিন্তু পাকিস্তান সেটা করতে পারেনি। উপরন্তু দেখতে পাওয়া গিয়েছিল আমেরিকার আর্থিক সহায়তা নিয়ে জঙ্গিদের লালন পালন করছে পাকিস্তান। আমেরিকার অর্থ দিয়ে জঙ্গিদের অস্ত্র কেনা শুরু করলে আমেরিকার এ ব্যাপারে সতর্ক করে দিয়েছিল।



স্বামী বিবেকানন্দের বাণী

স্বামী বিবেকানন্দ বলতেন, মা আছেন বলে সন্তানরা বেঁচেবর্তে থাকে। এবং বড় হতে পারে। না হলে কবেই সবাই শক্তিহীন হয়ে ঘুরে বেড়াতো। জীবনে উন্নতি করতে গেলে চাই নারী শক্তির জাগরণ। সেটা করতে হবে। বাংলার নবজারণ শুরু হয়েছিল নারী শক্তিকে জাগরিত করার মন্ত্র গ্রহণ করে। সেই নারী জাগরণের মন্ত্র গ্রহণ করেছিলেন স্বামী বিবেকানন্দ। সবার মধ্যে মায়ের অস্তিত্ব দেখতে পায়। নদীকে ভারতবাসীরা মা হিসাবে পুজো করে থাকেন। দেশকে মা বলে সম্মান দান করে। নারী জাতিতে সম্মানে রাখলে একটি পরিবার সুস্থ এবং স্বাভাবিক থাকে। স্ত্রী জাতি কাউকে দোষরোপ করে না। স্ত্রীজাতি কাউকে ঘৃনা করতে শেখায় না। নারী জাতির কাছে স্নেহ, ভালোবাসা এবং প্রীতি হচ্ছে অলঙ্কার।

কলকাতার প্রাচীনতম ঐতিহ্যবাহী গ্যাস চুল্লিকে ভেঙে ফেলার চক্রান্ত

রবীন্দ্র কুমার শীল

দূর থেকে দেখলে মনে হবে একটি গীর্জা যেন মাথা তুলে দাঁড়িয়ে রয়েছে। লাল ইটের এবং টালির তৈরি ছাদ। একেবারে ইউরোপীয়ান পরিবেশ চারদিকে। মনে হবে আমরা বিলাতের কোন স্থানে গিয়ে উপস্থিত হয়েছি। ঠিক মল্লিক বাজার এবং পার্ক সার্কস কাছেই এইটি অবস্থিত। এটি কিন্তু গির্জা নয়, একটি কলকাতার ঐতিহ্যপূর্ণ প্রাচীন গ্যাস চুল্লি। এই রকম একটি গ্যাস চুল্লি ফরাসি দেশে রয়েছে আজও। আর একটি কলকাতায় অবস্থিত। এই সম্পর্কে সাংবাদিক রবীন্দ্রকুমার শীলকে ইতিহাসভিত্তিক তথ্য দিয়ে সাহায্য করলেন ডাক্তার শঙ্কর কুমার নাথ। তিনি এখন কলকাতার এশিয়টিক সোসাইটির মেডিকেল সচিব। তাঁর কাছ থেকেই জানা গেল যে এই ইতিহাস প্রসিদ্ধ গ্যাস চুল্লিকে ভেঙে ফেলার চক্রান্ত শুরু হয়ে গিয়েছে। মল্লিক বাজারের খ্রিস্টান কবর স্থানের ঠিক পিছনের দিকে আজও মাথা তুলে দাঁড়িয়ে রয়েছে একটি শ্মাশনটি। পরিত্যাক্ত অবস্থায় পড়ে রয়েছে। সেখানে এখন আর কাউকে পোড়ানো হয় না। দূর থেকে দেখলে মনে হবে যে কোনও একটি ভগ্নদশা অবস্থায় গির্জা চূড়া মাথা উঁচু করে দাঁড়িয়ে রয়েছে। লাল বেলে পাথরের টাওয়ারটি চুড়ো হিসাবে পরিচিত। লাল টালির ছাদ। একটি ছোট বারন্দা। সিঁড়িটি গথিক খিলান দিয়ে সম্পূর্ণ। স্থানীয় লোকেদের ধারনা ছিল এটা হচ্ছে পার্শিয়ানদের একটি শ্মশান। কিন্তু সেটা সত্য নয়। পরে জানতে পারা গেল এটা হচ্ছে খ্রিস্টানদের জন্য নির্মিত গ্যাস শ্মশান। কলকাতায় নিমতলা এবং কেওড়াতলায় কাঠ দিয়ে হিন্দুদের মৃতদেহ সৎকার করা হয়। কিন্তু এই শ্মশানে কিন্তু খ্রিস্টানদের গ্যাস দিয়ে দাহ করার ব্যবস্থা ছিল। দাহ করার পর ছাই থেকে অস্থি সংগ্রহ করে ছোট ছোট প্লটে দাফন করা হতো। দাফনের সময়ে এই স্থানটি সংরক্ষণ প্রক্রিয়াটি আর্ন ব্ররিয়াল নমে পরিচিত। খ্রিস্টানদের কবর দেওয়া হয়। সেই রীতি বিশ্বে সর্বত্র চলে আসছে। কিন্তু কিছু কিছু ক্ষেত্রে দেখতে পাওয়া গেল যে খ্রিষ্টানদের মরদেহ দাহ করার পদ্ধতি গ্রহণ করা হচ্ছে। তার একটি মাত্র কারণ হচ্ছে কবর স্থান সীমিত, ব্যয়বহুল। সেই কারণে মরদেহ দাহ করে তার ছাই সংগ্রহ করে ছোট ছোট কলসি করে সমাহিত করার ব্যবস্থা গ্রহণ করা হতো। ঔপনিবেশিক কলকাতায় অনেক ব্রিটিশ পরিবার তাদের প্রিয়জনকে বিলাতে সমাধিস্থ করার কথা ভাবলেও তা প্রায় সময়ে তা অসম্ভবে পরিণত হতো। ভারতের সমাধিস্থ করা পরিবর্তে বিলাতে সমাধিস্থ করার ইচ্ছা ব্রিটিশ পরিবারের মনের মধ্যে নিহিত থাকতো। একটি মৃতদেহ বিলাতে নিয়ে যাওয়ার প্রচুর ব্যয়ভার বহন করতে হয়।

কিন্তু দাহ করে নিয়ে গেলে খরচ কম পড়তো। হুগলি নদীর তীরে খোলা মাঠে দাহ করার ধারনাটিকে একেবারে অপছন্দ করতে থাকে কলকাতায় অবস্থিত সাহেবরা। সমস্যা সমাধান করার জন্য লোয়ার সারকুলার রোর্ডে কবর স্থানে পাশে একটি শ্মশান নির্মাণ করে। এই শ্মশানটি নির্মাণ করেছিল ফরাসি 'তোয়াসু ফ্রদে অ্যাণ্ড কোম্পানি' ১৯০৬ সালে। ২ নম্বর শ্মশান স্ট্রিটে অবস্থিত গ্যাস শ্মশানটির্মর্টার কাঠমো যার একটি টাওয়ার শ্মশানের চিমনি হিসাবে ব্যবহার করা হতো। প্রবেশ পথে রয়েছে গথিক খিলান। এই খ্রিস্টান শ্মশানে কলকাতার বিখ্যাত ব্রাহ্ম ধর্মে দীক্ষিত ব্যক্তিদের দাহ করা হয়েছিল। তার মধ্যে উল্লেখযোগ্য হলেন আচার্য জগদীশচন্দ্র বোস। তিনি মারা গিয়েছিলেন ২৩ নভেম্বর ১৯৩৭ সালে। এখানে দেবেন্দ্র মোহন বসু, লেখিকা সুখলতা রাও (কবি সুকুমার রায়ের দিদি) এবং নেলি সেনগুপ্তকে দাহ করা হয়। ১৯০৬ সালে শুরু হওয়া গ্যাস শ্মশানটি ১৯৮০ সালে গোড়ার দিক থেকে ক্রমশ বন্ধ হয়ে যেতে শুরু করে গ্যাসের অভাবে। এখন এই গাস চুল্লিটি বন্ধ করা অবস্থায় পড়ে রয়েছে। এটাকে হেরিটেজ বলে ঘোণা দেওয়ার কথা উঠতে শুরু করেছে। ডাক্তার শঙ্কর কুমার নাথ বলেন, কলকাতা থেকে ইতিহাস তো হারিয়ে যেতে শুরু করে দিয়েছে। কলকাতার ঐতিহ্যকে রক্ষা করা দায়িত্ব আমাদের। সেই দায়িত্ব পালন করতে আমরা অপারগ কেন হচ্ছি তা বোঝা খুবই মুশকিল। কলকাতার পুরসভার ওপরে দায়িত্ব রয়েছে কলকাতার হেরিটেজকে রক্ষা করার। কিন্তু তা করতে দেখা যাচেছ না। তারা বলতে গেলে এ ব্যাপারে উদাসীন। কিছু দিন আগে কলকাতার ট্রামকে রক্ষা করতে কলকাতাবাসীরা পথে নেমে ছিলেন। তার ফলে কলকাতায় এখন বেশ কয়েকটি রুটে ট্রামকে দেখতে পাওয়া সম্ভব হচ্ছে। কলকাতার প্রাচীনতম গ্যাস চুল্লিকে রক্ষা করতে আজকে ইতিহাসবিদ থেকে শুরু করে ঐহিত্য সংরক্ষণকারীরা পথে নামার সিদ্ধান্ত গ্রহণ করেছে। তারা বলতে শুরু করেছেন যে এই গ্যাস চুল্লিকে হেরিটেজ ঘোষণা দিয়ে একে রক্ষণাবেক্ষনের ব্যবস্থা করা করতে হবে এবং একটি উল্লেখযোগ্য পর্যটন কেন্দ্র হিসাবে রাজ্য সরকারের টুরিজিম পাতায় স্থান দেওয়া হোক। তাহলে এর পরিচিতি সারা বিশ্বে ছড়িয়ে পড়তে বেশি সময় নেবে না। এটি সম্ভবত এশিয়ার প্রথম 'গ্যাস ক্রিমেটোরিয়াম'। আজও কলকাতার শহরের বুকে টিকে রয়েছে এটি। ক্রিমেশন সোসাইটি অব বেঙ্গলের পরমার্শ গ্রহণ করে লোকার সার্কুলার রোডে অবস্থিত সমাধিস্থলের পূর্ব দিকে গ্যাস চুল্লিটি তৈরি করা হয়েছিল। সামনের রাস্তার নাম হল ক্রিমেটোরিয়াম স্ট্রিট। পুরসভার তালিকায় গ্রেট ওয়ান তকমা পাওয়া স্থাপত্যের চারদিকে ঘনবসতি মাথা তুলেছে। জানতে পারা গিয়েছে ক্রিমেশন সোসাইটি অব গ্রেট ব্রিটেন ১৮৭৮ সালে এবং ১৮৮৯ সালে ফ্রান্সের প্যারিস শহরে পের লাশেজ সমাধিস্থলে শুরু হয়েছিল এই প্রথা। ১৮৯৫ সলে ১ ডিসেম্বর 'দ্য মার্নি টাইমস' লিখছে, ওই বছরের প্রথম চার মাসে পরে লাশেজের ক্রিমেটোরিয়ামে ৭৫ টি শবের সৎকারের ব্যবস্থা করা হয়েছিল। ২ নম্বর ক্রিমেটোরিয়াম স্ট্রিটের সৎকার প্রথা সেভাবে জনপ্রিয় না হলেও তা কিন্তু কলকাতার একটি ঐতিহ্য। ক্রিস্টিয়ান বেরিয়াল বোর্ডের গুরুত্বপূর্ণ পদে আসীন রণজয় বসু (ফেসবুক) বক্তব্য থেকে জানতে পারা গেল যে আগে কলেরা, ম্যালেরিয়া, কালাজ্বর মতো অসুখে খ্রিস্টান পরিবারের সদস্যরা মারা গেলে সমাধিস্থ করার খরচ এবং এবং জায়গা বাঁচাতে এই পদ্ধতি গ্রহণ করা হয়েছিল। গ্যাসের চুল্লিতে খ্রিস্টান পরিবারের সদস্যদের মরদেহ এখানে দাহ করা হতো। সম্ভবত রবীন্দ্রনাথ ঠাকুরও এখানে এসেছিলেন। লেখক এস ডব্লিউ গুডের রচিত 'মিউনিসিপ্যাল ক্যালকাটা ইটস ইনস্টিটিউশনস ইন দেয়ার অরিজিন অ্যাণ্ড গ্রোথ' বইটিতে এর ইতিহাস রয়েছে। এই চুল্লিটি নির্মাণ করেছিলেন প্যারিসের তোয়াসু ফ্রদে অ্যাণ্ড কোম্পানি। ১৮টি বুনসেন বার্নার ছিল। ১৮০০ ডিগ্রি ফরেনহাইট তাপমাত্রার গ্যাসে চার ঘণ্টার মধ্যে দেহ ভষ্মিভূত হতো। একটি দেহ পুড়তে ১০০০ কিউবেক ফুট গ্যাস লাগতো। লেখক গুডে লিখেছেন, প্রথম থেকেই সৎকার এখানে কম হতো। ১৯১৩-১৪ সালে মাত্র চারটি দেহ সৎকার হয়েছিল। বাবহার বাড়াতে কলকাতা পুরসভা সৎকারের জন্য যে খরচ তুলে দেওয়া হয়েছিল। বিনামূল্যে সৎকার করা যেত। ১৯১৩-১৪ সালে এর রক্ষণবেক্ষণ করতে ৭৭২ টাকা খরচ হয়েছিল। পাইপলাইনের মধ্যে দিয়ে গ্যাস আসতো। কলকাতার ওরিয়েন্টাল গ্যাস কোম্পানি গ্যাস সরবরাহ করার দায়িত্বভার গ্রহণ করেছিল। তারপরে দূর্গাপুর থেকে গ্যাস আসতো বলে জানতে পারা গিয়েছে। এখন এটাকে ভেঙে ফেলে দিয়ে অন্য কিছু করার সিদ্ধান্ত গ্রহণ করা হচ্ছে বলে প্রতিবাদ করতে শুরু করে দিয়েছি ইতিহাসবিদরা। তাঁরা বলেছেন কলকাতার ঐতিহ্যকে ধ্বংস করে কলকাতার ইতিহাসকে নষ্ট করা চলবে না।

জর্জিয়াতে বিশ্বে প্রথম চিকিৎসক দিবস পালন

বিশেষ প্রতিনিধি

আমেরিকার জর্জিয়াতে বিশ্বে প্রথম চিকিৎসক দিবস পালিত হয়েছিল ৩০ মার্চ ১৯৩৩ সালে। সেই দেখে সারা বিশ্বে চিকিৎসক দিবস পালন হতে শুরু করে। তবে সব দেশের চিকিৎসক দিসব একই দিনে পালন করা হয় না। বিভিন্ন দেশে ভিন্ন তারিখে চিকিৎসক দিবস পালন করা হয়ে থাকে। আমেরিকার জর্জিয়াতে প্রথম চিকিৎসা দিবস পালন করার আয়োজন করেছিল ব্রাউন কাউন্টি অ্যালায়েন্স। ডাক্তার এডোরা ব্রাউন আলমন্ড এবং তাঁর স্ত্রী ডাক্তার চালর্স বি আলমণ্ড এই উৎসব পালন করার ব্যাপারে উদ্যোগী হয়েছিলেন। ডাক্তার কাউফোর্ড ডব্লিউ তং প্রথম এই দিনে অ্যান্সেথেশিয়া করে একজন রোগীর টিউমার অপরেশন করে সফল হয়েছিলেন। এই দিনকে স্মরণীয় দিন হিসাপে পালন করার জন্য আমেকি জাতীয় চিকিৎসক দিবস পালন করে থাকে। আমেরিকার জাতীয় চিকিৎসক দিবসের টিন্তাধারা সারা বিশ্বের বিভিন্ন রাষ্ট্রের মধ্যে প্রবাহিত হতে শুরু করে। জাতীয় চিকিৎসক দিবস এমন একটি দিন যা ব্যক্তিগত জীবন এবং সম্প্রদায়ে চিকিৎসকদের অবদানকে স্বীকৃতি দেওয়র জন্য উদযাপিত করা হয়ে থাকে। ভারতে জাতীয় চিকিৎসক দিবস পালন করা হয় ১ জুলাই। এদিন ভারতের অন্যতম সেরা চিকিৎসক ডাক্তার বিধানচদ্র রায়ে জন্মদিন এবং তিরোধান দিবস। ডাক্তার বিধান চন্দ্র রায়ের বাসগৃহটিকে একটি চিকিৎসা কেন্দ্রে পরিণত করা হয়েছে। তবে জাতীয় চিকিৎসক দিবস পালন করার সিদ্ধান্ত গ্রহণ করে আমেরিকার যে পথ দেখাতে শুরু করে দিয়েছিল সেই পথ ধরে বিশ্বের বহু দেশ এখন তাদের নিজেদের চিকিৎসা বিজ্ঞানের সেরা দিনটিকে বেছে নিয়ে জাতীয় চিকিৎসা দিসব পালন করে থাকে। রাষ্ট্রপুঞ্জ বা বিশ্ব স্বাস্থ্য সংস্থা হু বিসেষ দিনিকে চিহ্নিত করে দেয়নি যে অমুক দিনে জাতীয় চিকিৎসক দিবস হিসাবে পালন করা হবে। প্রতিটি দেশের ওপরে সেটা পালন করার দত্রায়িত্বে তলে দেওয়া হয়েছে। তার ফলে প্রতিটি দেশই তাদের টিকিৎসা বিজ্ঞানের বিশেষ স্মরণীয় দিনটিকে জাতীয় টিকিৎসা দিবস হিসাপে পালন করে থাকে। যেমন অস্ট্রেলিয়াতে ২০ মার্চ পালন জাতীয় চিকিৎসা দিবস পালন করা হয়ে থাকে। আবার কুয়েতে জাতীয় চিকিৎসক দিবস পালন করা হয়ে থাকে ৩ মার্চ। কুয়েতি ব্যবসায়ী মহিলার জন্য এই উদযাপনের ধারনাটি এসেছিল জাহরা সুলাইমান আল-মুসাভি কাছ থেকে এবংএই তারিখটি তাঁর কন্যা ডাক্তার সুন্দুস আল মাজিদির জন্মদিন হওয়ার কারণে বেছে নেওয়া হয়। ব্রাজিলে জাতীয় চিকিৎসা দিবস পালন করা হয় ১৮ অক্টোবর। সেদিন আবার ক্যাথলিক চার্চ সেন্ট লুকের জন্মদিন। সেন্ট লুক একজন চিকিৎসক ছিলেন। বাইবেলের নিউ স্টেটামেন্টে তাঁর সম্পর্কে লেখাও রয়েছে। কানাডাতে জাতীয় চিকিৎসক দিবস হিসাবে পালন

করা হয়ে থাকে ১ মে। কানাডিয়ান মেডিকেল অ্যাসোসিয়েশন দ্বারা কানাডায় অনুশীলনকারী প্রথম মহিলা চিকিৎসক ডাক্তার এমিলি স্টোর'কে স্বীকৃতি দেওয়ার জন্য বেছে নেওয়া হয়েছিল এই দিনটিকে জাতীয় চিকিৎসক দিবস হিসাবে পালন করার জন্য। চাইনিজ ডাক্তার দিবস হিসাবে ১৯ আগস্ট দিনটিকে পালন করা হয়ে থাকে। এই দিনটিতে চিনের গণপ্রজাতান্ত্রী ন্যাশনাল হেলথ অ্যাণ্ড ফ্যামিলি প্লানিং কমিশন (পিআরসি) দ্বারা ২০১৬ সালের চিনের জাতীয় স্বাস্থ্য ও সুস্থতা সম্মেলন নির্বাচিত হয়েছিল এবং ২০ নভেম্বর ২০১৭ সালে পিআরসি স্টেট কাউন্সিল দ্বারা অনুমোদিত হয়েছিল। চিন দেশে ডাক্তার দিবস পালন করার অর্থ হল ডাক্তারদের মহান কাজকে স্বীকৃতি দেওয়া এবং সম্মান জ্ঞাপন করা। কিউবায় কার্লোস জুয়ান ফিনলে এর জন্মদিন স্মরণে ৩ ডিসেম্বর ছুটির দিন হিসাবে পালন করা হয়ে থাকে। কার্লোস জে ফিনলে ছিলেন একজন কিউবার চিকিৎসক। যিনি হলুদ জ্বর গবেষণার ক্ষেত্রে অগ্রণী ভূমিকা পালন করেছিলেন। মশা এই রোগর বাহক হিসাবে পরিগণিত। সেই কারণে মশার কামড় থেকে সেখানকার জনগণকে সতর্ককীরণ করেছিলেন ডাক্তার ফিনলে। ডাক্তার ফিনলে এডিস প্রজাতির মশা শনাক্ত করে হলুদ জ্বর প্রেরণকারী মশাকে শনাক্ত করেন এই ধরনের মশা জন্ম নিয়ন্ত্রণ করতে তিনি উদ্যোগী হন। এল সালভাদর ১৯৬৯ সাল থেকে চিকিৎসক দিবস পালন করে আসছে। ১৪ জুলাই সেখানকার চিকিৎসা কলেজ প্রতিষ্ঠিত হওয়ার দিনকে স্মরণ করেই চিকিৎসা দিবস পালন করা হয়। ভারতের ডাক্তার দিবস হিসাবে পালন করা হয়ে থাকে ১ জুলাইকে। ডাক্তার বিধান চন্দ্র রায় এই দিনে জন্ম গ্রহণ করেছিলেন। এই দিনেই তিনি আবার পরলোকগমন করেন। এই মহান ডাক্তারকে স্মরণ করেই ভারতে চিকিৎসা দিবস পালন করা হয়ে থাকে। ইন্দোনেশিয়ায় হরি ডাক্তার ন্যাশনাল বা জাতীয় ডাক্তার দিবস পালন করা হয়। ২৪ অক্টোবর সেই দেশে জাতীয় চিকিৎসা দিবস। ইরানে আভিসেনার জন্মদিন (ইরানি মাস-শাহরিভার ১ আগস্ট) ডাক্তারদের জন্য জাতীয় দিবস হিসাবে স্মরণ করা হয়। তুরস্কে ১৯১৯ সাল থেকে প্রতি বছর ১৪ মার্চ মেডিসিন দিবস হিসাবে পালন করা হয়ে থাকে। মার্কিন যুক্তরাষ্ট্রে জাতীয় চিকিৎসক দিবস হল যেখানে চিকিৎসকদের জাতির সেবা বার্ষিক স্বীকৃতি দেওয়া হয়। ডাক্তার ডালর্স বি অ্যালমণ্ডের স্ত্রী ইউডোরা ব্রাউন অ্যালমণ্ড থেকে ধারনাটি এসেছে এবং যে তারিখটি বেছে নেওয়া হয়েছিল সেটি ছিল অস্ত্রোপচারের সাধারণ অ্যানেস্থেশিয়ার প্রথম ব্যবহারের বার্ষিকী। ৩০ মার্চ ১৮৪২ সাল। জেফারসন, জর্জিয়াতে, ডাক্তার ক্রফোর্ড লং জেমস ডেনেবল নামে একজন রোগীকে চেতনানাশক করার জন্য ইথার ব্যবহার করেন এবং ব্যথাহীনভাবে তার ঘাড় থেকে টিউমার বের কর ফেলেন। ভিয়েতনাম ২৪ ফেব্রুয়ারি ১৯৫৫ সাল থেকে জাতীয় চিকিৎসক দিবস পালন করে আসছে। আবার ২৭ ফেব্রুয়ারি চিকিৎসা দিবস হিসাবে কোনও কোনও দিন তা পালন করা হয়ে থাকে। ভেনেনজয়েলা ১০ মার্চ ডাক্তার দিবস পালন করে। এই দিনটিতে হোসে মারয়া ভার্গাসকে স্মরণ করে সম্মান জানানোর জাতীয় চিকিৎসক দিবস হিসাবে পালন করা হয়। তিনি আবার ভেনেজুয়েলার রাষ্ট্রপতিও ছিলেন। নেপাল ৪ মার্চ জাতীয় চিকিৎসক দিবস পালন করে থাকে। নেপাল মেডিকেল অ্যাসোসিয়েশন প্রতিষ্ঠা লাভ করার পর থেকেই এই দিনটিকে জাতীয় চিকিৎসক দিবস হিসাবে পালন করে। ২৮ মার্চ ১৯৩৩ সালেপ্রথম চিকিৎসক দিবস পালন করা হয়েছিল উইন্ডার, জর্জিয়া মার্কিন যুক্তরাষ্ট্রে। এই প্রথম চিকিৎসক দিবস পালন করার উদ্দেশ্য ছিল চিকিৎসকদের সম্মান দেওয়া। তার জন্য ডাক্তারদের স্ত্রীর কাছে শুভেচ্ছা কার্ড পাঠানো, মৃত ডাক্তরাদের কবর স্থানে পুষ্পার্ঘ নিবেদন করা এবং ডাক্তারদের নৈশ ভোজে অমন্ত্রণ করা। মার্কিন যুক্তরাষ্ট্রে প্রেসিডেন্ট জর্জ বুশ ৩০ অক্টোবর ১৯৯০ সালে এই দিবসকে জাতীয় চিকিৎসক দিবস হিসাবে পালন করার ব্যাপারে সম্মতি দিয়ে স্বাক্ষর করেছিলেন যা ৩০ মার্চ চিকিৎসক দিবস হিসাবে মার্কিন যুক্তরাষ্ট্রে পালন করা হয়।

মহিলা ও শিশুদের জন্য চালু হেল্প ডেস্ক চালু নবদ্বীপ থানায়

গোপাল বিশ্বাস, নদীয়া, ৩০ মার্চ ঃ বিগত করোনা পরিস্থিতির সময় থেকে বিভিন্ন পুলিশ জেলার উদ্যোগে চালু হয়েছে বিভিন্ন সামাজিক ও মানবিক উদ্যোগ। পুলিশ কর্মী-আধিকারিক থেকে শুরু করে সিভিক ভলেন্টিয়াররা এই মহতী কাজে মনোনিবেশ করেছেন তাদের শৃঙ্খলা বজায় রাখার মতো গুরুত্বপূর্ণ দায়িত্ব পূরণের পাশাপাশি। বৃহস্পতিবার কৃষ্ণনগর জেলা পুলিশের উদ্যোগে নবদ্বীপ থানায় উদ্বোধন হলো মহিলা এবং শিশুদের হেল্প ডেস্ক। এছাড়াও এদিন আরও কিছু মানবিক উদ্যোগ নেওয়া হয় কৃষ্ণনগর পুলিশ জেলা ও নবদ্বীপ থানার তরফে। এদিন বিশেষ চাহিদা সম্পন্ন অসংখ্য ব্যক্তিবর্গের মধ্যে সহায়ক অবলম্বন হিসাবে লাঠি তুলে দেওয়া হয়। এদিনের এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক পুণ্ডরীকাক্ষ সাহা, নবদ্বীপ পুরসভার পৌরপতি বিমান কৃষ্ণ সাহা, জেলা পুলিশের বিভিন্ন গুরুত্বপূর্ণ আধিকারিকগণ, নবদ্বীপ থানার আরক্ষা আধিকারিক জ্বলেশ্বর তিওয়ারি সহ স্থানীয় বিশিষ্ট ব্যক্তিবর্গ। পুলিশ-প্রশাসনের তরফে জানানো হয়, একটি বিশেষ ভবন নির্মাণ করা হয় শিশু এবং মহিলাদের সহায়তা প্রদানের জন্য। অনেকেই পুলিশের খাঁকি ইউনিফর্ম দেখে অবাধ মহিলাদের একাংশ গোপনীয় কিছু কথা পুরুষ পুলিশ কর্মীদের বলতে অসংগতি প্রকাশ করেন। সেই উদ্দেশ্যেই, নবদ্বীপ থানার অন্তর্ভুক্ত নতুন এই ভবনে এখন থেকে মহিলা অভিজ্ঞ পুলিশকর্মীরা ইউনিফর্ম ছাড়াই ২৪ ঘন্টা পরিষেবা দেবেন মহিলা এবং শিশুদের। কিছু কিছু বিষয়ে সেখান থেকে নিষ্পত্তি হলে ভালো, না হলে বিচার বিভাগে হস্তান্তর করবেন তারা। মূলত মহিলা ও শিশুদের আইনি সহায়তা ও আইনি পরিষেবা সুনিশ্চিত করতেই এই উদ্যোগ নেওয়া হয়েছে। এরই সাথে কিছু বিশেষভাবে ভাবে চাহিদা সম্পন্ন মানুষের মধ্যে সহায়ক সামগ্রীও তুলে দেওয়া হয়। পুলিশের তরফে আরও জানা গেছে, এই ধরনের অনুষ্ঠান আগামীতেও ধারাবাহিকতার সাথে চলবে। পুলিশ-প্রশাসনের তরফে সহায়ক সামগ্রী পেয়ে ও পুলিশের এহেন উদ্যোগে খুশি সকলে।

সিবিআই নিরপেক্ষ তদন্ত করলে সবকিছু পরিষ্কার হয়ে যাবে। উদয়ন

দুরন্ত বার্তা, কোচবিহার, ৩০ মার্চ ঃ অবশেষে সিবিআই তদন্ত নিয়ে মুখ খুললেন উত্তরবঙ্গ উন্নয়ন মন্ত্রী উদয়ন গুহ। নিশীথ প্রামানিকের কনভয়ের উপর হামলার ঘটনায় সিবিআই বিস্মৃত নিরপেক্ষভাবে তদন্ত করলে সমস্ত ঘটনা 'দুধ কা দুধ পানি কা পানি' হয়ে যাবে। বৃহস্পতিবার কোচবিহার জেলা তৃণমূল কংগ্রেসের দলীয় কার্যালয়ে একটি সাংবাদিক সম্মেলনে সিবিআই প্রসঙ্গ নিয়ে এমনটাই বললেন উত্তরবঙ্গ উন্নয়ন মন্ত্রী উদয়ন গুহ। তিনি বলেন, বিএসএফের গুলিতে মৃত্যু হয়েছে রাজবংশী যুবক প্রেম কুমার বর্মনের। এই ঘটনার প্রতিবাদে কেন্দ্রীয় স্বরাষ্ট্র প্রতিমন্ত্রীকে দলীয়ভাবে কালো পতাকা দেখানোর সিদ্ধান্ত হয়েছিল। যতদিন পর্যন্ত এই সিদ্ধান্ত রয়েছে এবং ওই যুবকের পরিবার বিচার না পাচ্ছে ততদিন পর্যন্ত পারি না পারি এই সিদ্ধান্ত অনড় থাকবে। এদিকে বাম আমলে চাকরি নিয়ে একাধিক অভিযোগ তুলে ধরে দুর্নীতির বিরুদ্ধে সরব হয়েছেন উত্তরবঙ্গ উন্নয়ন মন্ত্রী উদয়ন গুহ। এনিয়ে মন্ত্রীর বিরুদ্ধে সরব হয় বিজেপি ও বামেরা। বিরোধীরা রাজ্যের শাসক দল তৃণমূলের বিরুদ্ধে চাকরিজীবী থেকে শুরু করে নানা দুর্নীতির অভিযোগ তুলে ধরেন। এর পরেই দিনহাটায় সাংবাদিক বৈঠক করে বিরোধীদের কড়া ভাষায় হুঁশিয়ারি দিলেন মন্ত্রীপুত্র সায়ন্তন গুহ। তিনি উল্লেখ করেন, উদয়ন গুহর বিরুদ্ধে কেউ যদি দুর্নীতির কথা বলেন, যদি প্রমাণ হাতে নিয়ে বলতে না পারে অথবা প্রমাণ করতে না পারে তাহলে তাদের সাথে কোর্টে দেখা হবে। দিনহাটায় সাংবাদিক বৈঠক করে বিরোধীদের এমনই হুঁশিয়ারি দিলেন মন্ত্রীপুত্র সায়ন্তন গুহ। সাংবাদিক বৈঠকে সায়ন্তন উল্লেখ করেন, যারা যারা উদয়ন গুহর বিরুদ্ধে সার ও বীজ কেলেঙ্কারির কথা বলেছেন তাদের বিরুদ্ধে আমরা পরিবারের তরফ থেকে কোন আইনি পদক্ষেপ নেইনি। এখন থেকে তারা যদি উদয়নের বিরুদ্ধে দুর্নীতির কথা বলেন প্রমাণ হাতে নিয়ে বলবেন। যদি প্রমাণ দেখাতে না পারেন তাহলে তাদের সাথে কোর্টে দেখা হবে। মন্ত্রী পুত্রের হুঁশিয়ারিকে গুরুত্ব দিতে নারাজ বিরোধীরা।

অন্তঃসত্ত্বা গৃহবধূকে খুনের চেষ্টা

তনুজ জৈন, মালদা, ৩০ মার্চ ঃ এক অন্তঃসত্ত্বা গৃহবধূকে বালিশ চাপা দিয়ে শ্বাসরোধ করে ও ধারালো অস্ত্র দিয়ে আঘাত এবং কেরোসিন তেল ঢেলে প্রাণে মারার চেষ্টার অভিযোগ উঠেছে স্বামী সহ শ্বশুরবাড়ির লোকজনেদের বিরুদ্ধে। মালদার চাঁচল থানার নূরগঞ্জ গ্রামের ঘটনা। ওই গৃহবধূর নাম রুমা খাতুন। স্বামী রেজাউল করিম সহ শ্বশুর বাড়ির মোট পাঁচজনের বিরুদ্ধে চাঁচল থানায় অভিযোগ জানিয়েছেন ওই গৃহবধূ। বধূর অভিযোগ, তার স্বামী বিয়ের সাত মাসের পর থেকেই তার পরিবারের লোকজনেদের প্ররোচনায় শারীরিক ও মানসিক নির্যাতন করত। তাকে ঠিকমতো খাবার দেওয়া হয় না বলে অভিযোগ। শুধুমাত্র সংসার করবেন বলে মুখ বুঝে স্বামীর বাড়ির অত্যাচার সহ্য করে আসছিলেন। হামেশাই তাকে মারধর করা হয় বলে অভিযোগ। তার উপর স্বামী চড়াও হয়। তাকে চরম মারধর করা বলে অভিযোগ। ওই বধূ প্রতিবাদ জানান। কিন্তু বুধবার গভীর রাতে অত্যাচার চরমে ওঠে। রেজাউল ও তার পরিবারের লোকজনেরা তাকে চড়, কিল, ঘুষি ও লাথি মারে বলে অভিযোগ। প্রাণে মারার উদ্দেশ্যের গৃহবধূর মুখে বালিশ চাপা দিয়ে শ্বাসরোধ করে রাখে। নিজেকে বাঁচানোর চেষ্টা চালানো হলে বধূর হাতে ছুরি মেরে গুরতর জখম করে দেওয়া হয় এবং তাকে পুড়িয়ে মারার জন্য গায়ে কেরোসিন তেল ঢেলে দেওয়া হয় বলে অভিযোগ। কোনোরকমে জীবন বাঁচিয়ে রাতেই এলাকার একটি বাড়ির পিছনে লুকিয়ে থাকেন সারারাত। বৃহস্পতিবার সকালে প্রতিবেশীদের সহযোগিতা নিয়ে বাবার বাড়িতে যোগাযোগ করেন রুমা। তাকে চাঁচল সুপার স্পেশাল্যাটি হাসপাতালে চিকিৎসার জন্য নিয়ে আসা হয়। সেখানে চিকিৎসা করানোর পর তাকে ছেড়ে দেওয়া হয়। রুমা খাতুনের অভিযোগ, আমার স্বামী আমাকে প্রতিদিন শারীরিক ও মানসিক নির্যাতন করত। বুধবার রাতে অকারণে আমার উপর মারধর করে। এমনকি ছুরি দিয়ে হাত কেটে দেওয়া হয়।

মাঝরাতে হাতির হামলায় মৃত ১

দুরন্ত বার্তা, আলিপুরদুয়ার, ৩০ মার্চ ঃ আলিপুরদুয়ার জেলার ফালাকাটা ব্লকে হাতির হানায় প্রাণ হারালেন এক ব্যক্তি। বুধবার রাতে এই ঘটনাটি ঘটে ফালাকাটা ব্লকের লছমন ডাবরি এলাকায়। মৃতের নাম বাবলু রহমান। বুধবার রাতে নিজের বাড়ি থেকে বাইরে হাঁটতে বেরিয়েছিলেন বাবলু। হঠাৎ বাড়ির পাশের কুঞ্জনগর জঙ্গল থেকে বেরিয়ে পড়ে হাতিটি। বাবলুকে সামনে দেখে তাঁর উপর আক্রমণ করে সে। শুঁড় দিয়ে তাঁর হাত পেঁচিয়ে ছিঁড়ে দেয় দাঁতালটি। গুরুতর আহত অবস্থায় উদ্ধার করা হয় বাবলুকে। তার পর নিকটবর্তী হাসপাতালে নিয়ে যাওয়া হয় তাঁকে। কিন্তু তাঁর শারীরিক অবস্থা শোচনীয় দেখে ওই হাসপাতাল থেকে অন্য হাসপাতালে স্থানান্তরিত করার নির্দেশ দেওয়া হয়। অন্য হাসপাতালে যাওয়ার পথেই মৃত্যু হয় বাবলুর। বাবলুর মৃত্যুর খবর পেয়ে বৃহস্পতিবার ভোরে ওই এলাকায় যান মযরাডাঙ্গা বিটের বন কর্মীরা। বন দফতরের কর্মীদের দেখা মাত্রই ক্ষোভে ফেটে পড়েন স্থানীয় বাসিন্দারা। বন দফতর সূত্রে খবর, যথাযথ নিয়মকানুন মেনে বাবলুর পরিবারের সদস্যরা আবেদন করলে তাদের তরফে ক্ষতিপূরণের ব্যবস্থা করা হবে।

স্ত্রীকে খুনের দায়ে যাবজ্জীবন

দুরন্ত বার্তা, রামপুরহাট, ৩০ মার্চ ঃ স্ত্রী খুনের দায়ে যাবজ্জীবন স্বামী ও তার বন্ধুর। ঘটনাটি ঘটে বীরভূমের নলহাটি থানার মল্লারপুরের রথতলা পাড়ায় ২০২০ সালের ১৪ ফেব্রুয়ারি। মৃতার নাম পিঙ্কি দাস (২৫)। আটবছরের দাম্পত্য জীবন ছিল পল্টু দাস ওরফে লাল্টু দাস এবং পিঙ্কি দাসে। তাদের বছর ছয়েকের একটি সন্তান ছিল। আট বছরের বিবাহিত জীবনে স্বামী-স্ত্রীর বনিবনা ছিল না। বনাবনি না হওয়ায় আদালতে খোরপোষের মামলা চলছিল। মৃতার বাপের বাড়ি মুর্শিদাবাদ জেলার খড়্দা থানার পলাশি। বিয়ে হয় বীরভূমের মল্লারপুরের রথতলাপাড়ায়। স্বামী-স্ত্রী এক জায়গাতে থাকতো না। স্বামী পল্টু দাসের রামপুরহাট থানার অন্তর্গত শালবাদরার চাঁদনি মোড়ে একটি গ্যারেজ ছিল। সেখানে সে ও তার সহকর্মী বন্ধু তাপস মাল থাকতো। পরিকল্পনা মাফিক আদালতের বাইরে একটি মীমাংসার কথা বলে স্বামী। সেই সূত্রে মাঝে মধ্যে স্বামী-স্ত্রীর কাছে আসা যাওয়া শুরু করে। ঘটনার দিন মৃতার স্বামী তার বন্ধু তাপস মালকে সাথে নিয়ে ২০২০ সালে ১৪ ফেব্রুয়ারি রাত দেড়টা নাগাদ স্ত্রীর কাছে আসে। শ্বশুরবাড়িতে ছেলেকে নিয়ে মৃতা থাকতেন। যদিও স্বামী আলাদা জায়গায় অর্থাৎ শালবাদরায় থাকতো। সেই রাতেই বাচ্চা যখন ঘুমন্ত ছিল, তারা মৃতাকে খুন করে চলে যায়। ঘুম থেকে উঠে মাকে না পেয়ে মামার বাড়িতে ফোন করে বাচ্চাটি। তারপর মামার বাড়ির লোকজন ও প্রতিবেশিরা দেখে পাশের ঘরে গলাকাটা অবস্থায় মৃতা পড়ে রয়েছেন। বাচ্চা সাক্ষী দেয় যে বাবা ও তার বন্ধুকে সেই রাত্রে সে দেখেছে। ঘটনার পরের দিন মৃতার বাবা তামাল চন্দ্র দাস যথাক্রমে জামাতা পল্টু দাস ও তার সহকর্মী বন্ধু তাপস মালের বিরুদ্ধে খুনের মামলা রুজু করেন। পুলিশ তৎপরতার সঙ্গে দুই আসামীকে গ্রেফতার করে। ধৃতদের কাছ থেকে অস্ত্র উদ্ধার হয়। যেটি খুনের সময় ব্যবহার হয়েছিল। অস্ত্রটি ঘটনাস্থলের কাছেই একটি সর্ষের ক্ষেত থেকে উদ্ধার হয়। এছাড়াও যে রাত্রে পাথরের ট্রাকে দুই আসামি ঘটনাস্থলে আসে সেই ট্রাকের ড্রাইভার আসামীদের সনাক্ত করেন। সরকারি আইনজীবী উৎপল মুখোপাধ্যায় জানান, দুই আসামী বুধবার রামপুরহাট আদালতে দোষী সাব্যস্ত হয়। বৃহস্পতিবার তাদের সাজা ঘোষণা হয়। ৩০২ ধারায় তাদের যাবজ্জীবন ও দশ হাজার টাকা জরিমানা এবং অনাদায়ে আরও ছয়মাস কারাবাসের সাজা ঘোষণা করেন রামপুরহাট আদালতের এডিজে গুরুদাস বিশ্বাস।

দাদার হাতে খুন

দুরন্ত বার্তা, জলপাইগুড়ি, ৩০ মার্চ ঃ ছুরি দিয়ে বোনকে নৃশংসভাবে খুন করল দাদা। বুধবার রাতে এই চাঞ্চল্যকর ঘটনাটি ঘটে জলপাইগুড়ি শহর লাগোয়া দেবনগর উত্তর পাড়ায়। এই ঘটনায় মূল অভিযুক্ত দাদাকে গ্রেফতার করেছে জলপাইগুড়ি কোতওয়ালি থানার পুলিশ। ঘটনায় ব্যপক চাঞ্চল্য ছড়িয়েছে এলাকায়। মৃতের পরিবার সূত্রে জানা গিয়েছে, এবছরের উচ্চমাধ্যমিক পরীক্ষার্থী ছিলেন দেবনগর উত্তর পাড়ার বাসিন্দা রিয়া ঠাকুর। পরীক্ষা শেষ হয়ে যাওয়ায় বুধবার সন্ধ্যায় বান্ধবীদের সঙ্গে ঘুরতে বেড়িয়েছিলেন রিয়া। বোনের ঘুরতে যাওয়া পছন্দ হয়নি দাদা রাহুল ঠাকুরের। এদিন রাত আটটা নাগাদ বাড়ি ফিরতেই রিয়ার সঙ্গে বচসা বাধে রাহুলের। বাবা-মায়ের সামনেই চলতে থাকে বচসা। একসময় বচসা চরম আকার নিলে আচমকাই রাহুল সজোরে ঘুষি মারে রিয়ার বুকে। রিয়া মাটিতে লুটিয়ে পড়লে তাঁর পিঠে ছুরি দিয়ে একের পর এক আঘাত করে বলে অভিযোগ। গুরুতর জখম অবস্থায় তাঁকে উদ্ধার করে জলপাইগুড়ি জেলা হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক মৃত বলে ঘোষণা করেন। এই ঘটনায় মূল অভিযুক্ত রাহুল ঠাকুরকে গ্রেফতার করেছে জলপাইগুড়ি কোতওয়ালি থানার পুলিশ। দেহটি ময়না তদন্তের জন্য পাঠানো হয়েছে।

অমর্ত্যকে সময়

দুরন্ত বার্তা, শান্তিনিকেতন, ৩০ মার্চ ঃ নোবেলজয়ী অমর্ত্য সেন এখন বিদেশে। বিশ্বভারতীর তরফে ২৯ মার্চ সশরীরে বা প্রতিনিধি পাঠিয়ে নথিপত্র সহ দেখা করার জন্য নোটিশ পাঠায় বিশ্বভারতী কর্তৃপক্ষ। কিন্তু দেখা করার অসুবিধার কথা জানানো হয় অমর্ত্য সেনের আইনজীবী গোরা চাঁদ চক্রবর্তীর তরফে। তিনি পরিস্কার জবাবে জানান, যেহেতু নোবেলজয়ী এখন বিদেশে। চারমাস সময় দিলে সব নথিপত্র নিয়ে দেখা করা সম্ভব। তার প্রত্যুত্তরে বিশ্বভারতী ছুটির দিনে অর্থাৎ ২৫ মার্চ অমর্ত্য সেনের প্রতীচি বাড়িতে চিঠি দিয়ে জানায় যে, দশ দিনের বেশি সময় দেওয়া সম্ভব নয়। অমর্ত্য সেনের প্রতিনিধি গীতিকণ্ঠ মজুমদার বলেন, ছুটির দিনে অর্থাৎ ২৫ মার্চ অমর্ত্য সেনের প্রতীচি বাড়িতে চিঠি দিয়ে জানায় যে, দশ দিনের বেশি সময় দেওয়া সম্ভব নয়। কিন্তু সেটা সম্ভব নয়। যখন অমর্ত্য সেন ছিলেন, তখন শুনানির কথা না বলে তাঁর অবর্তমানে চিঠি দেওয়া কি করে সঠিক হয়।

ছাত্রী খুনের ঘটনায় গ্রেফতার ২

দুরন্ত বার্তা, আসানসোল, ৩০ মার্চ ঃ আসানসোলের হিরাপুরে ইঞ্জিনিয়ারিংয়ের ছাত্রী খুনের ঘটনায় চাঞ্চল্যকর তথ্য পেল পুলিশ। প্রাথমিকভাবে মনে করা হচ্ছে প্রেমঘটিত কারণে প্রতিহিংসাবশত ওই ছাত্রীকে খুন করা হয়েছিল। পুলিশ জানতে পেরেছে, প্রথমে ওই ছাত্রীকে তাঁর এক বান্ধবীকে দিয়ে ডেকে পাঠানো হয়েছিল। তারপর তাঁকে অপহরণ করে প্রথমে ধর্ষণ ও পরে খুন করা হয়েছিল। ইতিমধ্যেই এই ঘটনায় পুলিশ এক তরুণী-সহ তিন জনকে গ্রেফতার করেছে। যার মধ্যে দুই যুবক এলাকারই বাসিন্দা। উল্লেখ্য, গত ২৭ মার্চ থেকে ওই ছাত্রী নিখোঁজ ছিলেন। বুধবার সকালে রাস্তার ধার থেকে তাঁর ক্ষতবিক্ষত দেহ উদ্ধার হয়। এর প্রতিবাদে আদিবাসী সমাজ এবং জনজাতি থানার সামনে বিক্ষোভ দেখায়। পরে আসানসোল দক্ষিণের বিজেপি বিধায়ক অগ্নিমিত্রা পাল বিজেপি নেতা কর্মীদের নিয়ে থানা ঘেরাও করেন। তারা পুলিশকে ২৪ ঘণ্টার মধ্যে অভিযুক্তদের গ্রেফতারের দাবি জানান। প্রাথমিকভাবে পুলিশ জানতে পেরেছে, ধৃত তরুণী ওই ছাত্রীকে ফোন করে বাড়ি থেকে ডেকেছিল। সে জানিয়েছিল যে সে অসুস্থ রয়েছে। একজনের কাছ থেকে সে টাকা পেতে, সেই টাকা যেন ছাত্রীটি নিয়ে আসে। বান্ধবীর কথায় রাজি হয়ে ছাত্রীটি দোকানে যাওয়ার নাম করে বাড়ি থেকে বের হয়। বাড়ি থেকে কিছুটা দূরে দীর্ঘক্ষণ রাস্তায় দাঁড়িয়ে ছিল। তখনই দুই যুবক ওই ছাত্রীকে অপহরণ করে বলে জানতে পেরেছে পুলিশ। অভিযোগ, নিখোঁজ ডায়েরি করার পরেও তৎপরতার সঙ্গে পুলিশ পদক্ষেপ করেনি। পুলিশ তৎপর হলে সে ক্ষেত্রে ছাত্রীকে বাঁচানো সম্ভব হতো। কিন্তু, পুলিশ তোলাবাজিতে ব্যস্ত। অন্যদিকে, এই ঘটনার সঙ্গে আরও কেউ জড়িত আছে কিনা তা জানার চেষ্টা করছে পুলিশ। প্রসঙ্গত, ছাত্রীর মৃতদেহ উদ্ধারের পরে তাঁর বাবা দাবি করেছিলেন প্রতিহিংসার কারণে এই খুনের ঘটনা। সেই অভিযোগের ভিত্তিতে তদন্ত শুরু করে পুলিশ।

রামনবমীর মিছিলে তৃণমূল-বিজেপি

বীরভূম, ৩০ মার্চ ঃ বীরভূমের বোলপুরে রামনবমীর বর্ণাঢ্য শোভাযাত্রায় তৃণমূল বিজেপি ভাইভাই। বৃহস্পতিবার বোলপুরের রেল ময়দান থেকে রামনবমী উপলক্ষে বর্ণাঢ্য শোভাযাত্রা বের হয়। সেই মিছিলে তৃণমূল পরিচালিত বোলপুর পুরসভার চেয়ারম্যান পর্ণা ঘোষ, তৃণমূলের কাউন্সিলর ও বিজেপি নেতা-কর্মীরা একসঙ্গে মিছিলে পা মেলান। রাজনৈতিক আঙিনায় যখন একে অপরকে এক ইঞ্চি জমি ছাড়তে নারাজ। এমতাবস্থায় রামনবমীর মিছিলে তৃণমূল বিজেপির যৌথ শোভাযাত্রা। এই বিরল ছবির সাক্ষী থাকে বীরভূমের দুবরাজপুর। বীরভূমের দুবরাজপুরেও রামনবমী উপলক্ষে মিছিল বের হয়। সেই বর্ণাঢ্য শোভাযাত্রায় পা মেলাতে দেখা যায় দুবরাজপুর বিধানসভার বিজেপি বিধায়ক অনুপ সাহা ও দুবরাজপুর তৃণমূল পরিচালিত পুরপ্রধান পীযূষ পান্ডে, দুবরাজপুর তৃণমূলের শহর সভাপতি স্বরূপ আচার্য সহ তৃণমূল কাউন্সিলরদের। রাজনীতির ঊর্ধ্বে উঠে রামনবমী উপলক্ষে রাজনৈতিক সহাবস্থান জেলাজুড়ে। সিউড়ি ১ নম্বর ব্লকের কড়িধ্যা গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত ছোড়া থেকে শোভাযাত্রা বের করে তৃণমূল কংগ্রেস। যার নেতৃত্ব ছিলেন সিউড়ি বিধানসভার বিধায়ক তথা বীরভূম জেলা পরিষদের সভাধিপতি বিকাশ রায়চৌধুরী। অন্যদিকে সিউড়ির সিউড়িপাড়া থেকে একটি শোভাযাত্রা বের করা হয়। শুধু তাই নয়, চৈতালি মোড়েও রামনবমী উপলক্ষে বিশেষ পুজোর আয়োজন করা হয়।

দিনহাটায় ট্রেনের ধাক্কায় মৃত ৩ যুবক

দুরন্ত বার্তা, কোচবিহার, ৩০ মার্চ ঃ রেললাইনের ওপর বসে চলছিল আড্ডা, গল্প! এমন সময় দ্রুত গতিতে ছুটে আসে ট্রেন, সেই ট্রেনের ধাক্কায় প্রাণ গেল ৩ যুবকের। বুধবার রাতে এই মর্মান্তিক ঘটনাটি ঘটেছে দিনহাটা ২ নম্বর ব্লকের কিশামত দশগ্রাম গ্রাম পঞ্চায়েতের হোকদহ প্রথমখন্ড এলাকায়। মৃত ব্যক্তিরা যথাক্রমে কমলেশ বর্মন, দয়াল বর্মন ও রঞ্জিত বিশ্বাস। তারা সকলেই ওই এলাকারই বাসিন্দা ছিলেন। স্থানীয় সুত্রে জানা গিয়েছে, বুধবার রাতে রেললাইনে বসে আড্ডা দিচ্ছিলেন তিন যুবক। সেই সময় রাত আনুমানিক ১১টা নাগাদ শিলিগুড়ি থেকে বামনহাট গামী প্যাসেঞ্জার ট্রেন তাঁদের ধাক্কা মারে। স্থানীয় বাসিন্দা মমিনুল ইসলাম বলেন, বামনহাট গামী প্যাসেঞ্জার ট্রেন বামনহাটের দিকে চলে যাওয়ার পর রেললাইনে তাদের ছিন্নভিন্ন দেহ দেখতে পান। খবর পেয়ে ঘটনাস্থলে পৌছয় স্থানীয় সাহেবগঞ্জ থানা ও রেল পুলিশ। দেহগুলি ময়নাতদন্তের জন্য পাঠানো হয়েছে কোচবিহার মেডিকেল কলেজে।

Office of The Pradhan
DHABAN GRAM PANCHAYAT
DHABAN, BANKURA
Notice Inviting e-Tender No-29/DHNGP/2023
(Re-Tender 3rd Call)

The Pradhan, Dhaban Gram Panchayat, Chhatna, Bankura invited percentage rate e-tender for the work of: Supply of Tube well spare parts for Dhaban GP. Bid submission start date: **27/03/2023.** Bid Submission end date: **09/04/2023.** Date of Opening of Tender on **12.04.2023 at 1.00 PM.** For details please visit website: **www.wbtenders.gov.in**

Sd/- Pradhan
Dhaban Gram Panchayat

স্টোর্স ই-প্রকিউরমেন্ট

[illegible]
www.ireps.gov.in
উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ে

রঙ্গিয়া ডিভিশনে ক্যাটারিং ইউনিটের ই-নিলাম

[illegible]
www.ireps.gov.in
উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে

চিত্তরঞ্জন লোকোমোটিভ ওয়ার্কস
ওপেন ই-টেন্ডার নোটিশ
[illegible]
www.ireps.gov.in
PR5419

পূর্ব রেলওয়ে
[illegible]
www.ireps.gov.in
@EasternRailway
@easternrailwayheadquarter

টহলদারের মোতায়েন
[illegible]
www.ireps.gov.in
উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে

দক্ষিণ পূর্ব রেলওয়ে - টেন্ডার
[illegible]
(PR-1235)

Cooch Behar Municipality
TENDER NOTICE

The Chairman, of Cooch Behar Municipality invites tender for "Our Source basis vacancy for Clerical Assistant and Cleaning Staff for Policlinic of UPHC-I under XV FC-Health Grant of Cooch Behar Municipality." Vide **Tender No.-24 of 2022-23 dt. 30-03-23.** Tender submission end date-**15/03/2023.** Detail information will be available from the website – **www.coochbeharmunicipality.com**

Sd/- Chairman
Cooch Behar Municipality

Office of the councilor
Dhuliyan Municipality
P.O Dhuliyan, Dist Murshidabad
Notice Inviting E-Quotation, Offline Nit & Quotation
Ref. 1. DHLYN/Relief_GRNT/15/2022-2023.
2. DHLYN/Various_GRNT/16/2022-2023.
3. DHLYN/Sanitary_GRNT/17/2022-2023.
4. DHLYN/Tube well_GRANT/18/2022-2023
5. DHLYN/SWM_GRANT/19/2022-2023
6. DHLYN/Electric_GRANT/20/2022-2023
7. Nit No. 04 & 05 (2022-2023)
8. Quotation No 39 & 40(2022-2023)

The Chairman, Dhuliyan Municipality invites e-tender/offline tender & quotation from the eligible and bonafied resourceful contractors. Last date of Bid Submission E-quotation: **13.04.2023 up to 18.00 PM.** Last date of Bid submission E- quotation: **07.04.2023 up to 18.00 PM.** Last date of application of offline tender: **10.04.2023 up to 3.00 PM.** Last date of Bid submission of offline quotation: **10.04.2023 up to 3.00 PM.** For further details please visit WB Tenders.Gov.in & Dhuliyan Municipality website **www.dhuliyanmunicipality.org.**

Sd/- Chairman
Dhuliyan Municipality

Hooghly-Chinsurah Municipality
Mahendra Mitra Road, Pipulpati, PO & Dist.-Hooghly
Tel.: 2680-2899/2319, Telefax.: 2680-6092
Notice for invitation e-Tender
e-Tender Notice No- WBMAD/C/HCM/Eng/NIT7/3e/23
Memo No-: 1328/Eng/AS Dated : 30.03.2023

e-Tenders are invited from the experience and reliable contractors for different civil works under this Municipality. Vide **e-Tender ID No. 2023_MAD_501174_1-10.** Closing date of Bid submission is **11.04.2023 up to 11.00 hours.** Detailed information will be available from PWD Dept. of this Municipality & visit website-**https:// wbtenders.gov.in**

Sd/- Chairman
Hooghly Chinsurah Municipality

OFFICE OF THE BLOCK PROGRAMME OFFICER
PURULIA-I DEVELOPMENT BLOCK
P.O.: Kotlui, Pin-723103, Dist: Purulia
NOTICE INVITING E-QUOTATION No.
WBPUR-I/PO/MGNREGA/NIQ-1/2023-24 (2nd Call)

Sealed Quotation are hereby invited for the execution of total 6(Six) Nos. of similar nature of works. Date of Application(online) from **29.03.2023 to 10.04.23(from 6.55 pm to 5pm).** Bid submission date (online) from **29.03.2023 at 06.55 pm to 10.04.2023 at 05:00 pm.** Bid Opening date on **13.04.2023 at 11.00 am.** For details please visit office of the undersigned.

Sd/- Block Programme Officer
Purulia-I Development Block

Office of The Baragram Gram Panchayat
At+PO-Baragram, PS-Joypur, Dist-Purulia
Notice Inviting Tender

Pradhan, Baragram GP has invited 4 nos. Tender of 12 nos. schemes on **29/03/23.** For details contact Baragram GP Office.

Sd/- Pradhan
Baragram GP

ফিনিক্স এআরসি প্রাইভেট লিমিটেড
Phoenix ARC
CIN: U67190MH2007PTC168303, E-mail: info@phoenixarc.co.in, Website : www.phoenixarc.co.in
দাবী বিজ্ঞপ্তি
[illegible]
HCFKOKMTL 00002450859
HCFKOKMTL 00004114272
[illegible]
তারিখ ঃ ৩১.০৩.২০২৩
স্থান ঃ কলকাতা

উজ্জীবন স্মল ফাইনান্স ব্যাঙ্ক
UJJIVAN SMALL FINANCE BANK
[illegible]
অধিগ্রহণ নোটিশ
[illegible] ১৩(১২) সঙ্গে পড়তে হবে ধারা ৩ নিরাপত্তা আগ্রহ(প্রয়োগ) ধারা ২০০২ জারি করে ডিমান্ড নোটিস গ্রাহক/সহ-গ্রাহক(দের) প্রতি গ্রাহককে জানানো যায় যে বকেয়া পরিশোধ করতে প্রতি নামের ভিত্তিতে সঙ্গে সুদ প্রযোজ্য হারে যা উল্লেখ রয়েছে উল্লেখিত নোটিসে এই নোটিস প্রাপ্তির ৬০ দিনের মধ্যে, সঙ্গে পরবর্তী সুদ যা প্রযোজ্য, আনুষ্ঠানিক খরচ, মূল্য, দাবী ইত্যাদি পরিশোধ বা পুণরুদ্ধারের তারিখ পর্যন্ত।

ক্র. নং.	লোন নং.	নাম গ্রাহক / সহগ্রাহক/ জামিনদার / বন্ধকদাতা	১৩(২) নোটিস তারিখ / বকেয়া (টাকা)	অধিগ্রহণের তারিখ ও ধরণ
১.	৩৩০৩২১০০ ৮০০০০০০৪	১) দেবাশিস নস্কর ২) শম্পা নস্কর ৩) অমৃতা মান্না জানা	২৩.০৯.২০২১ / টাকা. ১০,৬৮,৯৯৫.৩৭ ১৪.০৭.২০২১ তারিখে	২৭.০৩.২০২৩ / প্রতীকী অধিগ্রহণ
	স্থাবর সম্পত্তির বিবরণ ঃ সমস্ত অংশ এবং সামগ্রী জমি পরিমাপ প্রায় ৫ ছটাক ১৮ ব.ফু. সঙ্গে একটি দোকান ঘর যার পরিমাপ ২৪৩ ব.ফু., অবস্থিত রয়েছে মৌজা-বৃজি, থানা-পাটুলি (পূর্বে যাদবপুর), পরগনা খাশপুর, জেএল নং. ২৭, রে.সা. নং. ১, তৌজি নং. ৫৬ ও ২৩১, আরএস দাগ নং. ৫৯৮, আরএস খতিয়ান নং. ১৬৭, কলকাতা পুরনিগম ওয়ার্ড নং. ১১০, প্রিমিসেস নং. ৭৭/১, বৃজি পশ্চিম, কলকাতা-৭০০০৮৪, দক্ষিণ ২৪ পরগণা, মালিক দেবাশিস নস্কর।			

এতদ্বারা গ্রাহক / সহ-গ্রাহক / জামিনদার / বন্ধকদাতা, যা উপরিউল্লিখিত ব্যর্থ হয়েছে বকেয়া রাশি, নোটিস দেওয়া যায় উপরিউল্লিখিত গ্রাহকদের বিশেষভাবে এবং জনস্বার্থে যে উজ্জীবন স্মল ফাইনান্স ব্যাঙ্কের স্বীকৃত আধিকারিক প্রতীকী অধিগ্রহণ করেছেন সম্পত্তি / সুরক্ষিত সম্পদ যা উপরে বর্নিত রয়েছে ক্ষমতার প্রয়োগবলে যা ন্যস্ত অধীন ধারা ১৩(৪) উল্লেখিত আইনে সঙ্গে পড়তে হবে ধারা ৮ উল্লেখিত ধারা উল্লিখিত তারিখে। গ্রাহক এবং সহ-গ্রাহক / বন্ধকদাতাদের মনোযোগ আকর্ষিত করা যায় বন্দোবস্ত উপ-ধারা (৮) ধারা ১৩ আইনে, উপযুক্ত সময় পাবেন সম্পদ পুণরুদ্ধারে। উপরি উল্লিখিত গ্রাহক / সহ-গ্রাহক / জামিদার / বন্ধদাতা বিশেষভাবে এবং জনস্বার্থে সতর্ক করা যায় লেনদেন না করতে উল্লেখিত সম্পত্তি / সুরক্ষিত সম্পদ নিয়ে এবং কোন ধরণের লেনদেন হলে উল্লেখিত সম্পত্তিতে তার ওপর দাবী করবে উজ্জীবন স্মল ফাইনান্স ব্যাঙ্ক।

স্থান ঃ পশ্চিমবঙ্গ — স্বা /-অনুমোদিত আধিকারিক
তারিখ ঃ ২৭.০৩.২০২৩ — উজ্জীবন স্মল ফাইনান্স ব্যাঙ্ক

উত্তর মধ্য রেলওয়ে

টেন্ডার নোটিস নং. এজিসি-ইএলজিএসইউ-টি-০৭-২০২২-২৩ — অফিস অফ দ্য,
তাং ঃ ২৮.০৩.২০২৩ — ডে. সিইই(জিএস), এনসিআর, আগ্রা

ই-টেন্ডারিং

ভারতের রাষ্ট্রপতির পক্ষে ডেপুটি চিফ ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ার (গতিশক্তি), উত্তর মধ্য রেলওয়ে, আগ্রা আহ্বান করছেন "ওপেন টেন্ডার" অনলাইনে কেবলমাত্র (ই-টেন্ডারিং) উল্লেখিত কাজের জন্য।

ক্র নং.	টেন্ডার নং.	এজিসি-ইএলজিএসইউ-টি-০৭-২০২২-২৩
১	কাজের নাম ও এর স্থান ও সম্পাদনের মেয়াদ	ইলেকট্রিক্যাল টিআরডি কাজ পিআই থেকে ইআই পরিবর্তন কাজের সাথে সংযুক্ত আইডিএইচ-বিএক্সএন সেকশানে আগ্রা ডিভিশনে। **সম্পাদনের মেয়াদ ৩৬৫ দিন।**
২	কাজের আনুমানিক মূল্য	₹ ৪৩৮৭৮৮১.৮০ /-

বিস্তারিত তথ্যাবলী এবং দরপত্র জমা করতে দেখুন ভারতীয় রেলওয়ের ওয়েবসাইট দেখুন **www.ireps.gov.in**। টেন্ডার শুধুমাত্র জমা করা যাবে **www.ireps.gov.in** ওয়েব পোর্টাল মাধ্যমে ১৭.০৪.২০২৩ বিকাল ১৫.০০ ঘটিকা পর্যন্ত।

474/23 (ADM)

টলি-বলির টুকরো খবর

‘মায়া’য় মিথিলার অভিষেক, ছবির ট্রেলারেই জমজমাট বুনন পরিচালকের

আগেই এই ছবির জন্য পুরস্কার জিতে নিয়েছেন রাফিয়াত রশিদ মিথিলা। পরিচালক রাজর্ষি দে-র ‘মায়া’ ছবির হাত ধরে টলিউডে অভিনয়ে হাতেখড়ি হয়েছে তাঁর। এবার প্রকাশ্যে এল ছবির ট্রেলার। মায়া-র প্রথম ঝলকেই বোঝা গিয়েছে যত্ন করেই ছবির চিত্রনাট্য এঁকেছেন পরিচালক। মাল্টি-স্টারার এই ছবি উইলিয়াম শেক্সপিয়রের বিখ্যাত নাটক ‘ম্যাকবেথ’-কে কেন্দ্র করেই। পুরো ছবিটার কেন্দ্রীয় চরিত্রে রয়েছেন মিথিলা। তাঁর অঙ্গুলি হেলনেই এগোচ্ছে গল্প। এর আগে ‘মায়া’ নিয়ে মিথিলা বলেছিলেন, ‘মায়া ছবিটা ম্যাকবেথের অনুসরণে তৈরি। এখানে হুবহু ওই গল্পই তুলে ধরা হয়েছে এমনটা নয়। ম্যাকবেথের চরিত্রগুলি সবই এখানে রয়েছে, তবে গল্পটা নারীর দৃষ্টিকোণ থেকে দেখা হয়েছে। এই কারণেই নাম রাখা হয়েছে মায়া। গল্পে মায়া-র যাত্রাপথ দেখানো হয়েছে।’ এক সংখ্যালঘু নারী ধর্ষণের পর কীভাবে ঘুরে দাঁড়ায়, পুরুষতন্ত্রের শিকল ছেঁড়ার উৎসাহ জোগায় নারীদের- এসবই ফুটে উঠেছে ছবিতে। নিজের চরিত্র প্রসঙ্গে বলতে গিয়ে মিথিলা বলেন, ‘গল্পে একটা সময় দেখা যায়, ১৭-১৮ বছরের বয়সের মায়াকে, এরপর আবার ৩০ বছর বয়সে গিয়ে মায়াকে দেখা যায়, পরে আবারও যখন তাঁকে দেখা গেল, সেটা তাঁর পরিণত বয়স, ৫০-এর আশেপাশে। মায়া হল সংখ্যালঘু সম্প্রদায়ের একজন মহিলা, যাঁকে জীবনে অনেক প্রতিকূলতার মধ্যে দিয়ে যেতে হয়েছে। তবে সে কখনও মাথানত করেনি। সে তাঁর লক্ষ্যে স্থির ছিল, লক্ষ্যে পৌঁছাতে বাকি চরিত্রগুলিতে প্রভাবিত করেছে। এখানে বিভিন্ন সময়, বিভিন্ন লুকে মায়াকে দেখা যাবে, যে বিভিন্ন ভাষায় কথা বলেছে।’ মিথিলা ছাড়াও ছবিতে রয়েছে পরিচালকের চেনা ব্রিগেড। রয়েছেন কমলেশ্বর মুখোপাধ্যায়, রাহুল বন্দ্যোপাধ্যায়, তনুশ্রী চক্রবর্তী, সুদীপ্তা চক্রবর্তী, গৌরব চট্টোপাধ্যায়, অনিন্দ্য চট্টোপাধ্যায়, দেবলীনা কুমার, রনিতা দাস, কনিকা বন্দ্যোপাধ্যায় সহ অন্যান্যরা টলি পাড়ার শিল্পীরা। ছবির সঙ্গীত পরিচালনার দায়িত্ব সামলাচ্ছেন রয়েছেন রণজয় ভট্টাচার্য। প্রসঙ্গত, এই ছবির হাত ধরেই প্রথমবার একসঙ্গে বড়পর্দায় অভিনয় করতে চলেছেন দেবলীনা কুমার ও গৌরব চট্টোপাধ্যায়কে।

রহমানের সঙ্গেও নোংরা রাজনীতি! বলিউডকে একহাত নিলেন কঙ্গনা

প্রিয়াঙ্কা চোপড়া পর এবার এ আর রহমান। বলিউডের নোংরা রাজনীতির মুখে পড়ে বাধ্য হয়েছেন মুম্বই ছাড়তে। রহমান এক সাক্ষাৎকারে মন খুলে বলেছিলেন এমন কথা। রহমানের কথায়, বলিউডে দলবাজি চলে। তাঁদের জন্যই বলিউডের ছবিতে কাজ করার সুযোগ কম আসে! সুযোগ পেয়ে সেই পুরনো কাসুন্দিকেই ঘেঁটে ফেললেন কঙ্গনা। রহমানের সেই মন্তব্যকে সঙ্গে নিয়ে ফের বলিউডের বিরুদ্ধে তোপ দাগলেন তিনি। নাম না করে ফের কঙ্গনার তির করণ জোহরের দিকেই। টুইটারে কঙ্গনা লিখলেন, বলিউডে তারকাদের সন্তানরা এমন ভাব দেখায় যে ওরাই একমাত্র প্রতিভাবান। ওদের প্রতিটা কথাবার্তা, প্রতিটা পদক্ষেপের প্রশংসা করা হয়। কিন্তু যখন বাইরে থেকে এমন কেউ আসেন যিনি সত্যিই প্রতিভাবান, তাঁকে নানা ছক করে, অপমান করে, চড় মেরে ভাগিয়ে দেওয়া হয়। এর আগে প্রিয়াঙ্কা চোপড়াও এক সাক্ষাৎকারে বলিউড ছেড়ে দেওয়ার পিছনেও নোংরা রাজনীতির কথা বলেছিলেন। সেই সাক্ষাৎকার শেয়ার করে কঙ্গনা একহাত নিয়েছিলেন করণ জোহরকে। আর এ বিষয়ে রহমানের পাশে দাঁড়ালেন বলিউডের এই বিতর্কীত কুইন। প্রিয়াঙ্কার এই সাক্ষাৎকারে পড়ে ফের বলিউড তথা করণ জোহরের প্রতি বিষ উগরে দিয়েছেন কঙ্গনা। টুইটে কঙ্গনা লিখলেন, প্রিয়াঙ্কা একাই নায়কদেরকে জব্দ করছিল, সেটা সহ্য করতে পারছিল না বলিউডের মুভি মাফিয়া করণ। তাই প্ল্যান করে প্রিয়াঙ্কাকে একঘর করা হয়। এই বিষয়ে শাহরুখও ছিল প্রথম সারিতে। শাহরুখের সঙ্গে প্রিয়াঙ্কার ঘনিষ্ঠতা মেনে নিতে পারেননি করণ। সেই কারণেই নানা ছক কষে প্রিয়াঙ্কার পিছনে লাগা হয়। প্রিয়াঙ্কা তাই বাধ্য হয় বলিউড ছাড়তে। তবে প্রিয়াঙ্কা হল কুইন। কাজের মধ্যে দিয়েই যুদ্ধ জিতেছে সে।

ফার্স্ট গার্ল এখন দশ নম্বরে, নতুন জুটিতে মজে সিরিয়ালের দর্শক



একগুচ্ছ নতুন ধারাবাহিক শুরু হয়েছে চ্যানেলগুলিতে। কোথায় সূর্য- দীপা সম্পর্কের সমীকরণ, কোনও সিরিয়ালের আর্কষণ জগদ্ধাত্রী, কোথায় আবার বিয়ের পরের পরবর্তী জীবনের দৈনন্দিন গল্প নিয়ে এসেছে ‘নিম ফুলের মধু’। তবে এদের মাঝেও টিআরপিতে উপস্থিত রয়েছে এক সময়ের ফার্স্ট গার্ল ‘মিঠাই’। যদিও গুঞ্জন ছিল এপ্রিলের শুরুতেই শেষ হবে এই ধারাবাহিক। সম্প্রতি নতুন সিরিয়াল ‘ফুলকি’-র প্রোমো প্রকাশ্যে আসতেই সেই গুঞ্জন আরও জোরদার হয়। তার মাঝেও সেরা দশের তালিকায় দশ নম্বরে জায়গা করে নিয়েছে এই ধারাবাহিক। অন্য দিকে, গত সপ্তাহের মতো এই সপ্তাহেও এক নম্বরে রয়েছে ‘অনুরাগের ছোঁয়া’। প্রাপ্ত নম্বর ৯.০। গত সপ্তাহে সংখ্যা কিছুটা কমলেও, মার্চের শেষ সপ্তাহে নম্বর বাড়িয়ে ফের দ্বিতীয় স্থানে ‘জগদ্ধাত্রী’ ৮.৩। অন্যদিকে, পাঁচ নম্বর থেকে একেবারে তিন নম্বর জায়গা দখল করেছে ‘নিম ফুলের মধু’। এই সপ্তাহে যে সিরিয়াল নিয়ে চর্চা তুঙ্গে, সেটি ‘গৌরী এল’। ‘গৌরী এল’ সিরিয়ালের গল্প শুরু থেকেই ‘ঘোমটা কালী’-কে কেন্দ্র করে এগিয়েছে। নানা রকম চক্রান্তের জন্য ঈশান এবং গৌরী কাছে এসেও আসতে পারেনি। গৌরী আর ঈশানের কাছাকাছি আসাতেই ঘোমটা খুলে গেল মা কালীর। আর সিরিয়ালের এই দৃশ্য দেখে নানা জনের নানা মন্তব্য। চারিদিকে হাসির রোল। কেউ লিখেছেন, কী হাস্যকর দৃশ্য, কারও আবার মন্তব্য, গল্পের গরু গাছে উঠছে। তবে সমালোচনা হলেও চলতি সপ্তাহে ৭.৭ নম্বর নিয়ে চতুর্থ স্থানে উঠে এল এই ধারাবাহিক। অন্য দিকে, লিপ নিয়ে সময় এগিয়ে দেখা যাচ্ছে ‘খেলনা বাড়ি’ সিরিয়ালে। প্রকাশ্যে নতুন প্রমো। সেখানেই দেখা যাচ্ছে ১৮ বছর পেরিয়ে গিয়েছে। বড় হয়ে গিয়েছে মিতুলের মেয়ে গুগলি। মেয়েকে কলেজে পৌঁছতে গিয়ে ঘটল বিপত্তি। তাদের বলে একটি ছেলের মারপিট দেখে রেগে লাল মিতুল। ছেলেমেয়ে বড় হয়ে গিয়েছে, কিন্তু মিতুলের মধ্যে কোনও পরিবর্তন আসেনি। মার্চের শেষ সপ্তাহে সেরা পাঁচের তালিকায় ৭.৫ নম্বর নিয়ে পঞ্চম স্থানে এই সিরিয়াল।

‘ব্যোমকেশ’ দেবের সত্যবতী মৌনী রায়! টলিপাড়ার নতুন জুটি নিয়ে শোরগোল শুরু

রুপোলি পর্দায় বারবার ব্যোমকেশ বক্সিকে খুঁজে পেয়েছেন বাঙালি দর্শক। গোয়েন্দা চরিত্রে কখনও উত্তম কুমার কিংবা পরমব্রত চট্টোপাধ্যায়, আবার কখনও যিশু সেনগুপ্ত, সুজয় ঘোষ বা অনির্বাণ ভট্টাচার্যের মতো অভিনেতাদের দেখা গিয়েছে। এবার সেই তালিকায় যুক্ত হয়েছে দেবের নাম। পরিচালক বিরশা দাশগুপ্তর নতুন ছবিতে ব্যোমকেশের চরিত্রে দেখা যাবে দেবকে। টলিপাড়ায় এই খবর আগেই ছিল। তবে নতুন খবর হল, সেই ছবিতে এবার সত্যবতীর চরিত্রে মৌনী রায় ! হ্যাঁ, বলিউডের বাঙালি মেয়ে এই প্রথম পা দিতে চলেছেন বাংলা ছবিতে। সূত্র বলছে, আপাতত ছবির নির্মাতাদের সঙ্গে পারিশ্রমিক নিয়ে কথাবার্তা চলছে। মৌনী রাজি হলেই মে মাসে শুরু হবে এই ছবির শুটিং। ছবিতে রয়েছে আরও একটি চমক। সূত্র বলছে, দেবের ব্যোমকেশের অজিত হচ্ছেন অম্বরীশ ভট্টাচার্য। কয়েকদিন আগে এক টুইটে চমকে দেন সুপারস্টার। যাতে লেখেন, ইন্ডাস্ট্রিতে একজন অভিনেতা হিসাবে ১৭ বছর পূর্ণ হল। অভিনেতা হিসাবে আমার পরবর্তী ছবি ‘ব্যোমকেশ দুর্গ রহস্য’। প্রযোজক দেব এন্টারটেনমেন্ট ভেঞ্চার্স এবং শ্যাডো ফিল্মস। সবসময় আপনাদের আশীর্বাদ কাম্য। ছবির বাকি কলাকুশলী এবং পরিচালকের নাম খুব শীঘ্রই ঘোষণা করা হবে। সেই কথাই রাখলেন দেব।

শ্রী অরুণ অরোরা, জেনারেল ম্যানেজার পূর্বরেলওয়ে ভারত গৌরব স্পেশাল ট্যুরিস্ট ট্রেনের ব্রোশার প্রকাশ করছেন।

কলকাতা ও পুরীর মধ্যে আরও একমাস চলবে স্পেশাল ট্রেন

কলকাতা, ৩০ মার্চ ঃ অতিরিক্ত যাত্রী ভিড় সামাল দিতে পূর্ব রেল কলকাতা ও পুরীর মধ্যে চলাচলকারী স্পেশাল ট্রেন আরও একমাস চালানোর সিদ্ধান্ত নিয়েছে। ০৩১০১ কলকাতা-পুরী স্পেশাল আগামী ২ এপ্রিল থেকে ৩০ এপ্রিল প্রতি রবিবার কলকাতা থেকে এবং ০৩১০২ পুরী-কলকাতা স্পেশাল আগামী ৩ এপ্রিল থেকে ১ মে পর্যন্ত প্রতি সোমবার পুরী থেকে ছাড়বে। বৃহস্পতিবার, ৩০ মার্চ থেকে কলকাতা - পুরী স্পেশাল ট্রেনের আসন সংরক্ষণ শুরু হয়েছে, টিকিট বুকিং-এ কোনও ছাড়ের সুবিধা ও তৎকাল কোটা কার্যকর হবে না, স্পেশাল চার্জ কার্যকর হবে বলে রেল সূত্রের খবর।

মহারাষ্ট্রে সংক্রমণ বাড়ল ৬৩ শতাংশ

মুম্বই, ৩০ মার্চ ঃ মারাঠাভূমিতে ফের চোখ রাঙাচ্ছে করোনা ভাইরাসের দৈনিক সংক্রমণ। ২৪ ঘন্টার ব্যবধানে দৈনিক সংক্রমণ এক ধাক্কায় ৬৩ শতাংশ বেড়েছে। নতুন করে আক্রান্ত হয়েছেন ৬৯৪ জন। গতকাল বুধবার রাজ্যে নতুন করে আক্রান্ত হয়েছিলেন ৪৮৩ জন। নমুনা পরীক্ষায় শনাক্তের হার যেভাবে বেড়ে চলেছে তাতে অশনি সঙ্কেতই দেখছেন স্বাস্থ্য বিশেষজ্ঞরা। বৃহস্পতিবার সকালেই স্বাস্থ্য মন্ত্রকের দৈনিক করোনা বুলেটিনে জানানো হয়েছিল, গত ২৪ ঘন্টায় দেশে মারণ ভাইরাসে নতুন করে আক্রান্ত হয়েছেন ৩০১৬। দৈনিক পজিটিভিটি রেট বেড়ে দাঁড়িয়েছে ২ দশমিক ৭৩ শতাংশ। অ্যাকটিভ কেসের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ১৩ হাজার ৫০৯ জনে। গতকাল বুধবার দেশে দৈনিক আক্রান্তের সংখ্যাটা ছিল ২ হাজার ১৫১ জন। অর্থাৎ একদিনে আক্রান্তের সংখ্যা বেড়েছে প্রায় ৪০ শতাংশ। এদিন সন্ধ্যায় মহারাষ্ট্রের স্বাস্থ্য দফতরের পক্ষ থেকে জানানো হয়েছে, রাজ্যে গত ২৪ ঘন্টায় নতুন করে আরও ৬৯৪ জনের শরীরে করোনা সংক্রমণ ধরা পড়েছে।

OFFICE OF PUSTI GRAM PANCHAYAT
P.O.-PUSTI, Dist- PURULIA, WB, Pin: 723212
NIeT No. WB/PGP/NITe-13/2022-23

The Pradhan, Pusti Gram Panchayat under Jhalda-1 Development Block, Purulia invites percentage rate e-tender for the 9 (Nine) Nos. similar works at different places. Source of Fund: 15 th FC. Document Downloading starting from 30/03/2023 from 10.30 am up to 07/04/2023 up to 10:30 AM. Bid submission starting from 30/03/2023 from 10.30 am up to 07/04/2023 up to 10:30 AM. Opening of Bid on 10/07/2023 at 11.00 AM. For details please visit website https://wbtender.gov.in

Sd/- PRADHAN
PUSTI GRAM PANCHAYAT

OFFICE OF PUSTI GRAM PANCHAYAT
P.O.-PUSTI, Dist- PURULIA, WB, Pin: 723212
Notice Inviting Tender No. 012/2022-23

Sealed tender is invited from the experienced and resourceful bidders by the pradhan, Pusti Gram Panchayat under Jhalda-1 Development Block, Purulia for the 8 (Eight)Nos. similar works at different places. Source of Fund: 15 th FC. Date of sale of Tender Form on any working day from 29/03/2023 to 05/04/2023 (from 11.00 am. To 03.00 pm). Last date of dropping of Sealed Tender form on or before 06/04/2023 up to 12.30 pm. Date of Opening of T ender at 01.00 pm on 06/04/2023. For details please visit website https://wbtender.gov.in or visit office of the undersigned.

Sd/- PRADHAN
PUSTI GRAM PANCHAYAT

সলমনের বিরুদ্ধে মামলা খারিজ করল বম্বে হাইকোর্ট, দিতে হবে না হাজিরা

মুম্বই, ৩০ মার্চ ঃ বলিউড অভিনেতা সলমন খান এবং তাঁর দেহরক্ষীর বিরুদ্ধে মামলা (এফআইআর) বাতিল করে দিল বম্বে হাইকোর্ট। ২০১৯ সালে এক সাংবাদিকদের সঙ্গে অভব্য আচরণের মামলায় সলমনকে বৃহস্পতিবার স্বস্তি দিয়েছে বম্বে হাইকোর্ট। বম্বে হাইকোর্ট জানিয়েছে, আন্ধেরি আদালতে হাজিরা দিতে হবে না অভিনেতা সলমন খানকে। ২০১৯ সালের ঘটনা, মুম্বইয়ের রাস্তায় সাইকেল চালানোর সময় সলমন খানের ছবি তুলতে যান এক সাংবাদিক। ওই সময় অভিনেতা এবং তাঁর দেহরক্ষী সাংবাদিকের মোবাইল ফোন কেড়ে নিয়ে তাঁর সঙ্গে খারাপ ব্যবহার করেন বলে অভিযোগ। এরপরই বম্বে হাইকোর্টে সলমন খান এবং তাঁর দেহরক্ষীর বিরুদ্ধে মামলা দায়ের করা হয়। যা বৃহস্পতিবার কার্যত খারিজ করে দিয়েছে বম্বে হাইকোর্ট। জানিয়ে দিয়েছে, অভিনেতাকে আন্ধেরি আদালতে হাজিরা দিতে হবে না।

পাকিস্তানে আইইডি বিস্ফোরণে ছিন্নভিন্ন ডিএসপি সহ চার পুলিশ কর্মী

ইসলামাবাদ, ৩০ মার্চ ঃ আবার বিস্ফোরণে কেঁপে উঠল পাকিস্তানের মাটি। বৃহস্পতিবার খাইবার পাখতুনখাওয়া প্রদেশের লাক্কি মারওয়াতের পিরওয়ালা রোডের সদর থানায় আইইডি বিস্ফোরণে ডেপুটি পুলিশ পদমর্যাদার এক আধিকারিক সহ চার পুলিশ কর্মী প্রাণ হারিয়েছেন। এখনও পর্যন্ত কোনও জঙ্গি সংগঠন হামলার দায় নেয়নি। খাইবার পাখতুনখাওয়া প্রদেশের পুলিশের মুখপাত্র শাহিদ আহমেদ জানান, এদিন সকালে লাক্কি মারওয়াতের সদর থানায় আচমকাই চড়াও হয়ে এলোপাতাড়ি গুলি চালাতে শুরু করে বন্দুকবাজরা। জবাবে পুলিশ কর্মীরা পাল্টা গুলি চালান। বেশ খানিকক্ষণ দুপক্ষের মধ্যে বন্দুকযুদ্ধ চলে। জঙ্গিদের গুলিতে ছয় পুলিশ কর্মী গুরুতর জখম হন। গুলিযুদ্ধের মধ্যেই এলাকা ছেড়ে গা ঢাকা দেয় জঙ্গিরা। থানায় জঙ্গি হামলার খবর পেয়েই সহকর্মীদের নিয়ে সদর থানার উদ্দেশ্যে রওনা করেন ডেপুটি পুলিশ কমিশনার ইকবাল মোহাম্মদ। পিরওয়ালায় ঢোকার মুখে আচমকাই রাস্তায় থাকা আইইডি বিস্ফোরণ ঘটে। ওই ভয়াবহ বিস্ফোরণে ছিন্নভিন্ন হয়ে যান ডিএসপি সহ চার পুলিশ কর্মী।

কেরলের কোট্টায়ামে শুরু দ্বিতীয় শেরপা বৈঠক, গান্ধীনগরে দুর্যোগ নিয়ে মিটিং

কোট্টায়াম ও গান্ধীনগর, ৩০ মার্চ ঃ ভারতের জি-২০ সভাপতিত্বে এই গোষ্ঠীর দ্বিতীয় শেরপা বৈঠক বৃহস্পতিবার কেরলের কোট্টায়ামের কুমারাকম গ্রামে শুরু হয়েছে। ভারতের জি-২০ শেরপা অমিতাভ কান্ত চারদিনব্যাপী এই বৈঠকে পৌরোহিত্য করেন। জি-২০-র সদস্য দেশ, বিভিন্ন আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থা এবং আমন্ত্রিত দেশগুলির ১২০ জন প্রতিনিধি এতে অংশ নেন। অর্থনৈতিক ও উন্নয়নমূলক বিষয়ের পাশাপাশি সমসাময়িক বিশ্বের বিভিন্ন চ্যালেঞ্জ নিয়ে এখানে আলোচনা হয়েছে। বৈঠকের ফাঁকে ডিজিটাল পাবলিক ইনফ্রাস্ট্রাকচার এবং গ্রিন ডেভেলপমেন্ট শীর্ষক দুটি অনুষ্ঠানেরও আয়োজন করা হয়েছে। এদিকে, জি-২০-র দুর্যোগের ঝুঁকি হ্রাস সংক্রান্ত কর্মীগোষ্ঠীর প্রথম বৈঠক এদিন গুজরাটের গান্ধীনগরে শুরু হয়েছে। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব ডঃ পি কে মিশ্র এবং যোগাযোগ প্রতিমন্ত্রী দেবুসিং চৌহান বৈঠকের উদ্বোধন করেন।

সাঁতরাগাছি-গুয়াহাটি-সাঁতরাগাছি বিশেষ ধারাবাহিকতা

কলকাতা, ৩০ মার্চ ঃ যাত্রীদের অতিরিক্ত ভিড় দূর করার লক্ষ্যে, দক্ষিণ পূর্ব রেলওয়ে প্রদত্ত সময়সূচী অনুসারে সাঁতরাগাছি - গুয়াহাটি-সাঁতরাগাছি সাপ্তাহিক স্পেশাল চালানোর সিদ্ধান্ত নিয়েছে ঃ ০৮০৪৭ সাঁতরাগাছি-গুয়াহাটি স্পেশাল ২৮.০৪.২০২৩ (প্রতি শুক্রবার) পর্যন্ত চলবে ০৮০৪৮ গুয়াহাটি- সাঁতরাগাছি স্পেশাল ২৯.০৪.২০২৩ (প্রতি শনিবার) পর্যন্ত চলতে থাকবে।

দিল্লিতে ক্রমবর্ধমান করোনা সংক্রমণ, জরুরি বৈঠকের ডাক সরকারের

নয়াদিল্লি, ৩০ মার্চ ঃ চলতি সপ্তাহের শুরু থেকেই রাজধানী দিল্লিতে বেড়ে চলেছে করোনা আক্রান্তের সংখ্যা।। বুধবার করোনায় দুই রোগীর মৃত্যুর পর শুক্রবার বিকেলে তড়িঘড়ি করে আধিকারিকদের জরুরি বৈঠক ডেকেছে দিল্লি সরকার। এই বৈঠকে মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়াল স্বাস্থ্যমন্ত্রী সৌরভ ভরদ্বাজকে নির্দেশ দিয়েছেন, বিশেষ সচিব, স্বাস্থ্য দফতর, মহাপরিচালক স্বাস্থ্য পরিষেবা (ডিজিএইচএস), অক্সিজেন ও পরীক্ষার জন্য নোডাল অফিসার এবং লোকনায়ক সহ দিল্লি সরকারের বৃহত্তম হাসপাতালের মেডিকেল ডিরেক্টর এবং অন্যান্য হাসপাতালের মেডিকেল ডিরেক্টরদেরও উপস্থিত থাকতে হবে। বৈঠকে আলোচনা বিষয় হল, করোনার সংক্রমণ দ্রুত বাড়লে সেই পরিস্থিতি মোকাবেলায় দিল্লি সরকারের হাসপাতালগুলি কতটা প্রস্তুত। বর্তমানে, সরকার করোনা রোগীদের চিকিৎসার জন্য দিল্লির বেসরকারি ও সরকারি হাসপাতালে মোট ৭৯৮৬ টি শয্যা সংরক্ষিত করেছে। যার মধ্যে বর্তমানে মাত্র ৫৪ টি শয্যা করোনা রোগীর জন্য সংরক্ষিত রয়েছে। এছাড়াও, কোভিড কেয়ার সেন্টারে ৭৫ টি শয্যা এবং করোনা স্বাস্থ্য কেন্দ্রে ১১৮ টি শয্যা সংরক্ষিত রয়েছে। হাসপাতালে অক্সিজেন প্ল্যান্ট, আইসিইউ বেড এবং ভেন্টিলেটরের যথাযথ ব্যবস্থা রাখতে হাসপাতালগুলোকে বলা হয়েছে। প্রসঙ্গত, দিল্লিতে হঠাৎ করোনা সংক্রমণ বৃদ্ধির কারণ হিসাবে বিশেষজ্ঞরা করোনার নতুন এক্সবিবি.১.১৬ ভ্যারিয়েন্ট-কেই দায়ী করেছেন। তবে এখনই নতুন ভ্যারিয়েন্ড নিয়ে আতঙ্কিত হওয়ার কোনও কারণ নেই। করোনা মোকাবিলায় স্বাস্থ্যবিধি অনুসরণ ও বুস্টার ডোজ নেওয়ার পরামর্শই দেওয়া হয়েছে। তবে শুধু করোনার প্রকোপই নয়, গোঁদের উপরে বিষফোঁড়ার মতো দিল্লিতে ক্রমশঃ বেড়েই চলেছে এইচ৩এন২ ইনফ্লুয়েঞ্জা সংক্রমণও। করোনার মতোই একই উপসর্গ থাকায় অনেক সময় রোগ নির্ণয়েও সমস্যা হচ্ছে। দুই ক্ষেত্রেই জ্বর, সর্দিকাশিই প্রধান উপসর্গ। ইন্ডিয়ান কাউন্সিল অব মেডিক্যাল রিসার্চের তরফে জানানো হয়েছে, এইচ৩এন২ ইনফ্লুয়েঞ্জা ভাইরাসে অন্যান্য ইনফ্লুয়েঞ্জা সংক্রমণের থেকে হাসপাতালে ভর্তি হওয়ার হার তুলনামূলকভাবে বেশি। জ্বর, সর্দি, একটানা কাশির মতো উপসর্গ থাকলেই পরীক্ষা করানোর পরামর্শ দেওয়া হচ্ছে।

কর্ণাটকে ৬০টি আসনের গন্ডি পেরোতে পারবে না বিজেপিঃ সিদ্দারামাইয়া

বেঙ্গালুরু, ৩০ মার্চ ঃ কর্ণাটকে এবারের বিধানসভা নির্বাচনে ৬০ টির বেশি আসনের গন্ডি পেরোতে পারবে না বিজেপি। এই দাবি করলেন কংগ্রেস নেতা ও রাজ্যের প্রাক্তন মুখ্যমন্ত্রী সিদ্দারামাইয়া। বৃহস্পতিবারই কর্ণাটকের প্রাক্তন মুখ্যমন্ত্রী ও বিজেপি নেতা বি এস ইয়েদুরাপ্পা দাবি করেছেন, রাজ্যে ১৫০ টি আসনে জিতবে বিজেপি। ইয়েদুরাপ্পার এই মন্তব্যের প্রেক্ষিতে সিদ্দারামাইয়া বলেছেন, ৬০টির বেশি আসনের গন্ডি পেরোতে পারবে না বিজেপি। কর্ণাটকে কংগ্রেস-জেডিএস জোটের সম্ভাবনাও উড়িয়ে দিয়েছেন সিদ্দারামাইয়া। তিনি বলেছেন, আমাদের কোনও রাজনৈতিক দলের থেকে ভয় নেই, আমরা নিজেদের জোরেই রাজ্যে ক্ষমতায় ফিরে আসব। এদিন কর্ণাটক প্রদেশ কংগ্রেস সভাপতি ডি কে শিবকুমার বলেছেন, কর্ণাটকের মানুষ কংগ্রেসকে ভোট দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে এবং রাজ্যে আমাদের সরকার গঠিত হবে।

ইন্দোরে ধসে পড়ল মন্দিরের সোপান নিরাপদে উদ্ধার ১০, উদ্বিগ্ন মোদী ও রাজনাথ

নয়াদিল্লি, ৩০ মার্চ ঃ রামনবমীর দিন বড়সড় দুর্ঘটনা। মধ্যপ্রদেশের ইন্দোরের একটি মন্দিরে ধসে পড়ল কূপসিঁড়ির ছাদ। চাপা পড়লেন কমপক্ষে ৩০ জন। শেষ পাওয়া খবর অনুযায়ী, দুর্ঘটনায় প্রাণ হারিয়েছেন ১১ জন। যারমধ্যে ১০ জন মহিলা, একজন পুরুষ। ৮ জনকে জীবিত উদ্ধার করা সম্ভব হয়েছে। ইন্দোরের শ্রী বালেশ্বর মহাদেব ঝুলেলাল মন্দিরে দুর্ঘটনাটি ঘটে। রামনবমী উপলক্ষ্যে মন্দিরে তখন ভক্তের ঢল। সবাই পুজোয় ব্যস্ত। এমন সময়ই ঘটে দুর্ঘটনাটি। ধসে পড়ে মন্দিরের কূপসিঁড়ির ছাদ। সঙ্গে সঙ্গেই হুড়মুড়িয়ে সবাই পড়ে যান কুয়োর মধ্যে। চাপা পড়ে যান ভগ্নাবশেষের নীচে। পাটেল নগরের ওই মন্দিরে এদিন রামনবমী উপলক্ষ্যে অত্যধিক ভিড় হয়েছিল। দুর্ঘটনার সঙ্গে সঙ্গেই উদ্ধারকাজে ঝাঁপিয়ে পড়েন সবাই। ঘটনাস্থলে ছুটে আসেন ইন্দোরের পুলিস কমিশনার। দুর্ঘটনার একটি ভিডিয়ো ফুটেজ সামনে এসেছে, যেখানে দেখা যাচ্ছে, পুলিস দড়ির সাহায্যে দুর্ঘটনাগ্রস্ত মানুষদের বের করে আনার চেষ্টা করছে। দুর্ঘটনার সম্পর্কে খোঁজখবর নিয়েছেন মধ্যপ্রদেশের মুখ্যমন্ত্রী শিবরাজ সিং চৌহান। উদ্ধারকাজে আরও গতি আনার জন্য ইন্দোরের জেলাশাসক ও পুলিস কমিশনারকে নির্দেশ দিয়েছেন তিনি। ইন্দোর জেলা প্রশাসনের সঙ্গে নিরন্তর যোগাযোগ রেখে চলেছে মুখ্যমন্ত্রীর দফতর। ইন্দোর পুলিসের উচ্চপদস্থ অফিসাররাও উপস্থিত রয়েছেন ঘটনাস্থলে। উপস্থিত রয়েছে এসডিআরএফ টিম, জেলা প্রশাসনিক আধিকারিকরা। মন্দির থেকে সরিয়ে দেওয়া হয়েছে ভক্তদের ভিড়। কাউকে ভিতরে ঢুকতে দেওয়া হচ্ছে না। যাদের উদ্ধার করা হয়েছে, তাঁদের হাসপাতালে নিয়ে যাওয়া হচ্ছে।

সোনা বাজেয়াপ্ত, আটক যাত্রী

কোচি, ৩০ মার্চ ঃ ভারতীয় শুল্ক বিভাগের এয়ার ইন্টেলিজেন্স ইউনিট (এআইইউ) বৃহস্পতিবার কোচি বিমানবন্দরে ৪৯.৫ লক্ষ টাকা মূল্যের ১০৬৩ গ্রাম সোনা আটক করেছে এবং সোনা বহনকারী যাত্রীকেও আটক করা হয়েছে। শুল্ক বিভাগ নির্দিষ্ট খবরের ভিত্তিতে, ফ্লাইট ৬ ই ১৪০৪-এ আবুধাবি থেকে কোচিতে আসা একজন যাত্রীকে গ্রিন চ্যানেলে আটক করে।

দিল্লি-এনসিআরে বৃষ্টি, আগামী দুদিন বৃষ্টি ও শিলাবৃষ্টির সম্ভাবনা

নয়াদিল্লি, ৩০ মার্চ ঃ বৃহস্পতিবার রাজধানী দিল্লি-এনসিআর-এ আবহাওয়ার বদলেছে। দিল্লি এনসিআর-এর অনেক এলাকায় বজ্রঝড় সহ ভারী বৃষ্টি হয়েছে। আবহাওয়া দফতরের মতে, পশ্চিমী ঝঞ্ঝার কারণে আগামী দুদিন দিল্লি এনসিআরে বৃষ্টি ও শিলাবৃষ্টির সম্ভাবনা রয়েছে। বিশেষ করে ৩১ মার্চ ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে। আবহাওয়া দফতরের বিজ্ঞানী কুলদীপ শ্রীবাস্তব জানিয়েছেন, বৃহস্পতিবারও তাপমাত্রা ছিল ২৮ ডিগ্রির কাছাকাছি। তাপমাত্রা বৃদ্ধির কারণে আর্দ্রতা বৃদ্ধি পেয়েছে, যার ফলে বৃষ্টি হয়েছে। ওয়েস্টার্ন ডিস্টার্বেন্সের কারণে আগামী দুই দিন একই ধরনের আবহাওয়া অব্যাহত থাকতে পারে বলে জানান তিনি। ৩১ মার্চ ভারী বর্ষণ ও শিলাবৃষ্টির সম্ভাবনা রয়েছে।

Name Change

I, SHAW PUNAM (old name) resident of 97 Biren Roy Road, Kolkata 700061, West Bengal, PS- Sarsuna, WEST BENGAL, India I have changed my name to (shall henceforth be known as) PUNAM SHAH, vide an affidavit sworn before the Notary Public at Kolkata on 30/03/2023. SHAW PUNAM and PUNAM SHAH both are same and one identical person.

Name Change

I, AMRENDRA KUMAR RAI (old name) S/o BAIJ NATH RAI resident of Hatiara Jhawtalla Ganguram Gali, Hatiara, PS-Eco Park, Dist- 24 Parganas (North)-700157, WEST BENGAL, India I have changed my name to (shall henceforth be known as) AMARENDRA NATH RAI, vide an affidavit sworn before the Notary Public at Kolkata on 30/03/2023. AMRENDRA KUMAR RAI and AMARENDRA NATH RAI both are same and one identical person.

Name Change

I, ARJUN KR SHARMA (old name) S/o S N SHARMA (Old Name) resident of KHADINAMORE CHINSURAH HOOGHLY 712103 WEST BENGAL, India I have changed my & my father’s name to (shall henceforth be known as) ARJUN KUMAR RAY S/o SATYA NARAYAN RAY, vide an affidavit sworn before the Notary Public at Kolkata on 30/03/2023. ARJUN KR SHARMA S/o S N SHARMA and ARJUN KUMAR RAY S/o SATYA NARAYAN RAY both are same and one identical person.

Name Change

I, BISHWAJIT DEBNATH (old name) S/o NEPAL DEBNATH resident of Vill-Mahadebpur, Paschimpara, PO-Mahadebpur, Haringhata, Ranaghat, Pin-741257 WEST BENGAL, India I have changed my name to (shall henceforth be known as) BISWAJIT DEBNATH, vide an affidavit sworn before the Notary Public at Kolkata on 30/03/2023. BISHWAJIT DEBNATH and BISWAJIT DEBNATH both are same and one identical person.

Name Change

I, S BHATTACHARYA (old name) D/o D BHATTACHARYA (Old Name) resident of 147 /4 ROY BHADUR RD KOLKATA-700034 WEST BENGAL, India I have changed my & my father’s name to (shall henceforth be known as) SUNANDA BHATTACHARYA D/o DEBAPROSAD BHATTACHARYA, vide an affidavit sworn before the Notary Public at Kolkata on 30/03/2023. S BHATTACHARYA D/o D BHATTACHARYA and SUNANDA BHATTACHARYA D/o DEBAPROSAD BHATTACHARYA both are same and one identical person.

Name Change

I, ABDUL RAB SK is wrongly recorded in my Son's School Certificate. S/o- GEDER SEKH. Residing at Vill - Katgura, Post- Kalinga, Ps- Chapra, Dist- Nadia, Pin- 741166, West Bengal. Shall henceforth be known as DURUP SEKH. That my name DURUP SEKH and ABDUL RAB SK is the same and one Identical Person. Vide an affidavit sworn before the Notary Public at Berhampore Murshidabad.

Name Change

I, MOHAMMED FARHAN IQBAL SHAIKH (old name) S/o SHAIKH MOHAMMED JABED IQBAL resident of 3A, Debomita Apartment, 3 rd Floor, 8/7 Chinar Park, Hatiara, Kolkata-700157 WEST BENGAL, India I have changed my name to (shall henceforth be known as) SHAIKH FARHAN IQBAL, vide an affidavit sworn before the Notary Public at Kolkata on 30/03/2023. MOHAMMED FARHAN IQBAL SHAIKH and SHAIKH FARHAN IQBAL both are same and one identical person.

Name Change

I, ROHID ALI is wrongly recorded in my Son's School Certificate. S/o- KADAR SEKH. Residing at Vill - Gokarna, Post- Gokarna, Ps- Kandi, Dist- Murshidabad, Pin- 742136, West Bengal. Shall henceforth be known as RAHID SK. That my name RAHID SK and ROHID ALI is the same and one Identical Person. Vide an affidavit sworn before the Notary Public at Berhampore Murshidabad.

Name Change

I, SHAIKH JABED IQBAL (old name) S/o ABDUL GAFFUR SHAIKH resident of 3A, Debomita Apartment, 3 rd Floor, 8/7 Chinar Park, Hatiara, Kolkata-700157 WEST BENGAL, India I have changed my name to (shall henceforth be known as) SHAIKH MOHAMMED JABED IQBAL, vide an affidavit sworn before the Notary Public at Kolkata on 30/03/2023. SHAIKH JABED IQBAL and SHAIKH MOHAMMED JABED IQBAL both are same and one identical person.

Name Change

I, ANISUR ISLAM is wrongly recorded in my Son's Pan Card No- EUWPR2197M and Driving Licence No- WB65 2021008128. S/o- LATE NURUL ISLAM. Residing at Vill - Rashiladaha Sahapur, Post- Nageshwarpur, Ps- Malda, Dist- Malda, Pin- 732142, West Bengal. Shall henceforth be known as ANISHUR ISLAM. That my name ANISHUR ISLAM and ANISUR ISLAM is the same and one Identical Person. Vide an affidavit sworn before the Notary Public at Berhampore Murshidabad.

Name Change

I, SHIWAM KUMAR RAI (old name) S/o AMARENDRA NATH RAI resident of Hatiara Jhawtalla Ganguram Gali, Hatiara, PS- Eco Park, Dist- 24 Parganas (North)-700157, WEST BENGAL, India I have changed my name to (shall henceforth be known as) SHIVAM KUMAR RAI vide an affidavit sworn before the Notary Public at Kolkata on 30/03/2023. SHIWAM KUMAR RAI and SHIVAM KUMAR RAI both are same and one identical person.

Name Change

I, MURSHID SK is wrongly recorded in my School Certificate. S/o- DURUP SEKH. Residing at Vill - Katgura, Post- Kalinga, Ps- Chapra, Dist- Nadia, Pin- 741166, West Bengal. Shall henceforth be known as MURSHID SEKH. That my name MURSHID SEKH and MURSHID SK is the same and one Identical Person. Vide an affidavit sworn before the Notary Public at Berhampore Murshidabad.

Name Change

I, TRISHIKHA KUNDU D/O PRAN KRISHNA KUNDU Resident of PA-114, Arjunpur Paschim Para, Rajarhat Gopalpur (M) Dist- North 24 Parganas, Pin-700059 WEST BENGAL, India do hereby solemnly affirm & declaring my mother’s actual name GITA KUNDU instead of BANI KUNDU, vide an affidavit sworn before the Notary Public at Kolkata on 29/03/2023. GITA KUNDU and BANI KUNDU both are same and one identical person.

DETAILED PUBLIC STATEMENT IN ACCORDANCE WITH THE PROVISIONS OF REGULATIONS 13(4), 14(3), AND 15(2) AND SUCH OTHER APPLICABLE PROVISIONS OF THE SECURITIES AND EXCHANGE BOARD OF INDIA (SUBSTANTIAL ACQUISITION OF SHARES AND TAKEOVERS) REGULATIONS, 2011 AS AMENDED, TO THE PUBLIC SHAREHOLDERS OF

J. TAPARIA PROJECTS LIMITED

Corporate Identification Number: L74210WB1980PLC032979
Registered Office - 1 Mall Road (Khudiram Bose Sarani), 3rd Floor, Kolkata - 700080, West Bengal, India;
Contact Number: 033-22305244; **Email Address:** info@jtapariaprojects.com; jtaparia2008@gmail.com;
Website: www.jtapariaprojects.com

Open Offer for acquisition of upto 48,60,000 Equity Shares representing 30.00% (Thirty Percent) of the voting share capital of J. Taparia Projects Limited ('Target Company' or 'JTAPARIA') at an offer price of ₹6.00 (Rupees Six Only) per Equity share, by Mr. Chirayu Agrawal ('Acquirer 1') and Mr. Sarvesh Agrawal ('Acquirer 2') (hereinafter collectively referred to as 'Acquirers') pursuant to and in compliance with the provisions of Securities and Exchange Board of India (Substantial Acquisition of Shares and Takeovers) Regulation, 2011 as amended ('SEBI (SAST) Regulations') ('Offer').

This Detailed Public Statement (the '**DPS**') is being issued by Bonanza Portfolio Limited (**'BPL'**), the Manager to the Open Offer (**'Manager to the Offer'**), for and on behalf of the Acquirers, in compliance with the provisions of Regulations 3(1) and 4 read with Regulations 13(4), 14(3), and 15(2) of the SEBI (SAST) Regulations, pursuant to the Public Announcement dated Thursday, March 23, 2023, which was filed with SEBI, BSE, and the Target Company at its registered office, in compliance with the provisions of Regulations 3(1) and 4 and other applicable Regulations of the SEBI (SAST) Regulations. The Public Announcement was sent to BSE and the Target Company on Thursday, March 23, 2023 and was submitted to SEBI on Thursday, March 23, 2023, in terms of Regulations 14(1) and 14(2) of the SEBI (SAST) Regulations.

I. DETAILS OF THE ACQUIRERS, PROMOTER SELLERS, TARGET COMPANY, AND OFFER

A. INFORMATION ABOUT THE ACQUIRERS

1. **Mr. Chirayu Agrawal (Acquirer 1)**

1.1 Mr. Chirayu Agrawal, son of Praful Agrawal, aged 29 years, Indian Inhabitant, bearing Permanent Account Number 'BMBPA9659M' under the Income Tax Act, 1961, resident at 15/A, Shiv Shakti Society, Opp Janta Nagar, Vasna Road, Vadodara– 390020, Gujarat, India, bearing Director Identification Number '09146970.

1.2 He has a bachelor's degree in commerce from Maharaja Sayajirao University. He is actively engaged in the Food and Beverage Industry for over 7 years. He is a partner in multiple firms which operates multiple outlets of renowned brands like The Belgian Waffles co. and Baked by Ninis. He is a shareholder and director of Transglobal Trade Integration Private Limited which is the master franchise of La Pinoz Pizza (India's Fastest Growing Pizza Chain) for the state of Gujarat and successfully operating 95 outlets under his supervision. He also holds directorship in Freezing Brilliance Private Limited and Papas Estates Private Limited. He manages sales, marketing, audit and quality assurance of the company. Mr. Chirayu Agrawal also is currently building his own ice-cream and Mexican Brand.

1.3 The Net Worth of Acquirer 1 as on Thursday, March 23, 2023, is ₹3,17,59,368.46/- (Rupees Three Crore Seventeen Lakhs Fifty-Nine Thousand Three Hundred Sixty Eight and Forty Six Paise Only) as certified bearing unique document identification number '23109191BGRISQ5036' on Thursday, March 23, 2023, by Chartered Accountant, Rutvij Vyas bearing membership number '109191', Partner at VCA & Associates, Chartered Accountants bearing firm registration number '114414W' having their office located at 503, Sterling Centre, Besides Centre Point, R.C. Dutt Road, Vadodara- 390007, Gujarat, India with contact details being '+91 98251 24489' and Email Address being 'vca.rutvij@gmail.com'

2. **Mr. Sarvesh Agrawal (Acquirer 2)**

2.1 Mr. Sarvesh Agrawal, son of Mr. Manmohan Agrawal, aged 36 years, Indian Inhabitant, bearing Permanent Account Number 'ASMPA4223B under the Income Tax Act, 1961, resident at A/12, Snow Pearls Society, Near Vasna Jakat Naka, Vasna Road, Racecourse, Vadodara– 390007, Gujarat, India, bearing Director Identification Number '08768623.

2.2 Mr. Sarvesh Agrawal is a Dental surgeon by profession. He is doing Dental practice since last 10 years. He is actively engaged into the business of Trading, Import and Export of Grains & Pulses Products under the name of firm 'Transglobal Trade Integration'. He is also a shareholder and director in Transglobal Trade Integration Private Limited. The Company is engaged in the business of Master Franchisee of La Pinoz Pizza of Gujarat State, Zone-A (Zone A covers major cities like Ahmedabad, Vadodara, Rajkot, Anand, Jamnagar, Bhavnagar, Gandhidham etc). He manages the Financial, Sales and Marketing department of the Company.

2.3 The Net Worth of Acquirer 2 as on Thursday, March 23, 2023, is ₹3,33,48,440.64/- (Rupees Three Crore Thirty Three Lakhs Forty-Eight Thousand Four Hundred Forty and Sixty Four Paise Only) as certified bearing unique document identification number '23109191BGRISP6439' on Thursday, March 23, 2023, by Chartered Accountant, Rutvij Vyas bearing membership number '109191', Partner at VCA & Associates, Chartered Accountants bearing firm registration number '114414W' having their office located at 503,Sterling Centre, Besides Centre Point R.C. Dutt Road, Vadodara- 390007, Gujarat, India with contact details being '+91 98251 24489' and Email Address being 'vca.rutvij@gmail.com'

3. **Acquirers' Confirmation and Undertaking**

The Acquirers have individually confirmed, warranted, and undertaken that:

3.1 They do not belong to any group. The Acquirer 1 and Acquirer 2 are shareholders and Directors in Transglobal Trade Integration Pvt. Ltd.

3.2 They are not forming part of the present promoters and promoter group of the Target Company.

3.3 They are not related to the promoters, directors, or key employees of the Target Company.

3.4 There are no directors representing them on the board of the Target Company.

3.5 Acquirer 1 and Acquirer 2 do not hold any Equity Shares in the Target Company, prior to the execution of the Share Purchase Agreement, and subsequently, pursuant to the consummation of the Share Purchase Agreement transaction, they shall be classified and will become the promoters of the Target Company, subject to the compliance of the SEBI (LODR) Regulations.

3.6 They will not sell the Equity Shares of the Target Company, held, and acquired, if any, during the Offer period in terms of Regulation 25(4) of the SEBI (SAST) Regulations.

3.7 They have not been prohibited by SEBI from dealing in securities, in terms of the provisions of Section 11B of the SEBI Act or under any other Regulation made under the SEBI Act.

3.8 They have not been categorized nor are appearing in the 'Wilful Defaulters or a Fraudulent Borrowers' list issued by any bank, financial institution, or consortium thereof in accordance with the guidelines on wilful defaulters or fraudulent borrowers issued by the Reserve Bank of India.

3.9 They have not been declared as 'Fugitive Economic Offenders' under Section 12 of the Fugitive Economic Offenders Act, 2018.

B. INFORMATION ABOUT THE PROMOTER SELLERS

1. The Promoter Sellers form a part of the promoter and promoter group of the Target Company, and prior to the execution of the Share Purchase Agreement, they collectively hold 44,33,200 (Forty-four Lakhs Thirty Three Thousand and Two Hundred) Equity Shares, representing 27.37% (Twenty Seven Point Thirty Seven Percent) of the Voting Share Capital of the Target Company.

2. Pursuant to the execution of the Share Purchase Agreement, the Acquirers have agreed to purchase the said Sale Shares from the Promoter Sellers.

3. The details of the Promoter Sellers who have entered into the Share Purchase Agreement with the Acquirers, are as follows:

Name and Address of the Promoter Sellers	Nature of Entity	Group	Part of Promoter/ Promoter Group of Target company	Details of Equity Shares/Voting Rights held by the Promoter Sellers			
				Pre-SPA Transaction		Post-SPA Transaction	
				No of Equity Shares	% of equity shareholding	No of Equity Shares	% of equity shareholding
Ajay Anand Pugalia PAN: AFZPP0010R Resident at 68/38 Mayuree Apartment, Moore Avenue, Regent Park, Kolkata-700040, India	Individual	None	Yes	1,600	0.01%	0.00	0.00
Anjan Kumar Sirohia PAN: AJHPS9350F Resident at Neelanchal Apartment, Flat No. 802, 493/B/3 G. T. Road (South), Shibpur, Howrah-711102, India	Individual	None	Yes	1,600	0.01%	0.00	0.00
Maxxon Trading and Finvest Private Limited CIN: U51226WB1991PTC053035 PAN: AABCM7414N Registered Office: 3, Synagogue Street 3rd Floor Kolkata – 700001, West Bengal, India	Corporate	None	Yes	19,80,000	12.22%	0.00	0.00
Oasis Syntex Pvt. Ltd. CIN: U51109WB1993PTC059136 PAN: AAACO2939B Registered Office: 3, Synagogue Street 3rd Floor Kolkata – 700001, West Bengal, India	Corporate	None	Yes	24,50,000	15.12%	0.00	0.00
Total				44,33,200	27.37%	-	-

4. Post completion of the Offer formalities, the Promoter Sellers shall relinquish the control and management over the Target Company in favor of the Acquirers, in accordance and compliance with the provisions of Regulation 31A of SEBI (LODR) Regulations, and shall be declassified from the 'promoter and promoter group' category of the Target Company subject to receipt of necessary approvals required in terms of Regulation 31A(10) of the SEBI (LODR) Regulations and the satisfaction of conditions prescribed therein.

5. The Promoter Sellers have not been prohibited by SEBI from dealing in securities, in terms of directions issued under Section 11B of the SEBI Act or under any other regulation made under the SEBI Act.

C. INFORMATION ABOUT THE TARGET COMPANY

1. The Target Company is a public limited company that was incorporated on September 08, 1980 under the provisions of the Companies Act, 1956, under the name and style of 'J.Taparia Projects Limited'. The CIN of the Target Company is 'L74210WB1980PLC032979', and its registered office is located at 1 Mall Road (Khudiram Bose Sarani), 3rd Floor, Kolkata – 700080, West Bengal, India.

2. During the FY 2017-18, the Company applied to The Calcutta Stock Exchange Ltd. (CSE) for voluntary delisting of equity shares and the same has been delisted from CSE w.e.f. 08-02-2018. The Equity Shares of the Target Company are presently listed only on BSE Limited.

3. The Equity Shares bears ISIN 'INE075K01013, Scrip Code '538539' and Scrip ID 'JTAPARIA'. The Target Company has already established connectivity with the Depositories.

4. The Equity Share capital of the Target Company is as follows:

Sr. No.	Particulars	Number of Equity Shares	Aggregate amount of Equity Shares	Voting Share Capital
1	Authorized Equity Share capital	1,62,00,000 (One Crore Sixty-Two Lakhs)	₹16,20,00,000/- (Rupees Sixteen Crores Twenty Lakhs Only)	100.00% (Hundred Percent)
2	Issued, subscribed, and paid- up Equity Share capital	1,62,00,000 (One Crore Sixty-Two Lakhs)	₹16,20,00,000/- (Rupees Sixteen Crores Twenty Lakhs Only)	100.00% (Hundred Percent)

5. As on the date of this Detailed Public Statement, the Target Company doesn't have:

4.1. Any partly paid-up equity shares;

4.2. Outstanding instruments in warrants, or options or fully or partly convertible debentures/preference shares/ employee stock options, etc., which are convertible into Equity Shares at a later stage;

4.3. Equity Shares which are forfeited or kept in abeyance;

4.4. Equity Shares which are subject to any lock-in obligations;

4.5. Outstanding Equity Shares that have been issued but not listed on any stock exchanges.

6. The Target Company has never been suspended on BSE Limited.

7. Based on the information available from BSE Limited, the Equity Shares of the Target Company are infrequently traded on BSE Limited within the meaning of explanation provided in Regulation 2(j) of the SEBI (SAST) Regulations.

8. The audited financial information for the Financial Years ending March 31, 2022, March 31, 2021, March 31, 2020 and standalone unaudited financials for the period of six month and nine month are as follows:

(Amount in Lakhs except Equity Share data)

Particulars	Unaudited Financial Statements for the nine- month period ending December 31, 2022	Unaudited Financial Statements for the six- month period ending September 30, 2022	Audited Financial Statements for the Financial Year ending March 31'		
			2022	2021	2020
Total Revenue	5.024	5.00	12.02	5.01	10.03
Net Earnings or Profit/(Loss) after tax	(5.702)	(3.929)	(0.55)	(6.98)	(2.47)
Earnings per Share (EPS)	(0.035)	(0.024)	(0.003)	(0.043)	(0.015)
Net Worth	-	4223.16	5,353.89	1,630.05	1681.82

9. The present Board of Directors of the Target Company are as follows:

Sr. No.	Name	Date of Initial Appointment	Director Identification Number	Designation
1.	Sanjit Dhawa	Monday, March 05, 2012	05162937	Managing Director and CEO
2.	Sonal Derasari	Saturday, September 27, 2021	09280967	Executive Director
3.	Surajit Ghosh	Wednesday, August 24, 2016	07516274	Non-Executive - Non-Independent Director
4.	Priyanka Singh	Monday, June 15, 2020	08752330	Non-Executive Independent Director
4.	Shivaginee Jaiswal	Monday, June 15, 2020	08763022	Non-Executive Independent Director
6.	Vaishali Kumari Shaw	Saturday, August 01, 2020	08804508	Non-Executive Independent Director

D. DETAILS OF THE OFFER

1. The Offer is being made by the Acquirers under the provisions of Regulations 3(1) and 4 of the SEBI (SAST) Regulations to acquire up to 48,60,000 (Forty-Eight Lakh Sixty Thousand Three Hundred and Forty) Equity Shares representing 30.00% (Thirty Percent) of the Voting Share Capital, at a price of ₹6.00/- (Rupees Six Only) per Offer Share from the Public Shareholders of the Target Company. Assuming full acceptance, the total consideration payable by the Acquirers under this Offer at the Offer Price aggregates to ₹2,91,60,000/- (Rupees Two Crore Ninety One Lakh Sixty ThousandOnly) payable in cash, in accordance with the provisions of Regulation 9(1)(a) of the SEBI (SAST) Regulations, subject to the terms and conditions set out in the Offer Documents.

2. This Offer is being made under SEBI (SAST) Regulations, to all the Public Shareholders of the Target Company as of Tuesday, May 09, 2023, other than the parties to the Share Purchase Agreement under the provisions of Regulation 7(6) of the SEBI (SAST) Regulations.

3. This Offer is not conditional upon any minimum level of acceptance in terms of Regulation 19(1) of SEBI (SAST) Regulations.

4. This Offer is not a competitive bid in terms of Regulation 20 of SEBI (SAST) Regulations.

5. This Offer is not pursuant to any global acquisition resulting in an indirect acquisition of Equity Shares of the Target Company.

6. There are no conditions as stipulated in the Share Purchase Agreement, the meeting of which would be outside the reasonable control of the Acquirers, and in view of which the Offer might be withdrawn under Regulation 23(1) of the SEBI (SAST) Regulations.

7. The Equity Shares of the Target Company to be acquired by the Acquirers are fully paid-up, free from all liens, charges, and encumbrances, and together with the rights attached thereto, including all rights to dividend, bonus, and rights offer declared thereof.

